# আরবান অ্যাকশন কিট



# আরবান অ্যাকশন কিট

# বিষয়সূচি


আরবান অ্যাকশন কিট 3

ভূমিকা 6

আরবান অ্যাকশন কিট-এ স্বাগত 7

**শহুরে সমস্যার ভূমিকা 9**

10 আমার শহরে জলবায়ুগত-সম্পর্কিত ঝুঁকিগুলি চিহ্নিত করা

11 বিপন্ন সমাজগুলিকে চিহ্নিত করা

12 শহুরে ব্যবস্থাপনার ছক তৈরী করা

14 অংশীদারিত্বের নির্মাণ

15 লুগানভিলে সিটি সিস্টেমস ম্যাপিং, ভ্যানুয়াতু

16 জুইআ মাফুরিকো/রামানি হুরিয়া বন্যা সহনশীলতা প্রকল্প, তাঞ্জানিয়ায় অংশীদারী গড়ে তোলা



**নগর কৃষি 19**

21 গার্ডেন বিঙ্গো

22 গেট ডিগিং

23 আর্বান জেঙ্গা

24 গার্ডেন হান্ট

25 কিবেরার শহুরে বস্তি বাগান

26 আপসাইক্লিং: বর্জ্য থেকে কম্পোস্ট ও তার পরে সামাজিক বাগান



**শহুরে জল, সাফাই (স্যানিটেশন) এবং পরিচ্ছন্নতা 29**

31 স্কুলগুলিতে হাত ধোওয়ার কর্মশালা

32 সাফাই কর্মীদের আচরণগত পরিবর্তন

34 ছাদে বৃষ্টির জল সংগ্রহের ব্যবস্থা

36 ঘরের বর্জ্য পৃথকীকরণের প্রতিযোগিতা

37 SUNYA (দক্ষিণ এশিয়ায় আবর্জনা শূন্য হওয়ার পথে) প্রকল্প, ওয়ার্ড নং 23, কোয়েম্বাটুর, ভারত

38 উয়াগাদুগু, বুরকিনা ফাসোয় সাফাই কর্মীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা বাড়ানো

39 মনিলা, ফিলিপিন্সে টন্ডোর অপরিকল্পিত কলোনিতে WASH অনুশীলনের উন্নয়ন




**প্রকৃতি-ভিত্তিক সমাধান** 41



43 সমাজের সংরক্ষণ কার্যে মানুষকে একজোট করা
44 অপারেশন স্টোনব্রেকার
46 বর্ষাজলের বাগান
48 পাড়ার ওয়াদিসমূহ
50 নীল এবং সবুজ করিডোর
51 কেস স্টাডি অপারেটো স্টীনব্রীক, দ্য নেদারল্যান্ডস
52 মেডেলিন, কলম্বিয়ায় সবুজ করিডর

**বাসযোগ্য শহরসমূহ** 55



57 মোটরগাড়ি-শূন্য দিন
58 শহুরে স্থানে জায়গা নির্ধারণ (প্লেসমেকিং)
60 পাড়ায় উদযাপিত উৎসবসমূহ
62 পথচারী এবং অন্যান্য ব্যবহারকারীদের জন্যে পেইন্টিং লেন
63 আক্রা, ঘানায় মোফেরা প্লেস

**প্রাথমিক সতর্কতা**
**প্রাথমিক পদক্ষেপ** 65



67 কুলিং সেন্টার
68 আবহাওয়া সম্পর্কিত তথ্য বোঝা
70 সামাজিক যোগাযোগের নেটওয়ার্কের নকশা তৈরি অর্থাৎ ম্যাপ করা
72 একটি যোগাযোগ ব্যবস্থার ডিজাইন তৈরী করা
74 দার এস সালাম, তাঞ্জানিয়ায় স্থানীয় স্তরে প্রাসঙ্গিক আবহাওয়ার প্রভাবের বিবৃতি এবং প্রয়োগ যোগ্য পরামর্শের বিকাশ
75 DARAJA [যৌথ প্রয়াসের মাধ্যমে ঝুঁকি সচেতনতার বিকাশ করা (Developing Risk Awareness through Joint Action)], নাইরোবি, কেনিয়া-এ একটা সামাজিক আবহাওয়া সম্প্রচার ব্যবস্থা গড়ে তোলা

**সৃজনশীল যোগাযোগ** 77



77 গ্লোবাল লিঙ্ক
78 শহুরে শিল্প
80 ফ্ল্যাশমব
82 কার্টুন-এ-থন (কার্টুন প্রতিযোগিতা)-র আয়োজন করুন
84 সুকৌশলী শহরীকরণ
85 লুসাকা, জাম্বিয়ায় তাপপ্রবাহে (heatwave) সুকৌশলে পরিকল্পিত শহুরেতন্ত্রবাদ
86 জটিল শহুরে সমস্যা এবং পরিবর্তনের অনুসন্ধান করতে কার্টুন-এ-থন

**স্বীকৃতি** 88

# ভূমিকা



অধিকাংশ মানবজাতি ভবিষ্যতে শহরে বসবাস করবে। 2035 পর্যন্ত প্রায় সাড়ে পাঁচ কোটি মানুষ শহরে বসবাস করবে, এবং প্রায় সমস্ত শহুরে বিকাশ হবে পূর্ব এবং দক্ষিণ এশিয়া এবং আফ্রিকায়। তার ফলে সুযোগ এবং চ্যালেঞ্জ দুই সৃষ্টি হচ্ছে। দ্রুত বিকাশ যদি অপরিকল্পিত হয় তা দুর্যোগ, রোগ, জলবায়ু পরিবর্তন, এবং অন্যান্য বিপদের সংস্রবে আসা মানুষের সংখ্যা বাড়িয়ে দেবে। যেহেতু শহরের গরীব মানুষ নিজেদের সুরক্ষিত রাখার সীমিত সুযোগ সংস্থান নিয়ে বেশি-বিপজ্জনক জায়গায় বসবাস করে তাই তাদের দুর্ভোগ বেশি হবে।

পাশাপাশি, লাতিন আমেরিকা এবং ক্যারিবিয়ান, ইউরোপ এবং উত্তর আমেরিকার – মত অন্যান্য এলাকাগুলিতে ইতিমধ্যে অতিরিক্ত শহরীকরণ হয়ে গিয়েছে – সেখানে বন্যা, খরা এবং অত্যধিক গরমের মত প্রতিনিয়ত দুর্যোগের মত বাস্তবের মোকাবিলা করতে হয়। জলবায়ু পরিবর্তনের কারণে সহনশীলতা বাড়ানোর জন্যে দীর্ঘস্থায়ী উপায় অবলম্বনের প্রয়োজন বেড়ে চলেছে।

শহর সুযোগ, সংস্কৃতি, নব প্রবর্তন এবং সংস্থানের কেন্দ্রবিন্দু। স্থানীয় সরকার, সমাজ, রেড ক্রস রেড ক্রেসেন্ট, বেসরকারি ক্ষেত্র, এবং শিক্ষা জগত সমবেত ভাবে দীর্ঘস্থায়ী, পরিবেশ বান্ধব এবং সর্বব্যাপী শহুরে বিকাশ করতে পারে।

সুশীল সমাজ, বিশেষ করে রেড ক্রস রেড ক্রেসেন্টের শাখাসমূহ এবং শহুরে এলাকায় তাদের স্বেচ্ছাসেবীদের সাহায্য করার অভিপ্রায়ে এই আর্বান অ্যাক্সন কিট তৈরি করা হয়েছে যাতে সহজ, কম-খরচে, নিজে-করা-যায় এমন কাজ কর্মের মাধ্যমে তাদের সমাজে সহনশীলতা গড়ে তোলা যায়। বর্তমান সংস্থান, নেটওয়ার্ক এবং সামাজিক সংগঠনের মাধ্যমে স্বেচ্ছাসেবীরা এইসব কাজে পথপ্রদর্শক হতে পারেন।

এই কিটের সাতটি মডিউলে প্রকৃতি-ভিত্তিক সমাধান, সৃজনশীল উপায়ে যোগাযোগ, শহুরে কৃষি, অগ্রিম সতর্কীকরণ অগ্রিম পদক্ষেপ এবং আরও নানা উপায় জানানো হয়েছে।

শহরীকরণ বিবর্তন ঘটায়। এটা সামাজিক, সাংস্কৃতিক এবং প্রাকৃতিক মূলধন পরস্পর ভাগ করার অনুঘটক। এবং দীর্ঘস্থায়ী শহরীকরণের পথ শুরু হয় সর্বব্যাপী ও আকার বদল করা যায় এমন স্থানীয় পদক্ষেপের মাধ্যমে।

**জগন চাপাগেন,**
সেক্রেটারি জেনরল, ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট সোসাইটিজ

# আর্বান অ্যাক্সন কিট-এ স্বাগত

শহুরে সহনশীলতার ক্রিয়াকলাপের এক দ্রুত শুরু করার, কম-খরচের, নিজে-করা-যায় এমন গাইড এই আর্বান অ্যাক্সন কিট যা শহুরে সমস্যায় সমাজ-ভিত্তিক সংগঠনের দৃষ্টিগোচরতা এবং অংশগ্রহণ বাড়াবে। এই কিটের কাজগুলির জন্য বিশেষ অর্থ সংস্থানের প্রয়োজন নেই বা সামান্যই অর্থ প্রয়োজন, স্বল্পকালীন এবং এতে বর্তমান নেটওয়ার্ক এবং দক্ষতা কাজে লাগানো হয়।

রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট ন্যাশনাল সোসাইটির শাখাসমূহ এবং শহুরে এলাকা স্থিত স্থানীয় সমাজ-ভিত্তিক প্রতিষ্ঠান (CBO) এই গাইডের প্রধান শ্রোতা-দর্শক। ব্যবহারকারী শহরে তার সংগঠনের উপস্থিতি বাড়াতে আগ্রহী এবং এমন কিছু সরল, কম খরচের শহুরে সহনশীলতার কাজের সন্ধান করছে যা তারা তাদের বর্তমান, প্রায়ই সীমিত, সংস্থান দিয়ে সদ্ব্যবহার করতে পারে। আমরা আশা করছি যে তাদের কাছে স্বেচ্ছাসেবী আছে, তাদের শহরের বিষয়ে মৌলিক জ্ঞান আছে এবং সামাজিক অংশগ্রহণের পন্থা, আকস্মিক দুর্যোগে ব্যবস্থাপনা, প্রাথমিক চিকিৎসা এবং সামাজিক স্বাস্থ্যের মত প্রধান বিষয়গুলির ব্যাপারে জানে।

এই কিটে শহরের বিষয়গুলির সঙ্গে পরিচিতির পর এই সব বিষয়ে ক্রমানুসারে ছয়টি মডিউল জানানো হয়েছে: সৃজনশীল উপায়ে যোগাযোগ, প্রকৃতি-ভিত্তিক সমাধান অর্থাৎ নেচার বেসড সলিউসন্স, জল পরিচ্ছন্নতা এবং সুস্বাস্থ্যবিধি অর্থাৎ ওয়াটার স্যানিটেশন অ্যান্ড হাইজিন (WASH), শহুরে কৃষি, স্বাস্থ্য এবং সুস্থতা, অগ্রিম সতর্কীকরণ অগ্রিম পদক্ষেপ এবং বাসযোগ্য শহর। প্রতিটি মডিউলে মূল ধারণার সংক্ষিপ্ত বর্ণন, কয়েকটা ধারাবাহিক কাজ, সংক্ষেপে কেস স্টাডি এবং একটি করে আন্তর্জাতিক লিঙ্ক আছে। কার্যকলাপগুলি মিলিতভাবে বা পৃথকভাবে রূপায়িত করা যায়।

ন্যাশনাল সোসাইটির শাখা এবং CBO বর্তমান সংস্থান এবং ক্ষমতা সদ্ব্যবহার করে যে শহুরে সহনশীলতার কাজ করে চলেছে তার পরিধি বাড়ানো এই কিটের উদ্দেশ্য। তাছাড়া এটা শহরের অন্যান্য কার্য কর্তা ও সংগঠনের সঙ্গে অংশীদারি গড়ে তোলার ভিত স্বরূপ হতে পারে এবং কয়েকটা কেসে শহুরে সহনশীলতার প্রকল্পগুলিতে ভবিষ্যত অর্থসংস্থানের বনিয়াদ তৈরি করে দিতে পারে।


রুটির দোকান

# শহুরে সমস্যার ভূমিকা

**ঘন বসতি এবং তার মধ্যে বেশ কিছু জটিল এবং পরস্পর যুক্ত ব্যবস্থা থাকার ফলে শহুরে স্থানগুলি অনবদ্য। সুতরাং শহুরে ব্যবস্থা এবং তা যে ভাবে কাজ করে সেসব বুঝে নেওয়া প্রয়োজন।**

গত 40 বছরে শহরে –কম পক্ষে 50,000 বাসিন্দা নিয়ে ঘন বসতির জায়গায়- বসবাসকারী জনসংখ্যা দ্বিগুণের বেশি হয়েছে, 2015 সালে সেই সংখ্যা 350 কোটি হয়েছে। শহরতলি এবং প্রায়-ঘন বসতির এলাকায় বসবাসকারী আরও 210 কোটি মানুষ নিয়ে, 2050 পর্যন্ত বিশ্বের শহুরে জন সংখ্যা প্রায় 560 কোটি (62 শতাংশ) হয়ে যাবে। জাতি সঙ্ঘের অনুমান এশিয়া এবং আফ্রিকার বিকাশশীল দেশগুলির শহুরে জন সংখ্যা বৃদ্ধির 90 শতাংশ ঘটবে ছোট ও মাঝারি আকারের শহরগুলিতে। অনেকের মনে হয় শহর সুযোগের কেন্দ্রবিন্দু এবং বিকাশের পরিচালক, তাই বিপদাশঙ্কা সত্বেও তারা সেখানে বসবাস করতে চলে যায়।

শহরের দ্রুত ও পরিকল্পনাবিহীন বৃদ্ধির ফলে আরো বেশি সংখ্যায় মানুষ জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক দুর্যোগের প্রতিকূল প্রভাবের সংস্রবে এসে পড়ে। পৃথিবীর বেশ কয়েকটি বড় শহর ব-দ্বীপ অঞ্চল স্থিত এবং দুর্ভেদ্য ভূতলের ব্যাপক ব্যবহার, মাত্রাধিক ভূগর্ভস্থ জল নিষ্কাশন এবং প্রাকৃতিক পরিবেশ ধ্বংস করার ফলে বন্যা এবং অন্যান্য বিপদ সঙ্কুল হয়ে উঠেছে। অনুমান করা হচ্ছে আগামী কয়েক দশকে অতিবৃষ্টি, অতিরিক্ত ঝঞ্ঝা বাত, বন্যা, তাপপ্রবাহ (heatwave) এবং শহরের কিছু কিছু স্থানে উত্তাপবৃদ্ধি জনিত প্রভাবের মত জলবায়ু পরিবর্তনের প্রভাব ক্রমশ বাড়বে। দীর্ঘ-মেয়াদী প্রভাবসমূহ, যেমন সমুদ্র স্তরের উচ্চতা বৃদ্ধিরও পূর্বাভাস করা হয়েছে।

এই মডিউলে আমরা শিখব, শহরে কিভাবে জলবায়ু-সংক্রান্ত বিপদাশঙ্কা চেনা যায় এবং শহরের ব্যবস্থার নকশা তৈরি করা যায়। জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য আঘাত কিভাবে শহুরে ব্যবস্থার সহনশীলতা এবং তার উপর নির্ভরশীল সমাজে প্রভাব ফেলে তা সনাক্ত করায় সাহায্য করার জন্য এটা গড়ে তোলা হয়েছে।

## গ্লোবাল লিঙ্ক

বিশ্ব জুড়ে শহর সরকার/পৌরসভাগুলি উদ্যোগ নিচ্ছে এবং বহুমাত্রিক-শহর ভিত্তিক নেটওয়ার্ক হিসেবে যৌথভাবে কাজ করছে – যেমন দীর্ঘস্থায়ীতা রক্ষার জন্যে C40 শহর এবং স্থানীয় শাসন ব্যবস্থা (লোকাল গভর্নমেন্টস ফর সাসটেনেবিলিটি) (ICLEI) – কার্বন শূন্য, দীর্ঘস্থায়ী শহর গড়ে তুলতে যৌথভাবে কাজ করছে। ন্যাশনাল সোসাইটিজ আনুষঙ্গিক ভূমিকা নিতে পারে এবং স্থানীয় সরকারের সঙ্গে কাজ করে জলবায়ু পরিবর্তনের সমাজ-ভিত্তিক সমাধান খুঁজে সেসব কার্যত প্রয়োগ করে শহর-স্তরের কর্মপ্রচেষ্টায় যোগদান করতে পারে।



# আমার শহরে জলবায়ুগত-সম্পর্কিত ঝুঁকিগুলি চিহ্নিত করা

আপনার শহরের জলবায়ু-সম্পর্কিত বিপদাশঙ্কাগুলি সামলানোর জন্যে সবার আগে সেসব বোঝা দরকার। এই কাজের উদ্দেশ্য হল কর্মচারী এবং স্বেচ্ছাসেবীদের (শহরের আকার অনুসারে) তাদের শহর/জেলা বা পাড়ায় জলবায়ু-সম্পর্কিত বিপদাশঙ্কা এবং সামাজিক সহনশীলতায় বাধা বিপত্তি সনাক্ত করায় উৎসাহিত করা।

## ধাপ

1. 4–6 জনকে নিয়ে একটি দল তৈরী করুন এবং একেকটি দলকে শহরের একটি মুদ্রিত মানচিত্র দিন। প্রত্যেক অংশগ্রহণকারীকে 10–15টি স্টিকি নোট দিন।

2. শহরের বিভিন্ন প্রান্তে সমাজগুলি যে ঝুঁকির সম্মুখীন হয় সে বিষয়ে প্রতিটি দলকে আলোচনা করে স্টিকি নোটে তা লিখে নিতে বলুন। তারপরে নিচে যেমন দেখানো হয়েছে সেইমত শহরের মানচিত্রে স্টিকি নোট এঁটে দিন (15 মিনিট)। সারা শহর জুড়ে একইরকমের কোন ঝুঁকিটি মানুষের ওপর প্রভাব ফেলছে সেটি লক্ষ্য করুন – এটি একটি শহর স্তরের হুমকি।

3. প্রতিটি দলকে জলবায়ু পরিবর্তন সম্পর্কিত তিনটে প্রধান বিপদাশঙ্কা খুঁজে বার করতে বলুন; এইগুলি বিশেষ করে শহর-স্তরের আশঙ্কা না কি ভৌগোলিক অবস্থানবিশেষের বিপদাশঙ্কা তা আলোচনা করতে বলুন; এবং সেসব নিজেদের স্টিকি নোটে রেকর্ড করতে বলুন। জলবায়ু সংক্রান্ত বিপদে শহরের পারিপার্শ্বিক ভূচিত্রের (যেমন ব-দ্বীপ, পার্বত্য জলাশয়, প্লাবনভূমি, নদী অববাহিকা ইত্যাদি) বিষয়ে চিন্তা করে নিলে সুবিধা হবে। (15 মিনিট)।

4. যে বিপদাশঙ্কাগুলি চিহ্নিত করা হয়েছে সেসব দলগুলিকে একটা মানচিত্রে এক সঙ্গে দেখাতে বলুন। ক্রম পর্যায়ে (যেমন পরিবার, পাড়া, সমাজ ইত্যাদি) অনুসারে বিপদাশঙ্কাগুলি একত্র করার বিষয়ে বিবেচনা করে নিন।

5. যেসব অঞ্চলে ঝুঁকিগুলি কেন্দ্রীভূত রয়েছে সেগুলিকে চক্রাকারে চিহ্নিত করুন এবং ঝুঁকিগুলি পারস্পরিক সম্পর্কযুক্ত কিনা এবং কেন, সে বিষয়ে অংশগ্রহণকারীদের ভাবনাচিন্তা করতে বলুন। (5 মিনিট)।

6. এই কাজটির ফলাফলগুলি একটি 1–2 পৃষ্ঠার প্রতিবেদনে বিবৃত করুন যা কিনা আরো বিস্তারিত কোন জলবায়ুগত ঝুঁকি বিশ্লেষণের সূচনা বিন্দু হতে পারে যেটির উদ্দেশ্য পরিবর্তনশীল জলবায়ুতে শহরে সমাজের স্থিতিস্থাপকতার উন্নতিকরণ।

**সময়**
- 40 মিনিট।

**অসুবিধা**
- কম।

**সংস্থান**
- শহরের মানচিত্র।
- স্টিকি নোট
- নানা রঙের মার্কার

**অংশগ্রহণকারী**
- কর্মচারী এবং স্বেচ্ছাসেবী যারা শহরে বসবাস করছেন।

**অংশগ্রহণকারী সংখ্যা**
- অন্তত ৪ জন।



# বিপন্ন সমাজগুলিকে চিহ্নিত করা

আপনার শহরকে এবং বিপদে যেসব শহরবাসীর সবচেয়ে বেশি সাহায্য প্রয়োজন তাদের বোঝার জন্য অসহায় সমাজগোষ্ঠীগুলিকে সনাক্ত করা বিশেষ জরুরী।

বিভিন্ন ধরণের আঘাতে শহরের যেসব সমাজগোষ্ঠীর সবচেয়ে বেশি অসহায় বিপদগ্রস্ত হওয়ার সম্ভাবনা এই কাজের সাহায্যে সেইগুলিকে সনাক্ত করা যাবে। এই কাজে অনুরূপ দলে (যেসব দলের লোকেদের আগ্রহের বিষয়/অভিজ্ঞতায় মিল আছে) ফোকাস করা হয়; যেমন শিক্ষক শিক্ষিকা, ট্রেন ড্রাইভার, প্রতিবন্ধী মানুষ, যারা অপরিকল্পিত কলোনিতে বাস করে, যারা গাড়িতে কর্মস্থলে যাতায়াত করে ইত্যাদি। আনুষ্ঠানিক বা বিধিবর্জিত, একজন মানুষ একাধিক অনুরূপ দলে থাকতে পারে। একজন ব্যক্তি একাধিক সমধর্মী গোষ্ঠীর অর্ন্তভুক্ত হতে পারেন, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে।

**সময়**
- 50 মিনিট।

**অসুবিধা**
- কম।

**সংস্থান**
- কাগজ, পেন

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী এবং কর্মীদল।

**অংশগ্রহণকারী সংখ্যা**
- অন্তত 6 জন।

## ধাপ

**1.** ধারণাগঠণের জন্যে একটি দল নির্মাণ করুন। এটি আপনার প্রকল্প (প্রোজেক্ট) দল, গুরুত্বপূর্ণ শরিকদের প্রতিনিধি বা কোন সমাজ কেন্দ্রিক দল হতে পারে।

**2.** আপনার শহরে যে কটি অনুরূপ দলের বিষয়ে চিন্তা করতে পারেন তাদের একটি করে তালিকা প্রত্যেককে তৈরি করতে বলুন। সহায়তা করতে যেমন মানুষের পেশা, দৈনন্দিন কাজকর্ম, গতিবিধি এবং আগ্রহের বিষয়গুলি নিয়ে চিন্তাভাবনা করুন।

**3.** অংশগ্রহণকারীদের তৈরি করা তিন জনের এক একটি দলের অনুরূপ দল পরস্পর ভাগ ও একত্র করে নিতে বলুন। কোনও অনুরূপ দল, বিশেষ করে যাদের জলবায়ু জনিত আঘাতে বিপদ গ্রস্ত হওয়ার আশঙ্কা খুব বেশি তাদের মধ্যে কেউ বাদ পড়েছে কিনা তা দলগুলিকে বিবেচনা করে দেখতে বলুন।

**4.** বিপদ বিশেষে যেমন বন্যা বা অতিরিক্ত তাপমানে এই প্রতিটি অনুরূপ দলের বিপন্ন হওয়ার আশঙ্কা 'খুব বেশি', 'মাঝারি' বা 'কম' কিনা তা দলগুলিকে মূল্যায়ন করতে বলুন।

**5.** বিভিন্ন সমধর্মী গোষ্ঠীকে কিভাবে তারা শ্রেণীবিভক্ত করেছেন সে ব্যাপারে দলগুলিকে সামগ্রিকভাবে আলোচনা করতে বলুন। এই বিষয়গুলি নিয়ে আলোচনা করুন:

**a.** দলগুলির মধ্যে পার্থক্য

**b.** যে সমধর্মী গোষ্ঠীগুলির উল্লেখ একবার মাত্র করা হয়েছে।

**6.** সামগ্রিকভাবে সিদ্ধান্ত নিন কোন সমধর্মী গোষ্ঠীগুলি সবচেয়ে বেশি বিপন্ন এবং তাই প্রস্তুতিমূলক পদক্ষেপগ্রহণের জন্যে সর্বাধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন।



# শহুরে ব্যবস্থাপনার ছক তৈরী করা

শহরে বাজার হাট, সামাজিক নেটওয়ার্ক এবং বাড়ি ঘর, বিল্ডিং, রাস্তাঘাট এবং অন্যান্য পরিকাঠামো সমেত নির্মিত ব্যবস্থা সহ অত্যন্ত জটিল ব্যবস্থা থাকে।

শহরের সমস্ত ব্যবস্থার সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত থাকে শহুরে পরিকাঠামো। পরিকাঠামো ব্যর্থ হলে, ব্যবসা, স্থানীয় বাজারহাট এবং পরিষেবাসমুহ যেমন পরিবহন, বিদ্যুৎ ব্যবস্থা এবং শিক্ষা ক্ষতিগ্রস্ত হয়।

শহুরে পরিকাঠামো এবং ব্যবস্থার নকশা কিভাবে তৈরি করা যায় তা আমরা এই কাজ শিখব। জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য আঘাত কিভাবে এইসব ব্যবস্থার সহনশীলতা ও এর উপর নির্ভরশীল সমাজ সম্প্রদায়ে প্রভাব ফেলে আমরা তাও আলোচনা করব। এছাড়া, যেসব কাজ জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য আঘাতের বিরুদ্ধে শহুরে পরিকাঠামো ও ব্যবস্থার সহনশীলতা বাড়াতে পারে সেসবের পরিকল্পনা করতে আপনারা কিভাবে এই বিশ্লেষণ কাজে লাগাতে পারেন আমরা তাও বিচার বিবেচনা করে দেখব।

## ধাপ

1. 4–6 জনের একটি দল নির্মাণ করুন। একেকটি দল হয় শহরের মানচিত্র তৈরী করবে বা বিদ্যমান কোন মানচিত্র নিয়ে কাজ করবে।

2. প্রতিটি দলকে তাদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত পরিষেবা যেমন বিদ্যুত/গ্যাস, জল, জন পরিবহন, স্বাস্থ্য সেবা, শিক্ষা ইত্যাদি চিহ্নিত করতে বলুন এবং সেসব মানচিত্রে যোগ করুন। এই প্রতিটি পরিষেবার সঙ্গে শহরের ব্যবস্থার সম্পর্কসূত্র ভেবে দেখুন; যেমন, বিদ্যুত/গ্যাস এবং জল জনসুবিধা ব্যবস্থার অংশ; ট্রেন ও বাস পরিবহন ব্যবস্থার অংশ।

3. অংশগ্রহণকারীদের বলুন নকশার মধ্যে প্রতিটি ব্যবস্থপনাকে ভিন্ন ভিন্ন রঙে আঁকতে।

4. অংশগ্রহণকারীদের নিয়ে একটা বড় দল গড়ে আলোচনা করুন:
   - **a.** একেকটি দলের নকশার মধ্যে কি কি মিল এবং অমিল রয়েছে?
   - **b.** বিভিন্ন ব্যবস্থা কিভাবে পরস্পর যুক্ত আছে?
   - **c.** তারা কি ভুল করে কোনও পরিষেবা বাদ দিয়েছে (যেমন বন্দর, বিমানবন্দর, রাস্তার নেটওয়ার্ক, ব্রিজ, খাদ্য সরবরাহ শৃঙ্খল, সার্বজনীন ওয়াইফাই এবং ব্যাঙ্ক এ সবই গণ্য হবে)?

**সময়**
- 40 মিনিট।

**অসুবিধা**
- কম।

**সংস্থান**
- বড় বড় কাগজের টুকরো
- বিভিন্ন রঙের মার্কার

**অংশগ্রহণকারী**
- কর্মচারী এবং স্বেচ্ছাসেবী।

**অংশগ্রহণকারী সংখ্যা**
- অন্তত 6 জন।

**5.** ঐ একই ছোট দল বেঁধে কাজ করুন ও অংশগ্রহণকারীদের বিগত আঘাত (যেমন নাগরিক বিশৃঙ্খলা বা ভূমিকম্প) বা জলবায়ু পরিবর্তন সম্পর্কিত ঘটনার বর্ণনা দিতে বলুন যার ফলে শহুরে ব্যবস্থা বিকল হয়ে পড়েছিল।

**6.** যেসব পদক্ষেপ নিলে পরিকাঠামো এবং পরিষেবায় আঘাত এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত ঘটনার প্রভাব কম করা যাবে সেসব নিয়ে দলগুলিকে আলোচনা করতে বলুন, যেমন:

**a.** বিশেষ করে অপরিকল্পিত কলোনিতে, স্থানীয় পরিচ্ছন্নতা এবং জলের ব্যবস্থা করা

**b.** সবুজাঞ্চল প্রসারিত/পুনরুদ্ধার করতে পুণঃসবুজায়ন প্রকল্পগুলি রূপায়িত করা

**c.** স্থানীয় পরিবেশ সংক্রান্ত সচেতনতা/পরিষ্করণের কাজের ব্যবস্থা করা।

# অংশীদারিত্ব নির্মাণ



যেসব মানুষ এবং প্রতিষ্ঠানের কাছে একে অপরের পরিপূরক দক্ষতা ও সংস্থান আছে তাদের কাছ থেকে দ্রব্য সংস্থানের সাহায্য নিয়ে কর্মপ্রচেষ্টার প্রভাব বিস্তার করার একটি উৎকৃষ্ট উপায় হল অংশীদারিত্ব গঠন।

ভবিষ্যত পরিকল্পনা স্থির করা এবং আপনার কর্মপ্রচেষ্টার সম্ভাব্য অংশীদার খুঁজে বার করার জন্য এই কাজটি করে দেখুন। এর সাহায্যে আপনি নিয়োগ প্রক্রিয়াও শুরু করতে পারবেন।

## ধাপ

1. উদ্যোগটিকে চিহ্নিত করা। কোন লক্ষ্য মাথায় রেখে এটি করা হচ্ছে তার একটি সংক্ষিপ্ত দৃষ্টিকোণের খসড়া তৈরী করুন। ভাবনাটিকে বড় রাখুন – নির্দিষ্ট, সাহসী এবং বাস্তব দৃষ্টিকোণগুলি সবচেয়ে বেশি প্রেরণাদায়ক হয়।

2. আপনার লক্ষ্যপূরণের জন্যে প্রয়োজনীয় যাবতীয় সম্পদগুলি চিহ্নিত করুন। সুস্পষ্ট শব্দের মাধ্যমে ওগুলিকে তালিকাভুক্ত করুন ধনসম্পদের নয় বরং দক্ষতা,মানুষের সময়, পণ্য,গণমাধ্যমের সম্প্রচার ইত্যাদির প্রসঙ্গে।

3. এই অংশীদারিত্বে আপনি কোন সম্পদগুলি দিতে পারবেন সেগুলি চিহ্নিত করুন। কৌশল নির্ধারণ করুন – আপনার সবচেয়ে বেশি বর্ধিত মূল্যের ওপর জোর দিন।

4. শুরু করার জন্যে সর্বাধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন সম্পদ, যা আপনার অংশীদারদের কাছ থেকে প্রয়োজন, সেগুলি চিহ্নিত করুন। সৃজনশীল উপায়ে চিন্তা করুন- আপনি এর আগে যেসব অংশীদারের সঙ্গে কখনও কাজ করেননি তারা হয়ত আপনার কর্মপ্রচেষ্টায় সবচেয়ে গুরুত্বপূর্ণ অথচ অনুপস্থিত সংস্থান দিতে পারবেন।

5. আপনার উদ্যোগটিতে সম্ভাবনাময় অংশীদারেরা কেন আগ্রহী হতে পারেন তা চিহ্নিত করুন। এটি আপনার লক্ষ্যের সঙ্গে প্রত্যক্ষভাবে সংযুক্ত থাকতে পারে বা অপ্রত্যক্ষ ভাবেও। প্রতিটি সম্ভাব্য অংশীদারের কাছে বিশ্বাসযোগ্য আবেদন করতে এটা ব্যবহার করুন।

6. যাদের যোগ দেওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি তাদের দিয়ে শুরু করে, প্রতিটি সম্ভাব্য অংশীদারের সঙ্গে আলাদাভাবে দেখা করুন। আপনার ভবিষ্যত পরিকল্পনা ভাগ করে নিন; তারা কেন গুরুত্বপূর্ণ সম্ভাব্য অংশীদার; তাদের লক্ষ্য সাধনে এই কর্মপ্রচেষ্টা কিভাবে সহায়ক হবে; আপনি তাদের কাছ থেকে যে অনবদ্য যোগদানের আশা রাখেন এবং আপনার নিজস্ব সংস্থান সমেত যেসব অংশীদার ও সংস্থান ইতিমধ্যে প্রতিশ্রুতি দিয়েছে।

7. শুরু করুন। আলাপ পরিচয়ের জন্য প্রতিশ্রুতিবদ্ধ অংশীদারদের একত্র করুন; অংশীদারিতে কাজ করার পরিলেখ জানান; যোগাযোগ রাখা এবং সিদ্ধান্ত নেওয়ার পদ্ধতি এবং সে সবের পুনরাবৃত্তিতে সর্বসম্মতি নিয়ে নিন; কর্মপ্রচেষ্টায় একে অপরের ভূমিকা যাতে সবাই ভালোমত বুঝে নিতে পারে তা নিশ্চিত করুন; কর্মপ্রচেষ্টার বিবরণ ও প্রথম পদক্ষেপ নিশ্চিত করতে অংশীদারদের আমন্ত্রণ জানান। সারা শহর জুড়ে আপনার কর্মপ্রচেষ্টার বিস্তার করতে আপনার নতুন দল আরও যেসব অংশীদারদের নিয়ে আসতে পারে তাদের সনাক্ত করার জন্যেও আপনি এই সময়টা কাজে লাগাতে পারেন।

**সময়**
- প্রারম্ভিক মিটিং-এর জন্য 60 মিনিট।

**অসুবিধা**
- মাঝারি।

**সংস্থান**
- কাগজ এবং পেন

**অংশগ্রহণকারী**
- মূল দল।

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 1-6 জন।

## কেস স্টাডি




# লুগানভিল সিটি সিস্টেমস ম্যাপিং, ভ্যানুয়াতু

ভ্যানুয়াতু রেড ক্রস সোসাইটি (VRCS) রাজধানী লুগানভিলে শহরব্যাপী ঝুঁকি মূল্যায়ন এবং কর্ম পরিকল্পনা তৈরি করেছিল। পৌরসভা, স্থানীয় সরকারি সংস্থা, সুশীল সমাজের সংগঠন এবং স্থানীয়/জাতীয় ব্যবসা প্রতিষ্ঠান সমেত নানা ধরণের ভাগীদার অংশ নিয়েছিল। সিস্টেম ম্যাপিং-এ সাহায্য করেছিল গৌণ ডেটা বিশ্লেষণ যা শহুরে বিপদাশঙ্কা সম্বন্ধে ভাগীদারদের সচেতনতা বাড়িয়েছিল এবং শহুরে সমস্যার সমাধানে জড়িত হওয়ার ব্যাপারে শাখার বিশ্বাস সুদৃঢ় করেছিল।

শহরব্যাপী মূল্যায়নের সাহায্যে VRCS এইগুলি করতে পেরেছিল:

- শহুরে বিপদাশঙ্কার বিষয়ে স্থানীয় সরকার, সরকারি সংস্থা এবং অ-সরকারি সংগঠনগুলির সচেতনতা বেড়েছিল এবং ব্যবস্থার পরিপ্রেক্ষিতে শহর বিশ্লেষণ করতে পেরেছিল।
- স্থানীয় শাখা এবং জাতীয় স্তরে VRCS-এর ক্ষমতা বেড়েছিল, তাতে বাইরের অংশীদারদের সঙ্গে জড়িত হওয়ার দক্ষতা ও আত্মবিশ্বাস বেড়েছিল; আরও দৃষ্টিগোচর হয়েছিল; এবং মজবুত ও সুশিক্ষিত স্বেচ্ছাসেবী দল তৈরি হয়েছিল।
- ঝুঁকি মূল্যায়নের টুলকিটের প্রতিলিপি তৈরি করা হয়েছিল, আরও নানা সংগঠন পরিকল্পনায় সাহায্যের জন্য এর কিছু অংশ ব্যবহার ও মানানসই করে নিয়েছে।
- আকস্মিক দুর্যোগে সাড়া দিতে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিজার অর্থাৎ কাজের নির্দিষ্ট প্রণালী গঠনে স্থানীয় সরকারকে সাহায্য করেছিল।
- বিপদাশঙ্কা কম করেছে – যেমন আকস্মিক দুর্যোগের প্রস্তুতি পরিকল্পনায় পদক্ষেপ নেওয়া, নালি পরিষ্কার করা।

**লুগানভিলে জল ও পরিচ্ছন্নতায় উন্নয়ন করার উদ্দেশ্যে বসানো জলের ট্যাঙ্কের পাশে ভানুয়াতু রেড ক্রস স্বেচ্ছাসেবী।**
আমেরিকান রেড ক্রস

## কেস স্টাডি



**26 অক্টোবর 2017-এ জাংওয়ানি ব্রিজে বন্যা**
দুইদি ফুফুজি—ওয়ার্ল্ড ব্যাঙ্ক

# জুইআ মাফুরিকো/রামানি হুরিয়া বন্যা সহনশীলতা প্রকল্প, তাঞ্জানিয়ায় অংশীদারী গড়ে তোলা

দার এস সলাম নিয়মিত বন্যা প্রবণ এলাকা এবং গত 10 বছরে বিভিন্ন সর্বনাশা বন্যার প্রকোপে পড়েছে। এই প্রকল্প স্থানীয় বিপর্যয়ে প্রস্তুতি ও প্রতিক্রিয়া দল অর্থাৎ ডিসাস্টার প্রিপেয়র্ডনেস অ্যান্ড রেসপন্স টীম গড়েছে যারা পৌর কর্তৃপক্ষের সহযোগিতায় বন্যা রোধক পদক্ষেপ নেওয়ায় নেতৃত্ব করেছে। তার জন্য, প্রাতিষ্ঠানিক ও সমাজ স্তরে অংশীদারীর প্রয়োজন ছিল, যা এই কেস স্টাডির প্রধান বিষয়। এই প্রকল্পে রেড ক্রস, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, বিশ্ববিদ্যালয়, আবহাওয়া পরিষেবা অর্থাৎ মেটেওরলজিকাল সার্ভিস, দার এস সলাম শহর এবং অন্যান্য সমেত 10টা বেশি প্রাতিষ্ঠানিক অংশীদারদের সহযোগিতা ছিল। প্রতিটি অংশীদারের অনুপম ভূমিকা ছিল যা প্রকল্প কার্যত প্রয়োগের জন্য জরুরী ছিল।

আরও জরুরী, এই প্রকল্প নানা ভাবে সমাজের সহযোগী হয়েছে যাতে সমাজ নিজেদের মত করে প্রকল্পটিকে স্বীকার করে নেয়। এই প্রকল্প বন্যা প্রকোপে প্রভাবিত সমাজের সচেতনতা বাড়িয়েছে এবং স্থানীয় শিক্ষার্থীদের স্ব স্ব সমাজ ম্যাপ করায় নিয়োগ করেছিল। বন্যা প্রস্তুতি জানাতে সাহায্য করতে ডেটা সংগ্রহের টুল কিভাবে ব্যবহার করা যায় এবং ওপন স্ট্রিট ম্যাপে সেই ডেটা ফীড করা যায় তা এই প্রকল্প শিক্ষার্থীদের শিখিয়েছে। এই প্রক্রিয়া করে, তারা আরও বাস্তবভিত্তিক সমাধান দিয়েছিল যা সমাজ স্বীকার করে নিয়েছে।



# নগর কৃষি

**এই মডিউল শহুরে বাগানের মাধ্যমে কৃষি ও প্রকৃতি-ভিত্তিক সমাধানের সরল ও প্রয়োগসাধ্য উপায় জানিয়েছে, যা ঘন ও অপরিবর্তনীয় শহুরে এলাকাগুলিকে বহু-ব্যবহারযোগ্য সবুজ এলাকায় রূপান্তরিত করে।**

শহুরে বাগানগুলি প্রকৃতিগত, সামাজিক এবং আর্থিক দিক থেকে উপকারী। এটা স্কুলে পরিবেশ, জলবায়ু, কৃষি, খাদ্য এবং খাদ্য পুষ্টির বিষয়ে শেখায় উৎসাহবর্ধন করে। পাড়ার মধ্যে এগুলি থাকার দরুন মানুষ স্থানীয়ভাবে উৎপন্ন এবং সাশ্রয়কর ফল ও সবজি পেতে পারেন, এবং কম্পোস্টিং এর বর্জ্য কমে। পার্ক এবং অন্যান্য সার্বজনীন সবুজ ক্ষেত্রগুলিতে স্বাস্থ্য এবং সমৃদ্ধি বৃদ্ধিতে, এগুলি বিনোদন এবং সামাজিকীকরণের স্থান হিসেবে কাজ করে; তাছাড়াও এগুলি সমাজের মধ্যে নাগরিক মেলবন্ধন এবং সামাজিক সংহতিও দৃঢ় করে।

বাগান শহুরে এলাকাগুলির রূপ বদলে করতে পারে এবং বাতাস ও মাটির গুণগত মানে এবং শহরের স্বল্প পরিসরের জলবায়ু উন্নয়নে সাহায্য করে। এইগুলি জলের অপচয় নিয়ন্ত্রণে সাহায্য করে এবং শীতল স্থানের মত কাজ করে এবং গরম থেকে রেহাই পেতে লোকজন ও বন্যজীব এখানে আসতে পারে। এইগুলি শহুরে স্থানগুলিকে ধূসর থেকে শ্যামল করার সৃজনশীল উপায় দেয় (যেমন ছাদে বা লম্বালম্বি বাগান); এবং পরিত্যক্ত বা খালি জায়গা সদ্ব্যবহারের বিকল্প দেয়। সঠিক যত্ন ও মনোযোগ পেলে এই শহুরে বাগান বহু ব্যবহারযোগ্য এবং দীর্ঘস্থায়ী হতে পারে। সহজ শহুরে বাগানের কাজে যে কেউ হাত লাগাতে পারে।

স্থানীয় প্রসঙ্গ এবং উপস্থিত সংস্থান অনুসারে, এই মডিউলে এমন কিছু কর্মকৌশল ও কাজ আছে যা বিভিন্ন ধরণের শহুরে বাগানের বিষয়ে সচেতনতা বাড়ায় ও সেসবের বিকাশে সাহায্য করে।

# গ্লোবাল লিঙ্ক

শহুরে বাগান স্বেচ্ছায় সেবা এবং সহযোগিতামূলক কাজে উৎসাহবর্ধন করে, এবং পরিবেশগত, সামাজিক এবং অর্থনৈতিক সুবিধা দেয়।

দীর্ঘস্থায়ী বিকাশ (সাসটেনেবল ডেভেলপমেন্ট) লক্ষ্য 2 এর সঙ্গে সামঞ্জস্য রেখে বাড়িতে এবং স্কুলে পুষ্টিকর খাদ্যের লভ্যতা বৃদ্ধির মাধ্যমে এগুলি খাদ্য নিরাপত্তা উন্নতিকরণের একটি সদুপায়: 'ক্ষুধা নিবৃত্তি, খাদ্য নিরাপত্তা দেওয়া এবং খাদ্যপুষ্টি বাড়ানো ও দীর্ঘস্থায়ী কৃষিকাজে উৎসাহবর্ধন করা'; এবং বিশেষত, লক্ষ্য 2.1: '2030 পর্যন্ত, ক্ষুধা নিবৃত্তি এবং সকলের জন্য বিশেষত দরিদ্র এবং নবজাতক সমেত যারা বিপদগ্রস্ত পরিস্থিতিতে আছে তাদের জন্য সারা বছর নিরাপদ, পুষ্টিবর্ধক এবং পর্যাপ্ত খাদ্যের সুরাহা নিশ্চিত করা'।

শহুরে বাগান মানুষকে প্রকৃতির কাছে টেনে আনে এবং যা দীর্ঘস্থায়ী বিকাশের লক্ষ্য অর্থাৎ সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোলে 13 অনুসারে প্রকৃতি-ভিত্তিক সমাধান দেয়: 'জলবায়ু পরিবর্তন এবং তার প্রভাবের মোকাবিলা করার জন্য অবিলম্বে পদক্ষেপ নেওয়া'; এবং বিশেষত, লক্ষ্য 13.1 'সব দেশে প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু সম্পর্কিত বিপদাশঙ্কার বিরুদ্ধে সহনশীলতা এবং অভিযোজন ক্ষমতা সুদৃঢ় করা'।




# গার্ডেন বিঙ্গো

ছোটদের এবং তরুণদের ভালো খাদ্যাভ্যাস এবং স্বাস্থ্যকর বিকল্প বেছে নেওয়ায় উৎসাহবর্ধন করার পাশাপাশি তাদের কৃষি ও খাদ্য ব্যবস্থার বিষয়ে শেখানোর জন্যে এই গেম তৈরি করা হয়েছে।

গার্ডেন বিঙ্গোর মূলে আছে বিঙ্গোর ক্লাসিক গেম যাতে গেমের হোস্ট এলোমেলোভাবে সংখ্যা বেছে তার ঘোষণা করা মাত্র প্রত্যেকটা খেলোয়াড় নিজের স্কোরকার্ড থেকে তা কেটে বাদ দিয়ে দেয়। গার্ডেন বিঙ্গোতে 'খেলোয়াড়ের কার্ডের' নম্বরগুলির জায়গায় ফল এবং সবজির ছবি থাকে। কলার 'ট্রিভিয়া কার্ড' থেকে বাগানের এইসব জিনিসের বর্ণনা পড়ে শোনায় এবং প্রত্যেকটা খেলোয়াড় নিজের তালিকা থেকে ঐগুলি কেটে বাদ দিয়ে দেয়। বিজয়ী হওয়ার উপায় হল অন্যদের আগে আপনাকে সবকটি ফল এবং সবজি কেটে দেওয়া। ছোট ও তরুণদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে এই গেম এবং যত দরকার তত তথ্য এতে জানানো যায়। এটা ক্লাসরুমে খাদ্য নিরাপত্তা, খাদ্য পুষ্টি এবং কৃষি সংক্রান্ত শেখানোর মজাদার বিকল্প হতে পারে।

**সময়**
- 10 মিনিট (বাস্তব গেম)
- 1 দিন (প্রস্তুতি এবং সমন্বয়)

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- প্লেয়ার কার্ড (গেমের আগে ডিজাইন ও প্রিন্ট করা)
- ট্রিভিয়া কার্ড (ভাঁজ করে বাস্কেট/বাটিতে রাখা)

**অংশগ্রহণকারী**
- স্কুলের ছাত্রছাত্রী
- স্কুলের পরে ও তরুণ সঙ্ঘ
- সমাজের সদস্য
- স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10 বা তার বেশি

## ধাপ

1. খেলার জন্যে একটি তারিখ এবং সময় নির্ধারণ করুন। এতে আপনার সমাজের স্কুলের পর অর্থাৎ আস্টার-স্কুল সঙ্ঘ ও তরুণ সঙ্ঘ অংশ নিতে পারে। নির্দিষ্ট কোনও বয়স সীমা না থাকলেও অংশগ্রহণকারীদের বয়স বা স্কুল বর্ষের শ্রেণী অনুসারে অবশ্যই প্লেয়ার ও ট্রিভিয়া কার্ড তৈরি করে নেবেন।
2. বিভিন্ন ফল এবং সবজির ছবি দেওয়া খেলোয়াড় কার্ড ডিজাইন করুন এবং প্রিন্ট আউট নিন।
3. ট্রিভিয়া কার্ডগুলিতে ফল এবং সবজিগুলির বিবরণ লিখুন। প্রতিটি ফল বা সব্জির জন্যে আলাদা কাগজের টুকরো ব্যবহার করবেন যাতে একে একে ঐগুলিকে বাস্কেট বা বাটি থেকে তুলে নিতে পারেন। কৃষি, খাদ্য নিরাপত্তা ও খাদ্য পুষ্টির বিষয়ে খেলোয়াড়দের সচেতনতা বাড়াতে যথাসম্ভব তথ্য জানাবেন।
4. প্লেয়ার কার্ড বিতরণ করে দিন এবং গেম সম্পূর্ণ করার প্যাটার্ন স্থির করে নিন (যেমন লম্বালম্বি বা সমান্তরাল কিংবা কোণাকুণি সারিতে ফল ও সব্জি কেটে বাদ দেওয়া অথবা প্লেয়ার কার্ডে সব কটা জিনিস খুঁজে বার করা)।
5. এক এক করে ট্রিভিয়া কার্ডগুলি বের করুন। এরপরে অংশগ্রহণকারীরা তাদের কার্ডে মিলে যাওয়া চিত্রটি খুঁজে বের করবে এবং কেটে দেবে। যে ব্যক্তি সবচেয়ে আগে সঠিক পদ্ধতিতে চিত্রগুলি কাটবে সে খেলাটি জিতবে।



# গেট ডিগিং

এই সামাজিক প্রকল্প খালি বা অকেজো হয়ে পড়ে থাকা জায়গাগুলিকে খাদ্য বা উপার্জনের উৎস (বা দুই-ই) করে তোলে, বাগান ও কৃষি কাজ সম্বন্ধে সচেতনতা বাড়ায়, এবং সমাজের ঐক্য বন্ধন মজবুত করে।

গেট ডিগিং সমাজের সবুজ স্থানগুলিতে, বাড়ির পিছনে লাগোয়া ছোট জমিতে বা স্কুলের মাঠে শহুরে বাগান এর পরিকল্পনা করতে এবং নির্মাণ করতে সমাজগুলিকে উৎসাহিত করে। স্কুল, স্কুলের পর ও তরুণ সঙ্ঘ, স্বেচ্ছাসেবী ও অন্য দলগুলিকে কাজে জড়িত করে তাদের বাগান প্রকল্পে এক সঙ্গে কাজ করার সুযোগ তৈরি করে দেয় যার ফলে পুষ্টিবর্ধক খাবার এবং/বা অতিরিক্ত উপার্জনের উৎস তৈরি হয় ও তাতে সম্পূর্ণ সমাজ উপকৃত হয়। এর ফলে অংশগ্রহণকারীদের বাগান করায় দক্ষতা বাড়ে এবং শহুরে কৃষি, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ, খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি সম্বন্ধে তাদের জ্ঞান বাড়ে।

## ধাপ

**1.** শহুরে বাগানের জন্যে উপযুক্ত একটা ফাঁকা স্থান চিহ্নিত করতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন (যেমন একটি ফাঁকা জনস্থান, কোন ব্যক্তিগত স্থান, বাড়ির পিছনের ফাঁকা জমি বা কোন স্কুলের মাঠ)। ফাঁকা স্থানগুলিকে বাগানে রূপান্তরিত করার অনুমোদন চেয়ে নিন। স্থানটি যাতে সহজগম্য এবং নিরাপদ হয়, কোন জলের উৎসের কাছাকাছি হয় এবং পর্যাপ্ত পরিমানে রোদ পায় সেটি মনে রাখবেন।

**2.** বাগানটির পরিকল্পনায় সমাজের সদস্যদের যুক্ত করুন (যেমন নেতৃত্বদানকারী ব্যক্তি, ব্যবসা, শিক্ষক, অভিভাবক, শিশুসমূহ)। মাটির ধরণ এবং বছরের কোন সময় লাগাবেন বা এমন কি শিশুদের প্রিয় গল্পের বইতে থাকা বা রেসিপি(গুলি)র ওপর ভিত্তি করে চারাগাছগুলি নির্বাচন করুন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।

**3.** বীজ, চারা, উপকরণ এবং যন্ত্রপাতি কেনার পরে জমিটি তৈরী করার জন্যে এবং বাগানে চারাগাছ লাগানোর জন্যে একটি দিন নির্দিষ্ট করুন। পুরো সমাজকে যুক্ত করুন। প্রবীণ এবং অল্প বয়সীদের সঙ্গে মিলিতভাবে কাজ করার ব্যাপারে উৎসাহিত করতে বাগান সম্পর্কিত জ্ঞান বিভিন্ন প্রজন্মের মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়ার সুযোগ দিন।

**4.** বাগান রক্ষণাবেক্ষণের একটি সূচী তৈরী করুন, গাছে জল দেওয়া, আগাছা সরানো, পরিষ্কার করা এবং তত্বাবধানের জন্যে একটি কর্মসূচী নির্ধারণ করুন। আবার, পুরো সমাজকে যুক্ত করুন।

**5.** সমাজের সদস্যদের বাগানটিকে খাদ্যের উৎস হিসেবে ব্যবহার করতে উৎসাহিত করুন। ফলন সংগ্রহ এবং উৎপন্ন সামগ্রীগুলি ভাগ করে নেওয়ার জন্যে একটি দিন নির্দিষ্ট করুন। বাগানের রক্ষণাবেক্ষণ/বিস্তারের জন্য উপার্জন করতে বাড়তি উৎপাদন বিক্রি করে দিন।

**সময়**
- 1–2 সপ্তাহ (প্রারম্ভিক রোপণ)

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- বাগান করার সরঞ্জাম (বেলচা, নিড়ানি, দাঁতঅলা আঁকশি, কাঁচি ইত্যাদি)
- ঘাসের চাপড়া বা কমপোস্ট
- রোপণের জন্যে বীজ

**অংশগ্রহণকারী**
- স্কুলের ছাত্রছাত্রী
- স্কুলের পরে ও তরুণ সঙ্ঘ
- সমাজের সদস্য
- স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10 বা তার বেশি



# আর্বান জেঙ্গা

এই কাজটি শহুরে বাগান সম্ভব করে তোলে যেখানে স্থান সীমিত। আর্বান জেঙ্গা বাড়ি বা বিল্ডিং-এর চারি পাশের কম ব্যবহৃত বা আড়াল হয়ে থাকা জায়গাগুলি অভিনব সবুজ ক্ষেত্রে পরিণত করে।

জেঙ্গা খেলায় এই বাগানটি টাওয়ারের মতন দেখতে, যেটির কাঠামোটি একটির ওপর একটি সাজিয়ে রাখা ব্লকের মতন। লম্বালম্বি বাগানগুলি সহজে তৈরী করা যায় এবং রক্ষণাবেক্ষণ ও সম্ভব। এতে কাঠের জাফরি, পাথরের থাম বা মজবুত দেওয়াল ব্যবহার করে এমন ভাবে গাছ লাগানো হয় যাতে বাইরের বদলে সেসব উপরদিকে উঠে যায়, তাই চিরাচরিত বাগানের তুলনায় জায়গা কম লাগে।

এই কাজে লম্বালম্বি বাগান তৈরি করার জন্য বিল্ডিং-এর মালিক এবং/বা স্থানীয় কর্তৃপক্ষের সহযোগিতায় কাজ করতে হয়, শহুরে জায়গাগুলি সবুজ ক্ষেত্রে রূপান্তরিত করা হয় এবং বাতাস ও মাটির গুণগত মানে ও শহুরে স্বল্প পরিসরের জলবায়ু উন্নয়ন করা যায়।

### সময়
- 1-2 সপ্তাহ (প্রারম্ভিক রোপণ)

### অসুবিধা
- মাঝারি

### সংস্থান
- টিনের কৌটা, মাটির পাত্র বা কাঠের গামলা
- জাফরি (বা অন্য যে কোনও লম্বালম্বি ফ্রেম) বা পুনর্ব্যবহারযোগ্য বস্তা বা বায়োডিগ্রেডেবল সিমেন্টের ব্যাগ
- বাগান করার সরঞ্জাম (বেলচা, নিড়ানি, দাঁতঅলা আঁকশি, কাঁচি ইত্যাদি)
- কমপোস্ট বা উর্বর মাটি
- রোপণের জন্যে বীজ

### অংশগ্রহণকারী
- স্কুলের ছাত্রছাত্রী
- স্কুলের পরে ও তরুণ সঙ্ঘ
- সমাজের সদস্য
- স্বেচ্ছাসেবী

### অংশগ্রহণকারী সংখ্যা
- 10 বা তার বেশি

## ধাপ

1. লম্বালম্বি বাগানের জন্যে উপযুক্ত একটা ফাঁকা স্থান চিহ্নিত করতে বিল্ডিং এর মালিক এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন (যেমন ছাদ, ফাঁকা বা অব্যবহৃত স্থান, বাড়ির পিছনের ফাঁকা জমি বা বাড়ি বা বিল্ডিং সংলগ্ন কোন ফাঁকা জায়গা)। জায়গাটা যাতে সহজে প্রবেশযোগ্য ও নিরাপদ হয়, জলের উৎসর কাছাকাছি হয়, পর্যাপ্ত রোদ পায় এবং সেখানে কৌটা, পাত্র বা গামলা সমেত লম্বালম্বি কাঠামো রাখা যায় তা নিশ্চিত করুন। লম্বালম্বি বাগান করার অনুমতি চেয়ে নিন।

2. যেখানে আপনি নির্মান করার পরিকল্পনা করছেন সেই বাড়ির মালিক এবং বসবাসকারী আবাসিকদের সঙ্গে লম্বালম্বি বাগানটির নকশা নির্মান এবং পরিকল্পনা করুন। যেসব গাছপালা লম্বালম্বি ভাবে বাড়ে সেইসব গাছ নির্বাচন করুন। ওগুলির কতটা মাটি, জল বা রোদের প্রয়োজন তা ভেবে দেখবেন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।

3. বীজ, চারা, উপকরণ এবং যন্ত্রপাতি কেনার পরে লম্বালম্বি কাঠামোটি নির্মান করতে এবং বাগানে চারাগাছ লাগানোর জন্যে একটি দিন নির্দিষ্ট করুন। এই লম্বালম্বি বাগান তৈরি করায় বিল্ডিং-এর সব বাসিন্দাদের এবং উপযুক্ত মনে হলে বৃহত্তর সমাজকে জড়িত করুন।

4. বাগান রক্ষণাবেক্ষণের একটি সূচী তৈরী করুন, গাছে জল দেওয়া, আগাছা সরানো, পরিষ্কার করা এবং তত্বাবধানের জন্যে একটি কর্মসূচী নির্ধারণ করুন। এখানেও বিল্ডিং-এর সব বাসিন্দাদের এবং উপযুক্ত মনে হলে বৃহত্তর সমাজকে জড়িত করতে তাদের কাজের দায়িত্ব ভাগ করে দিন।

5. যারা যুক্ত হয়েছেন তাদের লম্বালম্বি বাগানটিকে খাদ্যের উৎস হিসেবে ব্যবহার করতে উৎসাহিত করুন। ফলন সংগ্রহ এবং উৎপন্ন সামগ্রীগুলি ভাগ করে নেওয়ার জন্যে একটি দিন নির্দিষ্ট করুন।



# গার্ডেন হান্ট

এই মজাদার কাজের মাধ্যমে অংশগ্রহণকারীদের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি, স্থানীয় স্তরে উৎপন্ন গাছ ও কৃষি, এবং শহুরে বাগান ও অন্যান্য সবুজ ক্ষেত্রের উপকারিতা সম্বন্ধে জ্ঞান বাড়ে।

গার্ডেন হান্ট নামের গেমে গাছের বৈশিষ্ট্য ও উৎস স্থলের ভিত্তিতে সেসব সনাক্ত করার জন্য শহুরে বাগান বা সার্বজনীন পার্কে ঘুরে বেড়াতে হয়। স্কুলের ছাত্র ছাত্রী এবং স্কুলের পরের ও তরুণ সঙ্ঘ এবং স্বেচ্ছাসেবীদের জন্য এই সরল গেম তৈরি করা হয়েছে। গার্ডেন হান্ট খেলে, অল্প বয়সীরা খাদ্য সংস্কৃতির বিষয়ে এবং তাদের স্বাস্থ্য ও সুস্থতায় সবুজ ক্ষেত্রের প্রয়োজনীয়তার বিষয়ে আরও জানতে পারে। সমাজের অপেক্ষাকৃত বড়দের এবং/বা বাগান বিশেষজ্ঞদের জ্ঞান অল্প বয়সীদের সঙ্গে ভাগ করে নেওয়ার জন্যে তাদের জড়িত করেও এই গেম তৈরি করা যায়।

**সময়**
- 30 মিনিট (সংক্ষিপ্ত বর্ণনা ও বাস্তব গেম)
- 1 দিন (প্রস্তুতি এবং সমন্বয়)

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- ক্লু কার্ড
- উত্তরের পৃষ্ঠা

**অংশগ্রহণকারী**
- স্কুলের ছাত্রছাত্রী
- স্কুলের পরে ও তরুণ সঙ্ঘ
- স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10 বা তার বেশি

## ধাপ

1. এককেটি গাছের বিশেষত্ব এবং উৎস স্থানের বিবরণ দিয়ে ক্লু কার্ড তৈরী করুন। কার্ডগুলিকে সংশ্লিষ্ট গাছের বাক্সে ঢুকিয়ে দিন এবং গাছের লেবেলগুলি সরিয়ে দিন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।
2. দলটি বড় হলে, খেলোয়াড়দের জুটি তৈরী করুন অথবা ছোট ছোট দলে নিয়ে নিন। প্রত্যেক খেলোয়াড়, জুটি বা দলকে গাছের বিবরণ সম্বলিত একটি উত্তরপত্র দিয়ে দিন এবং প্রত্যেকটি বিবরণের পাশে একটি ফাঁকা জায়গা রাখুন যেখানে খেলোয়াড়েরা সংশ্লিষ্ট গাছের নামগুলি লিখতে পারবে।
3. খেলোয়াড়দের যে ক্লু অর্থাৎ সঙ্কেতগুলি দেওয়া হয়েছে সেইমত তাদের বাগান বা পার্কে গিয়ে গাছপালা সনাক্ত করতে বলুন।
4. 15 মিনিট পরে খেলোয়াড়, জুটি বা দলগুলিকে একসঙ্গে জড়ো করুন, এবং ওদের উত্তরগুলি মিলিয়ে নিন। যারা সর্বাধিক সঠিক উত্তর দেবে, তারাই জিতবে।
5. খেলোয়াড়েরা কি কি নতুন জিনিস শিখলো এবং বাগানটির নিরবচ্ছিন্নতা বজায় রাখতে ওদের চিন্তাভাবনা কি তা ওদের কাছ থেকে জানতে চান।

## কেস স্টাডি




**ফ্রেড অনসেরিও – স্টারা রেসকিউ সেন্টার অ্যান্ড স্কুলের হেডমাস্টার, স্কুলের মাঠে বস্তা বাগানে সব্জিতে জলসেচ করছেন।**
প্যাট্রিক মায়োয়ো/ আফ্রিকা ইকো নিউজ

# কিবেরার শহুরে বস্তা বাগান

কিবেরা, নাইরোবির অপরিকল্পিত কলোনিগুলিতে – খাদ্য নিরাপত্তার অভাব সুস্পষ্ট এবং জায়গা অকুলান – এখানকার বাসিন্দারা শহুরে চাষ আবাদ করার এক অভিনব পন্থা উদ্ভব করেছে: পুনর্ব্যবহারযোগ্য বস্তা বা বায়োডিগ্রেডেবল সিমেন্টের বস্তা ব্যবহার করে লম্বালম্বি বস্তা বাগান। 1,000-এর বেশি চাষী – মূলত মহিলা – এই পদ্ধতি ব্যবহার করে কালে, পালং, পিঁয়াজ ও টমেটোর মত সব্জি চাষ করছেন যাতে তাদের পরিবারের অন্ন সংস্থান ছাড়াও তাদের বাড়তি উপার্জন হয়।

এই প্রকল্পের ফলে কিবেরাবাসীরা পুষ্টিকর খাবারের উৎস পাচ্ছেন যা তাদের বাজার থেকে কিনতে হচ্ছে না, এবং ছোট মাপের চাষের জন্য তারা ছাদ ও অন্য কম ব্যবহৃত জায়গা যথাসম্ভব কাজে লাগাচ্ছেন। ফরাসী NGO সলিডারিটস্ ইন্টারন্যাশনাল এই প্রকল্প শুরু করেছে, তারা চাষীদের বীজ ও প্রশিক্ষণ দেয়। চাষের জন্য সব্জির বীজ দিয়ে IFRC-ও এই কর্মপ্রচেষ্টায় সাহায্য করছে।

স্থানীয় স্তরে আগে থেকে ব্যাপক স্তরে লম্বালম্বি বাস্কেট বাগান করার প্রথা ছিল; তবে, তার সঙ্গে নতুন পদ্ধতি ও টেকনলজি যোগ করার ফলে, তা আরও দীর্ঘস্থায়ী করা হয়েছে - যেমন পুনর্ব্যবহারযোগ্য বস্তা বা বায়োডিগ্রেডেবল সিমেন্টের ব্যাগ ব্যবহার করা; বস্তা/ব্যাগে মাটি ভরার আগে মাঝখানে পাথরের থাম বসানো (যাতে উপর থেকে এবং চারিপাশ দিয়ে গাছ গজাতে পারে); রান্নাঘরের বর্জ্য পদার্থ ও অন্য জৈব উপাদান দিয়ে কমপোস্ট তৈরি করা; এবং মৌসুমি সব্জির মাঝে শিম জাতীয় গাছের চাষ করা। পাতকুয়া বা ঘরোয়া বর্জ্য জল দিয়ে জল সেচ করা হয়। এই প্রকল্পের সাহায্যে সমাজের মধ্যে, বিশেষ করে অল্প বয়সী, মহিলা ও বয়স্ক- প্রধান অংশগ্রহণকারীদের মধ্যে, সামাজিক বন্ধন মজবুত হয়েছে। এইসব চাষী নিজেদের পরিবারদের সাহায্য করা ও উপার্জন বাড়ানোর জন্য একে অপরের সঙ্গে দক্ষতা, উৎপাদিত দ্রব্য এবং সুযোগ ভাগাভাগি করে নেয়।

**উৎস:**

**STATE OF THE WORLD 2011: INNOVATIONS THAT NOURISH THE PLANET,** দ্য ওয়ার্ল্ডওয়াচ ইন্সটিটিউট.

**"HOW TO GROW FOOD IN A SLUM: LESSONS FROM THE SACK FARMERS OF KIBERA,"** দ্য গারডিয়ান, 18 মে, 2015।

**"GARDEN-IN-A-SACK FOR URBAN POOR,"** দ্য নিউ অ্যাগ্রিকালচারিস্ট।

## কেস স্টাডি



# আপসাইক্লিং: বর্জ্য থেকে কমপোস্ট ও তার পরে সামাজিক বাগান

জাকার্তা, ইন্দোনেশিয়ায়, ইন্দোনেশিয়ান রেড ক্রস সোসাইটি (পালাং মেরাহ ইন্দোনেশিয়া বা PMI) একটি বহুমুখী প্রকল্পে স্থানীয় সরকার, ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট/ অফিস ফর ইউএস ফরেন ডিসাস্টার অ্যাসিস্টেন্স এবং আমেরিকান রেড ক্রসের সহযোগিতা করেছে।

সবার আগে, এই কর্মপ্রচেষ্টা অবরুদ্ধ নদী, খাল ও নালি পরিষ্কার করে শহরের বার বার বন্যার সমস্যা দূর করেছে। তাছাড়া তারা পুনর্ব্যবহার ও কমপোস্টের ব্যবস্থা করে আবর্জনা কম করেছে। এবং লম্বালম্বি ও জৈব ঘরোয়া বাগান তৈরি করেছে, যার ফলে বাসিন্দারা সহজে পুষ্টিকর খাবার পাচ্ছে, তা ছাড়াও নতুন বাজারে অতিরিক্ত বাগানজাত পদার্থ ও কমপোস্ট বিক্রি করে তাদের উপার্জন বেড়েছে।

**যত দিন এই প্রকল্প চলেছে ততদিন যাবৎ** লম্বালম্বি ও জৈব ঘরোয়া বাগান তৈরি করায় প্রযুক্তিগত সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত ছিল স্থানীয় কৃষি দপ্তর। তাছাড়া কমপোস্ট এবং অতিরিক্ত ফল ও সব্জি বিক্রির নতুন সুযোগের সন্ধান করতে তারা সার্বজনীন পার্ক ও বেসরকারি ক্ষেত্রের সহযোগিতাও করেছে।

**সন 1 আম্পেনান স্কুলের ছাত্ররা ক্লাস শেষে লম্বক দ্বীপ, ইন্দোনেশিয়ায় পাতা ও ডালপালা দিয়ে কমপোস্ট তৈরি করছে। ছেলেমেয়েরা কমপোস্ট তৈরি করে, মাশরুম চাষ করে, ভেষজ বাগানের দেখাশোনা করে এবং স্বাস্থ্যকর জীবনযাপন ও পরিবেশ নিরাপত্তার প্রসারে অন্যান্য কাজে অংশ নেয়। পরিবেশ বিষয়ে শিক্ষার প্রসার ও ইন্দোনেশিয়ার উপকূলবর্তী এলাকায় ইকোসিস্টেম পুনরুদ্ধারের প্রয়াসে, আমেরিকান রেড ক্রস গ্রাম্য ও শহরের ক্লাসরুমে এই স্কুলের কমপোস্ট প্রোগ্রাম অনুকরণ করছে।**
জেনেলি এলি/আমেরিকান রেড ক্রস

**উৎস:**

UPS তথ্যপত্র: সমাজের শক্ত আবর্জনার ব্যবস্থাপনা অর্থাৎ সমাজ সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের মাধ্যমে বন্যা এবং পরিবেশগত স্বাস্থ্যের বিপদাশঙ্কা কম করা: রিসাইকল এবং কমপোস্ট কেন্দ্র, আমেরিকান রেড ক্রস।



# শহুরের জল, সাফাই (স্যানিটেশন) এবং পরিচ্ছন্নতা

জীবনের জন্য জল এবং পরিচ্ছন্নতা অপরিহার্য এবং এইগুলি মৌলিক মানবাধিকার। কার্যকর WASH অনুশীলন যে কোনও শহরকে আরও দীর্ঘস্থায়ী, বাসযোগ্য, সুস্থ, শিশু-বান্ধব এবং সহনশীল স্থান করে তুলতে পারে।

জল, সাফাই এবং পরিচ্ছন্নতাকে একত্রে WASH বলা হয়; তিনটি বিষয়ই একে অপরের ওপর নির্ভরশীল। পর্যাপ্ত WASH এর সুবিধা ছাড়া জল-বাহিত রোগগুলি মাথা চাড়া দিতে পারে (যেমন ডায়রিয়া, কলেরা এবং টাইফয়েড), ভেক্টর বাহিত রোগগুলির বাড়বাড়ন্ত হতে পারে (যেমন ম্যালেরিয়া, ডেঙ্গু জ্বর এবং পীত জ্বর) এবং প্রাথমিক স্বাস্থ্য পরিষেবাগুলি নিষ্ক্রিয় হয়ে যেতে পারে। জলবায়ুগত পরিবর্তনশীলতা বৃদ্ধির দরুন জল এবং ভেক্টর বাহিত রোগগুলির প্রাদুর্ভাব ঘটছে, ফলে জনস্বাস্থ্য উদ্বেগজনক হয়ে উঠছে। পরিষ্কার জল, নিরাপদ সাফাই কার্য এবং নিরাপদ পরিচ্ছন্নতা লাভের সামর্থ্যকে অগ্রাধিকার দেওয়া গুরুত্বপূর্ণ।

WASH-কে প্রায়শইঃ পরিকাঠামোগত সুবিধা এবং প্রযুক্তিগত ব্যবস্থাপনা হিসেবে বিবেচনা করা হয়, বিশেষ করে শহুরে অঞ্চলে। তবে, মানুষের সুস্বাস্থ্য বিধি মেনে চলার ব্যাপারে সচেতনতা বাড়ানো তাদের আচরণে পরিবর্তন (যেমন হাত দিয়ে শরীরে ভাইরাস, ব্যাক্টেরিয়া, রোগ জীবাণু ও অন্যান্য জীবাণু শরীরে ঢুকে পড়তে পারে, সুতরাং ভালো করে হাত ধোয়া হলে গুরুত্বপূর্ণ প্রতিরক্ষা পাওয়া যায়) না করা হলে, শুধুই WASH সুবিধার বিধান মৃত্যু এবং রোগ হার কম করতে পারবে না।

শহরের বসবাসকারী দরিদ্র মানুষ এবং বিধিবহির্ভূত বসতির মানুষেরা WASH এর অপর্যাপ্ত সুবিধা বা সুযোগ সুবিধা না থাকার দরুন বেশিরভাগ ক্ষেত্রে ব্যাধি প্রবণ হন। ফলে, এই সব ক্ষেত্রগুলিকে বিশেষভাবে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

# গ্লোবাল লিঙ্ক

এই মডিউল এর অর্ন্তগত ক্রিয়াকর্মগুলি বিভিন্ন বিশ্বব্যাপী নীতি এবং প্রক্রিয়াগুলির সঙ্গে জুড়ে রয়েছে। যেমন উৎসস্থানে বর্জ্যের পৃথকীকরণ পুণঃপ্রক্রিয়াজাতকরণ প্রক্রিয়াটিকে উন্নীত করে এবং শহরের চক্র অর্থব্যবস্থায় অবদান রাখে যা কিনা 3R নীতিসমূহ – রিডিউজ (হ্রাস করা), রিইউজ (পুনর্ব্যবহার করা) এবং রিসাইকেল (পুনঃপ্রক্রিয়াজাত করা) এর মাধ্যমে সংস্থানগুলিকে সর্বাধিক উপযোগী করে তুলতে চায়।

স্বাস্থ্য, নিরাপত্তা, এবং শহরের সাফাই কর্মীদের পরিচ্ছন্নতার বিষয়ে পদক্ষেপ গ্রহণ এর ফলে পেশাদারী স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রেক্ষিতে তাঁদের মৌলিক অধিকারগুলিকে সুনিশ্চিত হয়। খুব ভালভাবে এবং নিয়মিত সাবান এবং জল দিয়ে হাত ধোওয়া সহজ একটি পদক্ষেপ যা প্রত্যেকেই ব্যাক্টেরিয়া এবং ভাইরাস বাহিত সংক্রমণ যেমন কোভিড-19 এর হাত থেকে নিজেদের সুরক্ষিত রাখতে নিতে পারে। এবং সমন্বিত এবং বিকেন্দ্রীভূত জল সম্পদ ব্যবস্থাপনার অংশ হিসেবে বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থা বিদ্যমান জল সম্পদের পরিপূরক হতে পারে।

WASH এর অর্ন্তগত পদক্ষেপগুলি নিম্নলিখিত দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যে অবদান রাখে: SDG 11 দীর্ঘস্থায়ী শহর এবং সমাজ গোষ্ঠী; SDG 6 পরিষ্কার জল এবং পরিচ্ছন্নতা; SDG 13 জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ; SDG 3 সুস্বাস্থ্য এবং – সুস্থতা; SDG 12 দায়িত্বপূর্ণ ব্যবহার ও উৎপাদন; SDG 1 সর্বত্র সব ধরণের দারিদ্রের সমাপ্তি; এবং SDG 8 সম্মানজনক কাজ এবং আর্থিক বিকাশ।



# স্কুলগুলিতে হাত ধোওয়ার কর্মশালা

হাত দিয়ে ভাইরাস, ব্যাক্টেরিয়া, পরজীবি এবং অন্য রোগ জীবাণু শরীরে ঢুকে যেতে পারে, যার ফলে কলেরা, আমাশয়, হেপাটাইটিস এ এবং টাইফয়েডের মত রোগ হতে পারে। প্রতিরক্ষার প্রথম পদক্ষেপ হল সাবান ও জল দিয়ে কম পক্ষে 20 সেকেন্ড ভালো করে ও নিয়মিত হাত ধোয়া।

স্কুলে কার্যকর উপায়ে WASH অনুশীলন করা হলে স্কুলের ছাত্র ছাত্রী আরও সুস্থ থাকবে, আরও সুফল দেখাবে। খাবার খাওয়ার আগে বা টয়লেট ব্যবহারের পরে – সাবান ও জল দিয়ে হাত ধোয়ার অভ্যাস – একটি অতি সরল প্রতিরক্ষার উপায় যা স্কুল সহজেই অনুসরণ করতে পারে এবং আরও সুপরিবেশ তৈরি করতে পারে। আনুষ্ঠানিক শিক্ষার পাশাপাশি ছোটদের নতুন আচরণ বিধি শেখার যথার্থ স্থান স্কুল। স্কুলের ছাত্রছাত্রীরাও গুরুত্বপূর্ণ বার্তাবাহক হয়ে বাড়িতে তাদের মা বাবাকে এইসব শেখাতে পারে।

**সময়**
- প্রতিটি সেশনে 20–30 মিনিট

**অসুবিধা**
- কম

**সংস্থান**
- তথ্য, শিক্ষা, যোগাযোগের উপকরণ (যেমন পোস্টার, প্রচারপত্র, কার্টুন, ভিডিও ইত্যাদি।)
- সাবান
- জল এবং ওয়াশ বেসিন

**অংশগ্রহণকারী**
- স্কুলের ছাত্র ছাত্রী, শিক্ষক শিক্ষিকা এবং অন্যান্য কর্মচারী
- স্বেচ্ছাসেবী
- মিডিয়া
- শহরের কর্মকর্তা
- সুবিধাদি ব্যবস্থাপক
- সাবানের ব্র্যান্ড বা প্রস্তুতকারক

**অংশগ্রহণকারী সংখ্যা**
- সেশন প্রতি সর্বাধিক 20–25 জন (স্কুলে হাত ধোয়ার ব্যবস্থার উপর নির্ভর করে)

## ধাপ

1. যে স্কুলে কর্মশালাটি আয়োজিত হবে সেটি চিহ্নিত করুন। স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ, স্কুল এবং অধ্যক্ষের অনুমোদন নিন। কর্মশালার সূচীটি একত্রে নির্ধারিত করুন।
2. কোন কোন বার্তাগুলি কর্মশালার মাধ্যমে প্রেরণ করতে হবে সেগুলি ঠিক করুন, যেমন কখন এবং কিভাবে সাবান এবং জল দিয়ে হাত ধুতে হবে, এবং বাড়িতে স্কুল পড়ুয়ারা কিভাবে তাদের বাবা মায়েদের এতে যুক্ত করবে। শিক্ষণীয় পোস্টার তৈরি করুন এবং স্কুলের ওয়াশ বেসিনের কাছে ও স্কুলে অন্যান্য চোখে পড়ার মত জায়গায় টাঙিয়ে রাখুন।
3. প্রথম কর্মশালাটির আয়োজন করুন; ছোটদের জন্যে উপস্থাপনা এবং অন্য যেকোন ক্রিয়াকর্মের পরিকল্পনা করুন।
4. ভবিষ্যতে কর্মশালার আয়োজন করার জন্য অন্তত দুই জন শিক্ষক শিক্ষিকা বা স্কুলের স্বাস্থ্য সঙ্ঘ-কে প্রশিক্ষণ দিন। ওদের হাত ধোয়ার প্রক্রিয়াটি দেখিয়ে দিন এবং কিভাবে ছেলে মেয়েদের মাধ্যমে তাদের বাবা মায়েদের কাছে এই গুরুত্বপূর্ণ বার্তাগুলি পৌঁছবে। শিক্ষক শিক্ষিকা/স্বাস্থ্য সঙ্ঘকে কর্মশালার আয়োজন ও পরিচালনা করার দায়িত্ব দিয়ে দিন।
5. সাবানের ব্র্যান্ড, জল বিতরণ সংস্থাসমূহ, স্থানীয় কর্তৃপক্ষ এবং গণমাধ্যমকে যুক্ত করুন। এর মাধ্যমে অন্যান্য স্কুলগুলিতে একই রকমভাবে কর্মশালা আয়োজন করতে সুবিধা হবে যাতে এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া হিসেবে চালু থাকে।



# সাফাই কর্মীদের আচরণগত পরিবর্তন

সাফাই কর্মীদের সুরক্ষামূলক পোষাক ও নিরাপত্তার অন্যান্য সরঞ্জাম ব্যবহারের প্রয়োজনীয়তা বুঝিয়ে; ভালো করে নিয়মিত হাত ধোওয়ার প্রয়োজনীয়তা বুঝিয়ে; এবং স্বাস্থ্য বিমা নিরাপত্তা নিতে উৎসাহিত করে তাদের ক্ষমতাসম্পন্ন করে তোলার অভিপ্রায়ে এই কাজটি তৈরি করা হয়েছে।

সাফাই কর্মীরা সার্বজনীন টয়লেট, নর্দমা ব্যবস্থা, নালি পরিষ্কার করা এবং ড্রেনের ঢাকনার রক্ষণাবেক্ষণ ও শক্ত আবর্জনার ব্যবস্থাপনা করে। এইসব বিপজ্জনক পরিবেশে কাজ করার ফলে তাদের গুরুতর স্বাস্থ্য সমস্যা এমনকি কখনও কখনও মৃত্যুও হতে পারে। নিচের কাজটি সাফাই কর্মীদের সুরক্ষাপ্রদানকারী পোশাক পরা এবং ভালভাবে এবং নিয়মিত হাত ধোওয়া/পরিস্কার রাখার গুরুত্বটি বুঝতে পরিকল্পিত হয়েছে। প্রক্রিয়ার শুরুতেই ন্যাশনাল সোসাইটিজ-কে স্থানীয় সরকারের কাছ থেকে প্রতিশ্রুতি এবং প্রয়োজনমত অনুমতি নিতে হবে।

**সময়**
- অন্তত 4–6 মাস

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- তথ্য, শিক্ষা, যোগাযোগের উপকরণ (যেমন পোস্টার, প্রচারপত্র ইত্যাদি।)
- সচেতনতা বাড়ানো এবং আচরণ বদলানোর উপকরণ তৈরির কাজে সমন্বয় সাধন এবং/বা যোগাযোগের কৌশল গড়ে তোলার বিষয়ে অভিজ্ঞ স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী**
- সাফাই কর্মী
- স্থানীয় সরকার
- স্বেচ্ছাসেবী
- বেসরকারী অপারেটার/কনট্রাক্টর (যদি সাফাই পরিষেবা তাদের কাছে আউটসোর্স করে দেওয়া হয়)
- সুশীল সমাজের সংগঠন
- মিডিয়া,
- সুরক্ষামূলক পোষাক এবং অন্যান্য নিরাপত্তা সরঞ্জামের প্রস্তুতকারক

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 14–16 জন স্বেচ্ছাসেবী

## ধাপ

1. স্থানীয় NGO, কর্মী সংগঠন এবং ইউনিয়নগুলির সঙ্গে এক সহযোগে একটি প্রকল্প তৈরী করুন। উদ্যোগটির অনুমোদন, আনুষ্ঠানিককরণ এবং সম্ভাব্য অর্থ সংস্থানের জন্যে পরিষেবা – প্রদানকারী, স্থানীয় শাসন ব্যবস্থা এবং জাতীয় মন্ত্রককে সামিল করুন। কাজগুলির মধ্যে অর্ন্তভুক্ত থাকবে হাত ধোওয়া এবং/অথবা সুরক্ষাপ্রদানকারী পোশাক এবং অন্যান্য নিরাপত্তা সংক্রান্ত উপকরণ বিতরণের গুরুত্বের ব্যাপারে কর্মীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

2. সাফাই কর্মীদের জ্ঞান এবং কিটের মধ্যে যে ফাঁকগুলি রয়েছে সেগুলি চিহ্নিত করতে পরিস্থিতি বিশ্লেষণ এর আয়োজন করুন। সচেতনতা বাড়ানো এবং আচরণ বদলানোর কাজের সব সমেত লক্ষ্য এবং সাময়িক লক্ষ্য স্থির করুন।

3. উদ্যোগটির অনুমোদন, আনুষ্ঠানিককরণ এবং সম্ভাব্য অর্থ সংস্থানের জন্যে পরিষেবা – প্রদানকারী, স্থানীয় শাসন ব্যবস্থা এবং জাতীয় মন্ত্রককে সামিল করুন।

**4.** উদ্যোগটি চালু করুন এবং ভালভাবে এবং নিয়মিত হাত ধোয়ার গুরুত্বটি ব্যাখা করতে সাফাই কর্মীদের প্রথম একটি বৈঠকের আয়োজন করুন এবং, প্রয়োজনে, ওদের সুরক্ষাপ্রদানকারী পোশাক এবং অন্যান্য নিরাপত্তামূলক উপকরণ সরবরাহ করুন। স্বাস্থ্য, নিরাপত্তা এবং পরিচ্ছন্নতা অনুশীলনের ভুল পদ্ধতির প্রভাবে বোঝাতে একটা ছোট ফিল্ম দেখাতে পারেন। প্রশিক্ষণের অংশস্বরূপ অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা জানাতে বলুন। মিটিং শেষে তাদের জিজ্ঞাসা করুন এই অনুষ্ঠানের ফলে তাদের মনোভাব এবং আচরণ কিভাবে বদলে যাবে।

**5.** ভবিষ্যৎ পরিকল্পনা, রূপায়ন এবং পর্যবেক্ষণের জন্যে উদ্যোগটি স্থানীয় শাসন ব্যবস্থার হাতে তুলে দিন।





# ছাদে বৃষ্টির জল সংগ্রহের ব্যবস্থা

চলতে থাকা শহরীকরণ এবং জলবায়ুগত পরিবর্তন এর মিলিত প্রভাবগুলি শহরগুলিতে জলের সংকটের কারণ। বৃষ্টির জল সংগ্রহ করার ব্যবস্থা স্থাপন করলে খরার সময় তা বর্তমান জল সংস্থানের পরিপূরক হতে পারে এবং বর্ষাকালে জলের অপচয় কম করা যায়।

কাপড় কাঁচা, ধোয়া ও বাগান করার জন্য বাসিন্দারা বর্ষার জল ব্যবহার করতে পারে (তবে খাওয়ার জন্যে না)। বর্ষার জল সংগ্রহ জল ব্যবস্থার বিকেন্দ্রীকরণে সহায়ক হয়, তার পাশাপাশি জল সরবরাহকারী কোম্পানির কাছ থেকে চাহিদা কম করা যায়। সমাজের মধ্যে মিলিত ভাবে ব্যবহার্য স্থান খুঁজে নেওয়া, যেমন বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থার জন্যে ছাদকে কাজে লাগালে মালিকানা এবং রক্ষণাবেক্ষণ বজায় থাকবে এবং সমাজটির মধ্যে সংহতি বৃদ্ধি হবে।

বর্ষার জল সংগ্রহের চারটি প্রধান উপাদান হল জল ধরে রাখার ক্যাচমেন্ট, বহন, পরিস্রাবণ করা এবং জমা করে রাখা। ক্যাচমেন্টে

বৃষ্টির জল সংগ্রহ করা হয়; তারপর নালি দিয়ে সেই জল পরিবহন করা যায়; পরিস্রাবন বৃষ্টির জল থেকে কিছুটা ময়লা দূর করে; তার পর তা পরিসরের জন্য যেমন সাইটের সম্ভাব্যতার উপর নির্ভর করে সেইমত মাটির তলায় ভান্ডারজাত করার ট্যাঙ্কে বা পূর্বনির্মিত জলের ট্যাঙ্কে – জমা করে রাখা যায়।

## ধাপ

**1.** স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অংশীদারি করুন; বিদ্যমান বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থা দেখতে যাওয়ার ব্যবস্থা করুন এবং/বা এই কর্মপ্রচেষ্টা কিভাবে জল ব্যবস্থার বিকেন্দ্রীকরণে এবং জল সরবরাহ কোম্পানির কাছ থেকে জলের চাহিদা কম করে সাহায্য করছে তা বুঝিয়ে বলুন।

**2.** ক্যাচমেন্ট পরিসরের বিষয়ে তথ্য সংগ্রহ করুন। যেমন: সংগ্রহ করা জলের মোট পরিমাণ = এলাকা  জল অপচয় গুণাঙ্ক  বৃষ্টি। অতিরিক্ত গুণাঙ্কটি জলগ্রহণের অঞ্চলের পৃষ্ঠতলের ওপর নির্ভরশীল (যেমন ছাদের ক্ষেত্রে এটি 0.75–0.95)।

**সময়**

- আকার অনুসারে, কম পক্ষে 4–6 মাস

**অসুবিধা**

- বেশি

**সংস্থান**

- বর্জিত অংশ যাওয়ায় বাধা দিতে পুরু জাল।



- নালি – সাধারণ জিঙ্কের পরত যুক্ত লোহার শীট, বা পলিভিনাইল ক্লোরাইড (PVC) পাইপ যা দুটি অর্ধ বৃত্তাকার চ্যানেলের আকারে নেওয়া, বা বাঁশ বা সুপারি গাছের কান্ড অর্ধেক করে, লম্বালম্বি কেটে নেওয়া।





- পাইপ – জল ভান্ডারজাত করার ট্যাঙ্ক পর্যন্ত পৌঁছে দেওয়ার জন্যে PVC বা জিঙ্কের পরত যুক্ত লোহার পাইপ।
- প্রথম বর্ষার জল ফেলে দেওয়ার জন্যে প্লাগ বা ভাল্ব।



- পরিস্রাবন – নেটে ঢাকা ও বালি ও নুড়ি পাথরে ভরা পাত্র যা বৃষ্টির জল ফিল্টার করে।





- ফিল্টার করার পাত্রের নিচের দিকে লাগানো ভাল্ব বা বহির্গমনের নল।
- ভান্ডারজাত করার ট্যাঙ্ক – মজবুত সিমেন্ট কনক্রিট, ফেরোসিমেন্ট, বাঁধানো, পলিথিলিন বা জিঙ্কের পরত যুক্ত লোহার পাত দিয়ে তৈরি।

**অংশগ্রহণকারী**

- শহরের কর্মকর্তা
- আবাসীয় বা পাড়ার সংগঠন(সমূহ)
- পরিবার
- তরুণ এবং মহিলা গোষ্ঠী
- সমাজের প্রতিনিধি/লীডার
- স্কুল
- ব্যবসায়িক সংগঠন
- রাজমিস্ত্রি এবং প্লাম্বার
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**

- 20–25 জন (স্বেচ্ছাসেবী, ভাগীদার, প্রযুক্তিবিদ ইত্যাদি সমেত)

**3.** যে ক্যাচমেন্ট পরিসরে বৃষ্টির জল সংগ্রহ করা হবে তা বেছে নিন: ক্যাচমেন্ট এলাকা যত বড় হবে ততই বেশি পরিমাণ জল সংগ্রহ করা যাবে। সমাজভিত্তিক স্থানগুলির মধ্যে রয়েছে স্কুল, সরকারী বিল্ডিং এবং পুজোর স্থান। সঠিক অবস্থানটি খুঁজে বের করতে সমাজের সদস্যদের যুক্ত করুন।

**4.** তাছাড়া সিস্টেমের ডিজাইন নিয়ে সমাজের সদস্যদের সঙ্গে পরামর্শ করুন; উদাহরণস্বরূপ পরিসরের জন্য যা উপযুক্ত সেইমত মাটির তলায় ভান্ডারজাত করার ট্যাঙ্ক হওয়া উচিত, না কি পূর্বনির্মিত স্টীল ট্যাঙ্ক হওয়া উচিত। চলতি নিয়ম অনুযায়ী, লভ্য বার্ষিক বৃষ্টিপাতের 5 শতাংশ সংরক্ষণ ট্যাঙ্কের আকার হিসেব করার জন্যে একটি উত্তম সূচনা বিন্দু।

**5.** স্থানীয় প্রযুক্তি এবং উপকরণ ব্যবহারের মাধ্যমে বৃষ্টির জল সংরক্ষণ ব্যবস্থাটি নির্মাণ করুন। উপকরণগুলি যোগাড় করতে এবং সংযুক্ত করতে সমাজের সঠিক দক্ষতা সম্পন্ন সদস্যদের যুক্ত করে খরচ ন্যূনতম রাখুন।

**6.** সমাজের সদস্যদের মধ্যে কাজ এবং রক্ষণাবেক্ষণের ব্যাপারে সম্মত হন এবং তা ধার্য করুন। উদাহরণস্বরূপ, যদি নিয়মিত নালি পরিষ্কার না করা হয় এবং ভান্ডারজাত করার ট্যাঙ্ক ঠিকমত ঢেকে না রাখা হয়, তা মশার বংশবৃদ্ধিতে সহায়ক হয়।



# ঘরের বর্জ্য পৃথকীকরণের প্রতিযোগিতা

উৎস থেকে বর্জ্য পৃথক করা একটি সহজ পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) প্রক্রিয়া, কিন্তু যেকোন কঠিন-বর্জ্য ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। আবর্জনা অন্তত দুটি শ্রেণীতে – বায়োডিগ্রেডেবল (রান্নাঘরের বর্জ্য পদার্থ) এবং ননবায়োডিগ্রেডেবল (যেমন প্লাস্টিক) ভাগ করা যায়। বর্জ্যগুলিকে পৃথক করে এবং সেরা পদ্ধতিটি ভাগ করে নেওয়ার ব্যাপারে উৎসাহিত করতে পুরস্কারগুলি একটি কার্যকরী উপায় হয়ে উঠতে পারে।

**সময়**
- কর্মপ্রচেষ্টার আকার অনুসারে: পাড়ার প্রারম্ভিক প্রয়াসে 3–6 মাস সময় লাগতে পারে, শহর জুড়ে প্রকল্পে 2–3 বছর বা তার বেশি লাগতে পারে।

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- তথ্য, শিক্ষা, যোগাযোগের উপকরণ (যেমন পোস্টার, প্রচারপত্র ইত্যাদি।)
- পুরস্কার (পদক, সার্টিফিকেট বা স্থানীয় প্রসঙ্গে প্রতীকসুলভ জিনিস)

**অংশগ্রহণকারী**
- শহরের কর্মকর্তা এবং/বা বেসরকারি -ক্ষেত্রের ব্যবস্থাপক/কনট্রাক্টর যারা শহরের শক্ত -বর্জ্য পদার্থের ব্যবস্থাপনার দায়িত্বে আছে
- আবাসীয় বা পাড়ার সংগঠন(সমূহ)
- পরিবার
- স্বেচ্ছাসেবী
- তরুণ এবং মহিলা গোষ্ঠী
- সমাজের প্রতিনিধি/লীডার
- ব্যবসায়িক সংগঠন
- স্কুল
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**
- প্রায় 4–5 জন স্বেচ্ছাসেবী (আকার অনুসারে) এবং অন্যান্য ভাগীদার

## ধাপ

1. স্থানীয় সরকার, বেসরকারি ক্ষেত্রের আবর্জনা সংগ্রহকারী এবং অন্যান্য প্রধান ভাগীদারদের অংশীদারি গড়ে তুলুন।
2. উৎস থেকে ঘরোয়া আবর্জনা পৃথক করা/পুনর্ব্যবহার করার স্তর/যে পরিমাণ শক্ত আবর্জনা ফেলে দেওয়া হয় তা কম করার একটা লক্ষ্য স্থির করে নিন।
3. পরিকল্পনা:
   - যেখানে এই কর্মপ্রচেষ্টা করা হবে সেই স্থানটি বেছে নিন
   - প্রত্যেকটা ভাগীদারের কাজের ভূমিকা জানিয়ে দিন
   - নির্দিষ্ট করা এলাকার আবর্জনা সংগ্রহকারীদের সনাক্ত করুন
   - সমস্যার বিষয়ে সব পরিবারের সচেতনতা বাড়াতে এবং আবর্জনা এবং পুনর্ব্যবহার করার বিষয়ে তাদের মানসিকতা বদলাতে তথ্য, শিক্ষা, যোগাযোগের উপকরণ তৈরি করুন
   - যে পরিবারগুলি সবচেয়ে সেরা কাজ করবে তাদের পারিতোষিক দিতে পুরস্কার বেছে নিন।
4. স্থানীয় লীডার, অন্যান্য গণ্যমান্য ব্যক্তি ও মিডিয়ার উপস্থিতিতে একটি অনুষ্ঠানে এই কর্মপ্রচেষ্টার সূত্রপাত করুন। এই কর্মপ্রচেষ্টার বার্তা - কম করা, পুনরায় কাজে লাগানো এবং পুনর্ব্যবহার করা এবং যে পরিমাণ আবর্জনা ফেলে দেওয়া হয় তা কম করার প্রয়োজনের বিষয়ে আবার জানান। পুরস্কার, অন্য কোনও উৎসাহ বর্ধন ও সময়সীমা ঘোষণা করুন।
5. প্রতি ৪-10 সপ্তাহে পরিবারগুলির প্রগতির প্রতি নজর রাখুন। সংগ্রহ করার সময়ে বর্জ্যগুলিকে পৃথকীকরণের ভিত্তিতে যে পরিবারগুলি পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) এ সেরা সেগুলিকে চিহ্নিত করুন এবং, তার জন্যে বর্জ্য নিষ্পত্তির স্থানে মিশ্রিত বর্জ্য কম পরিমানে পৌঁছয়।
6. স্থানীয় লীডার এবং গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে সপ্তাহ 12–14 তে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করুন।
7. শহরের অন্যান্য এলাকাতেও এই কর্মপ্রচেষ্টার বিস্তার করুন।

## কেস স্টাডি




## SUNYA (দক্ষিণ এশিয়ায় আবর্জনা শূন্য হওয়ার পথে) প্রকল্প, ওয়ার্ড নং 23, কোয়েম্বাটুর, ভারত

2011-এ, দক্ষিণ ভারত স্থিত কোয়েম্বাটুর সিটি মিউনিসিপাল কর্পোরেশন (CCMC) – প্রকল্প – SUNYA (দক্ষিণ এশিয়ায় আবর্জনা শূন্য হওয়ার পথে)-এ অংশ নিয়েছিল, তাতে ইয়োরোপিয়ান ইউনিয়নের সমর্থন ছিল। এই প্রকল্পের উদ্দেশ্য ছিল পৌরসভার শক্ত আবর্জনার ব্যবস্থাপনায় 3R নীতি (কম করা, পুনরায় কাজে লাগানো এবং পুনর্ব্যবহার) প্রচার করা।

ICLEI-এর সঙ্গে কাজ করা: লোকাল গভর্নমেন্ট ফর সাস্টেনেবিলিটি, সাউথ এশিয়া – এক অন্যতম সম্পাদন সহযোগী – স্থানীয় NGO, CCMC এর সঙ্গে কাজ করে প্রারম্ভিক প্রকল্প হিসাবে ওয়ার্ড নং 23-এ উৎস থেকে শক্ত আবর্জনা পৃথক করা শুরু করেছিল। আবর্জনা সংগ্রহকারীরা ভেজা আবর্জনা CCMC দ্বারা নির্দিষ্ট করা ভার্মিকমপোস্টিং স্থলে (ভার্মিকমপোস্টিং এক প্রকারের পচন প্রক্রিয়া যাতে কেঁচোজাতীয় কীট দিয়ে জৈব সার তৈরি করা হয়) পৌঁছে দিত। একই সঙ্গে, সংগ্রহকারীরা পুনর্ব্যবহারযোগ্য বর্জ্য পদার্থ একটা বেসরকারি রিসাইক্লিং সংস্থাকে দিত এবং তারা রিসাইক্লেবল পদার্থের দাম সংগ্রহকারীদের দিয়ে দিত।

তার পাশাপাশি, CCMC উৎস থেকে শক্ত আবর্জনা পৃথক করায় উৎসাহ বর্ধন করতে সচেতনতা বৃদ্ধি এবং আচরণ গত পরিবর্তনের অভিযান চালিয়েছিল। তাছাড়া যেসব পরিবার আবর্জনা পৃথক করেনি তাদের থেকে জরিমানা নেওয়া হয়েছিল। বাসিন্দাদের উৎসাহ বর্ধন করতে ও প্রেরণা দিতে, যেসব পরিবার সবচেয়ে সুচারু রূপে এই কাজগুলি করেছিল তাদের CCMC-র মেয়র এবং কমিশনার সার্টিফিকেট ও শাল দিয়ে পুরস্কৃত করেছিল (সব সমেত ষাট-টা)। তদুপরি, বেসরকারি সংস্থাকে যে পরিমাণ পুনর্ব্যবহারযোগ্য পদার্থ এবং ভার্মিকমপোস্টিং স্থলে অপেক্ষাকৃত কম পরিমাণ মিশ্র আবর্জনা দেওয়া হয়েছিল তার ভিত্তিতে সবচেয়ে সেরা আবর্জনা সংগ্রহকারীদের পারিতোষিক রূপে এক গ্রাম সোনার কয়েন দিয়েছিল।

বর্তমানে কোয়েম্বাটুরের আরও কয়েকটা ওয়ার্ডে এবং ভারতের অন্যান্য শহরে যেমন উদয়পুর, শিলিগুড়ি, জয়সলমের এবং কিষণগড়ে এই কর্মপ্রচেষ্টার পুনরাবৃত্তি করা হচ্ছে। এছাড়া ভারত সরকারের অন্যতম কর্মসূচি – স্বচ্ছ ভারত প্রোগ্রামেও এই কর্মপ্রচেষ্টা অন্তর্ভুক্ত করা হয়েছে।

**কোয়েম্বাটুর ভারতের SUNYA প্রকল্পে ওয়ার্ড নং 23-এ দোর গোড়া থেকে পৃথককৃত শক্ত আবর্জনা সংগ্রহ করা হচ্ছে**
(ফোটো: ICLEI – লোকাল গভর্নমেন্ট ফর সাস্টেনেবিলিটি, সাউথ এশিয়া)

## কেস স্টাডি



# উয়াগাদুগু, বুর্কিনা ফাসোয় সাফাই কর্মীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা বাড়ানো

বুর্কিনা ফাসোর উয়াগাদুগু-তে, পিট ল্যাট্রিন এবং সেপটিক ট্যাঙ্কগুলি সাধারণতঃ হাতের সাহায্যে খালি করা হয়। এই কাজের জন্যে গুটি কয়েক যন্ত্রচালিক ভ্যাকিউম ট্রাক আছে বটে তবে প্রায়ই সেসব 20 বছরের বেশি পুরানো এবং অকেজো। এই ট্রাকগুলি তরল আবর্জনা দূর করতে পারলেও, ঘন মল-কাদা রয়ে যায় যা হাত দিয়ে পরিষ্কার করতে হয়। এটা বিধিবর্জিত পেশার মত, যাতে মূলত 40 বছরের বেশি বয়সের ও বেকার যুবকদের কাজে লাগানো হয়।

দ্য ম্যানুয়াল এম্পটিয়ার অ্যাসোসিয়েশন (ABASE), স্থানীয় সরকার, NGO এবং বুর্কিনা ফাসোর জল এবং পরিচ্ছন্নতা মন্ত্রণালয়ের সহযোগিতায় একটি সচেতনতা বৃদ্ধির প্রোগ্রামের মাধ্যমে সাফাই কর্মীদের স্বাস্থ্য এবং সুস্থতা বাড়ানোর কর্মপ্রচেষ্টা শুরু করেছে। তারা শহরের 25 জন পরিষ্কার করার কায়িক শ্রমিকদের সনাক্ত করে তাদের স্বাস্থ্য, পরিচ্ছন্নতা এবং নিরাপত্তা পদ্ধতিতে প্রশিক্ষণ দিয়ে এটা সম্ভবপর করেছে। তাছাড়া ABASE এইসব কায়িক শ্রমিকদের টীকাকরণও করেছে এবং তাদের সাম্প্রতিকতম সুরক্ষাদায়ক পোশাক এবং খাটা পায়খানা ও সেপটিক ট্যাঙ্ক খালি করার আধুনিক যন্ত্র পাতি দিয়েছে। এইসব জরুরী শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা পদ্ধতিতে উন্নতি করার জন্যে ব্যবস্থার ক্রমোন্নয়ন করার জন্যে ABASE অবিরাম উয়াগাদুগু-তে শহরের কর্মকর্তাদের কাছে আবেদন করে চলেছে।

2017-এ, উয়াগাদুগু-তে সক্রিয় এবং সফল কাজের জন্যে জল এবং পরিচ্ছন্নতা মন্ত্রণালয় ABASE-কে সক্রিয় এবং সফল কাজের জন্য আধিকারিক স্বীকৃতি দিয়েছে (রিসুদ দে প্রফেশনেল জুনিয়ার্স 2017)।

**উয়াগাদুগু, বুর্কিনা ফাসোয় তিন জন সাফাই কর্মী**
ওয়াটার এড/বেসিল ওয়েদরাওগো

## কেস স্টাডি




**ফিলিপিন রেড ক্রসের কর্মীদল ও স্বেচ্ছাসেবীদের দ্বারা আয়োজিত বারাংগে 101, টন্ডো-র ছেলেমেয়েদের সঙ্গে হাত ধোয়ার প্রোগ্রাম।**
(ফোটো সৌজন্য: ফিলিপিন রেড ক্রস।)

# মনিলা, ফিলিপিন্সে টন্ডোর অপরিকল্পিত কলোনিতে WASH অনুশীলনে উন্নয়ন

নেদারল্যান্ডস রেড ক্রসের সঙ্গে মিলে ফিলিপিন রেড ক্রস বারাংগে 101 টন্ডো, মনিলা, ফিলিপিন্সে অপরিকল্পিত কলোনিতে আরও উন্নতমানের WASH অনুশীলন ও সুবিধা ব্যবস্থার সূত্রপাত করেছে। পাড়ার দুটি স্কুলও এই কাজে যোগ দিয়েছিল, সেখানে ঐ সমাজের প্রায় 5,000 ছেলেমেয়ে পড়াশোনা করে। মনিলার এই এলাকায় সবচেয়ে বেশি পেট খারাপ, কলেরা, টাইফয়েডের সমস্যা ছিল এবং সেখানকার 10,500 বাসিন্দাদের পরিচ্ছন্নতায় খুব সীমিত অ্যাক্সেস ছিল। লোকেদের সুরক্ষিত জল এবং মৌলিক পরিচ্ছন্নতায় অ্যাক্সেস বাড়িয়ে তাদের স্বাস্থ্য এবং সহনশীলতা বাড়ানো এই কর্মপ্রচেষ্টার উদ্দেশ্য ছিল।

মিউরাল পেন্টিং, গান লেখা ও রিসাইক্লিং প্রতিযোগিতার মত অভিনব উপায়ে যোগাযোগ করা হয়েছিল। স্কুলে, দলটি তথ্য, শিক্ষা ও যোগাযোগের উপকরণ তৈরি করেছিল এবং সুস্বাস্থ্যবিধির প্রয়োজনীয়তা সম্বন্ধে সচেতনতা বাড়াতে এবং স্কুলের ছাত্রছাত্রীদের আচরণে পরিবর্তনে উৎসাহবর্ধন করতে চরিত্রাভিনয় পদ্ধতি ব্যবহার করেছিল। অন্যান্য কাজের মধ্যে ছিল মৌখিক স্বাস্থ্য অভিযান এবং ডেঙ্গু জ্বর সচেতনতা অভিযান। স্কুল ও সমাজে গ্লোবাল হ্যান্ডওয়াশিং ডে এবং ওয়ার্ল্ড টয়লেট ডে-ও পালন করা হয়েছিল। তাছাড়া, দলটি স্থানীয় জল কোম্পানির সহযোগিতায় একটা সামাজিক জল স্টেশনও স্থাপন করেছিল যাতে সুরক্ষিত পেয় জল সহজসাধ্য হয়। স্কুল টয়লেটগুলির সংস্কারসাধন করা হয়েছিল এবং স্কুলের জল সরবরাহে উন্নতি করা হয়েছিল।

WASH সুবিধাদির রক্ষণাবেক্ষণের জন্য বারাংগে ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অ্যাসোসিয়েশন গঠন করা হয়েছিল। গুরুত্বপূর্ণ বিষয় এই যে বারাংগে লীডাররাও এই কর্মপ্রচেষ্টায় সমর্থন দিয়েছিল এবং প্রকল্পের সাফল্যে সমাজটি হেল্থ ভলান্টিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। অপরিকল্পিত কলোনিতে আরও পরিচ্ছন্নতা এবং সুস্বাস্থ্যবিধির অনুশীলন চলছে, এখন জীবিকার্জনের একটি প্রোগ্রামের মাধ্যমে ক্ষমতা-গঠন করা ও স্টার্ট-আপে সমর্থনও দেওয়া হয়।



# প্রকৃতি-ভিত্তিক সমাধান

**আও বাসযোগ্য, জলবায়ু-সহনশীল, স্বাস্থ্যকর এবং জৈব বিবিধতাপূর্ণ শহর গড়ে তোলার মূলে আছে প্রকৃতি-ভিত্তিক সমাধান। তাতে নানা সুবিধা পাওয়া যায়, যেমন শহরবাসীদের জলবায়ু সংক্রান্ত দুর্যোগের সংস্রব কম করা এবং শহরের সৌন্দর্য বৃদ্ধি হয় এবং বিবিধ ইকোসিস্টেম পরিষেবা পাওয়া যায়।**

প্রকৃতি-ভিত্তিক সমাধান/নেচার-বেসড সলিউশনস (NbS) হল এমন কিছু পদক্ষেপ যা সামাজিক সমস্যাগুলির মোকাবিলায় সহায়তা করতে প্রকৃতি নিয়ে কাজ করে এবং তা উন্নত করে। এইগুলি মানব হিতে সাহায্য করার জন্য প্রাকৃতিক প্রণালী ব্যবহার করে গঠিত সুপরিকল্পিত ও সুসংবদ্ধ স্থান বা ইকোসিস্টেম হতে পারে। এর মধ্যে রয়েছে জলাভূমি এবং জঙ্গল (বাস্তুতন্ত্র) থেকে শুরু করে কৃত্রিম বর্ষাজলের বাগান এবং নীল ও সবুজ ছাদ বা দেওয়াল।

যে কোনও জায়গা সদ্ব্যবহার করার সময় লক্ষ্য রাখা দরকার তা যেন বহুবিধ পরিষেবা ও সুবিধা প্রদান করতে পারে - বিশেষ করে শহরে যেখানে স্থান অকুলান। NbS নানা ভাবে এই লক্ষ্য পূরণ করে, উদাহরণস্বরূপ, বন্যা ও খরা থেকে সুরক্ষা দিয়ে, শহরের কিছু কিছু স্থানে উত্তাপবৃদ্ধির প্রভাব কম করে, বাতাসের গুণগত উন্নতি করে এবং স্বাস্থ্য সেবার ব্যয়ভার কম করে। একই সঙ্গে, এর ফলে শহরের সৌন্দর্য বাড়ে, সামাজিক সঙ্গতি রক্ষা করা হয় এবং কার্বন-রহিত পরিবহনে সহায়ক হয়, যেমন সার্বজনীন পার্কে হাঁটা ও সাইকেল পথ তৈরি করা। NbS পারিপার্শ্বিক ভূসম্পত্তির মূল্য এবং সংশ্লিষ্ট (স্থানীয়) সরকারী কর থেকে উৎপন্ন আয় বৃদ্ধি করতে পারে।

শহর ব্যাপী এবং রাস্তা এবং পারিবারিক স্তর পর্যন্ত, মানুষ এবং প্রকৃতির জন্যে NbS নিরাপদ, স্বাস্থ্যকর এবং উপভোগ্য জীবনযাপনের পরিস্থিতি তৈরী করতে পারে।

# গ্লোবাল লিঙ্ক

শহরের NbS এইসব বিষয়ে (স্থানীয় এবং জাতীয়) পরিকল্পনার অংশ হতে পারে এবং আন্তর্জাতিক সম্মেলনে রিপোর্ট করতে পারে:

- দীর্ঘস্থায়ী বিকাশ – দীর্ঘস্থায়ী উন্নয়ন লক্ষ্য 11 এবং 13
- জলবায়ু পরিবর্তন: প্যারিস চুক্তি 2015; তালানোআ ডায়লগ – জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জাতি সঙ্ঘের আদেশ, ইউনাইটেড নেশন্স ফ্রেমওয়ার্ক কনভেন্সন ফর ক্লাইমেট চেঞ্জ অনুসারে 2020 পর্যন্ত দেশগুলিকে তাদের রাষ্ট্র স্তরে নির্ধারিত যোগদান অর্থাৎ ন্যাশনালি ডিটারমিন্ড কনট্রিবিউশন কার্যত প্রয়োগ করা এবং বিকাশে সাহায্য করা
- কমপ্যাক্ট অফ মেয়র্স – গ্রীনহাউস গ্যাস নিঃসরণ কম করা, প্রগতিতে নজর রাখা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের প্রস্তুতি নেওয়ার প্রতিশ্রুতি
- জৈব বিবিধতা – কনভেন্সন অন বায়োলজিকাল ডায়ভার্সিটি থেকে আলচি বায়োডায়ভার্সিটি টার্গেট
- জলাভূমি – রামসার কনভেন্সন (আন্তর্জাতিক গুরুত্বের জলাভূমি সংক্রান্ত); ওয়েটল্যান্ড সিটি অ্যাক্রেডিশন
- আকস্মিক দুর্যোগের আশঙ্কা কম করা-সেনডাই ফ্রেমওয়ার্ক
- স্বাস্থ্য – বিশ্ব স্বাস্থ্য সংগঠন
- এবং শহরে নেটওয়ার্কের সদস্যতা, যেমন ICLEI – লোকাল গভর্নমেন্টস ফর সাস্টেনেবিলিটি; C40 সিটিজ – জলবায়ু নেতৃত্বের একটি আন্তর্জাতিক দল; এবং গ্লোবাল রেজিলিয়েন্ট সিটিজ নেটওয়ার্ক – বিপদগ্রস্ত সমাজের জলবায়ু পরিবর্তন এবং শহরের অন্যান্য বাস্তব, সামাজিক এবং আর্থিক প্রতিকূলতা ও চ্যালেঞ্জ থেকে সুরক্ষিত করা।

স্থানীয় এবং জাতীয় বাজেট থেকে স্থানীয় সরকার এবং জাতীয় মন্ত্রণালয় NbS কর্মপ্রচেষ্টার জন্যে অর্থ সংস্থানের ব্যবস্থা করতে পারে। তা না হলে, (আন্তর্জাতিক) অ-সরকারি সংগঠন (NGO) অ-প্রাতিষ্ঠানিক দাতাদের অনুসন্ধানে সাহায্য করতে পারে। বৃহত্তর প্রকল্পের প্রস্তাবগুলি জাতীয় মন্ত্রণালয়ের মাধ্যমে UN ব্যবস্থার কাছে পাঠানো যায় (যেমন ইউনাইটেড নেশন্স এনভায়ারমেন্ট প্রোগ্রাম; ইউনাইটেড নেশন্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম) এবং সম্পর্কিত আর্থিক প্রতিষ্ঠান সমূহ যেমন গ্রীন ক্লাইমেট ফান্ড, ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা আঞ্চলিক বিকাশের ব্যাঙ্ক।





# সমাজের সংরক্ষণ কার্যে মানুষকে একজোট করা

নির্মিত পরিবেশের জবরদখল; রক্ষণাবেক্ষণের অভাব; এবং বর্জ্য ও অন্যান্য দূষণ সৃষ্টিকারকের কারণে শহরের প্রকৃতি বিধ্বস্ত। ক্রমাবনতি হলে, শহরের বাসিন্দাদের শহরের প্রকৃতি অপরিহার্য ইকোসিস্টেম দিতে পারবে না তার ফলে সেখানকার মানুষ ও বন্য জীবের ক্ষতি হতে বাধ্য।

এক দিনের প্রকৃতি সংরক্ষণের কর্মসূচিতে সমাজগোষ্ঠীকে একত্র করা শহরে হিতকর প্রভাব ফেলার একটা অসাধারণ উপায়। এই কর্মসূচিতে আছে পার্ক বা হ্রদের চারিপাশ থেকে আবর্জনা সাফ করা; গাছ লাগানো; বন্ধ হয়ে যাওয়া জল পথ আবার খোলা; বা বিকাশের ফলে বিপন্ন শহরে প্রকৃতিকে সুরক্ষিত করার দাবি জানিয়ে প্রদর্শন।

**সময়**
- দুই থেকে পাঁচ দিন: তৈরি করতে 1-4 দিন, কাজের 1 দিন

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**

কাজ অনুসারে:
- বাগান করার দস্তানা, রবারের জুতা, আবর্জনার ব্যাগ, বেলচা, নিড়ানি এবং পরিষ্কার করার জন্যে হাতগাড়ি
- গাছের চারা, বেলচা, কমপোস্ট/চাষের মাটি, বাগান করার দস্তানা এবং হাত-গাড়ি গাছ লাগানোর জন্যে
- মেগাফোন, ব্যানার ও প্ল্যাকার্ড প্রদর্শনের জন্যে
- সংরক্ষণে অন্যদের জড়িত করার জন্যে সোশাল মিডিয়া অ্যাকাউন্ট এবং ফোটো/ভিডিও ক্যামেরা সমেত মোবাইল ফোন

**অংশগ্রহণকারী**
- সমাজের সদস্য
- স্কুল
- NGO এবং সুশীল সমাজের সংগঠনের কর্মী
- অন্য স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10 জন বা তার চেয়ে বেশি

## ধাপ

1. প্রকৃতি কোথায় বিপন্ন তা জানতে সমাজের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করুন। স্থানীয় পরিবেশগত এবং সামাজিক বিকাশের সঙ্গে যুক্ত NGO এবং সমাজ-ভিত্তিক সংস্থাগুলিকে যুক্ত করুন যারা সমর্থন যোগাতে আগ্রহী। সম্মিলিত উদ্দেশ্যগুলির ব্যাপারে সহমত হন এবং (সামাজিক) মাধ্যম, উপকরণাদি এবং মানুষকে একত্রিতকরণের কাজের জন্যে সমন্বয়সাধণকারী(দের) নিয়োগ করুন।

2. অংশগ্রহণকারীদের উপস্থিতির ওপর নির্ভর করে একটি দিন ঠিক করুন যেদিন গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করা যাবে এবং অন্যান্য বড় আকারের স্থানীয় অনুষ্ঠানের সঙ্গে বিরোধ ঘটবে না। প্রয়োজনীয় বিষয়গুলির সূচী তৈরী করুন এবং যৌথ দলটির মধ্যে কাজগুলি ভাগ করে দিন। সমাজের মধ্যে এবং অনলাইন মারফৎ ফ্লায়ারগুলি ভাগ করে দিন।

3. যৌথ দলের সদস্যদের সঙ্গে স্থানটি পরিদর্শন করার মাধ্যমে শুরু করে কাজের দিনটির পরিকল্পনা করে নিন। ওদের সাহায্য নিয়ে, ভেবে নিন কোন কোন সম্ভাব্য সমস্যাগুলি অনুষ্ঠানটিকে বিঘ্নিত করতে পারে (যেমন আবহাওয়া, যানজট, পরিবহন ধর্মঘট)। তা প্রশমিত করার পদক্ষেপ নিন।

4. কাজটি রূপায়িত করুন এবং সামাজিক মাধ্যমে আপডেট পোস্ট করুন। কাজটির যদি আবার করতে হয়, কে নেতৃত্ব দেবেন সে ব্যাপারে সম্মত হন এবং উপকরণাদি রাখুন/সরবরাহ করুন ইত্যাদি।



# অপারেশন স্টোনব্রেকার

শহরের শান বাঁধানো জায়গাগুলি ভেঙে জৈব বিবিধতাপূর্ণ ও ফল বা ভেষজ গাছপালা লাগানো হলে মানুষের শরীর-স্বাস্থ্যে শহরীকরণের প্রতিকূল প্রভাব বিপরীতমুখী করা যায়, জৈব বিবিধতা ও জল নিরাপত্তা দেওয়া যায় এবং শহরের কিছু কিছু স্থানে উত্তাপবৃদ্ধি কম করা যায়।

আপনার পাড়া বা শহরে আপনি অপারেশন স্টোনব্রেকার নামের এই অভিযান শুরু করতে পারেন। অপ্রয়োজনীয় শান বাঁধানো পাথর, কনক্রিট টাইল বা পিচে ঢাকা জায়গা ভেঙে তার বদলে ঘন সবুজ গাছপালা ও উদ্ভিদের জমি তৈরি করা এর উদ্দেশ্য। এটি বৃষ্টির জল নিষ্কাশন, অতিরিক্ত তাপ এবং বায়ু দূষণ হ্রাস করতে পারে, এবং জীববৈচিত্র্য, ক্ষুদ্র আবাসস্থল, ছায়া, (ওষধি) ভেশজ বা ক্ষুদ্র ফসলের জন্যে জন্যে স্থান বৃদ্ধি করতে পারে।

শুরু করার আগে প্রয়োজনীয় অনুমতি ও পারমিট নিয়ে নেওয়া, আগে থেকে এইসব অভেদ্য জায়গা দূর করায় সম্মতি নিয়ে নেওয়া বিশেষ জরুরী, এবং এই কাজের ফলে আপনার শহরে অপ্রত্যাশিত সমস্যা সৃষ্টি হবে না (যেমন জল নিকাশ ব্যবস্থায় বাধা পড়া) সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।

**সময়**
- সপ্তাহে অন্তত এক বার

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- স্থান: বাগান, ফুটপাথ, স্কুলের মাঠ, পার্কিং -এর জায়গা, রাস্তা, চৌমাথা
- বেলচা, হাতুড়ি
- কমপোস্ট বা চাষের মাটি
- বীজ, দেশী বা ফল গাছের চারা, ঝোপ, ভেষজ বা ফুল
- সেচনী, হোজ পাইপ বা স্প্রিঙ্কলার
- ফোটো/ভিডিও ক্যামেরা সহ মোবাইল ফোন
- সোশাল মিডিয়া অ্যাকাউন্ট (হ্যাশট্যাগ রাখবেন)
- কর্মকর্তা, ইউনাইটেড নেশন্স সংস্থাসমূহ, অ-সরকারি সংগঠনগুলির কাছে চিঠি

# ধাপ

1. বিজেতাদের খুঁজতে – বিশেষ করে যুববৃন্দদের – কাজটিতে যোগদান করার জন্যে স্কুল এবং বৃহত্তর সম্প্রদায়ে সামাজিক মাধ্যম মারফৎ প্রচারাভিযান শুরু করুন।

2. প্রথম জায়গা(গুলি) সনাক্ত করুন এবং শান বাঁধানো পাথর, কনক্রিট টাইল বা পিচে ঢাকা জায়গা তুলে ফেলে তার বদলে দেশজ গাছ, ফল ও ভেষজ গাছপালা লাগানোর আগে প্রয়োজনীয় অনুমতি নিয়ে নেবেন। সোশাল মিডিয়ায় প্রচার করুন – যেসব পক্ষ আগ্রহী হতে পারে তাদের হ্যাশট্যাগ করুন।

3. স্থানীয় পরিবারগুলির বাড়ির চারপাশের ‘পাথর ভাঙা’য় সমর্থন যুগিয়ে প্রচারাভযানটি শুরু করুন। পার্কিং এর স্থান বা খেলার মাঠে ‘গাছ’ লাগানোর ব্যাপারে স্কুল এবং পাবলিক বিল্ডিংগুলিকে উৎসাহিত করুন। সমাজের অর্ন্তভুক্ত স্থান এবং রূপান্তরযোগ্য গলিগুলি সনাক্ত করতে স্থানীয় শাসন ব্যবস্থাটিকেও নিযুক্ত করুন।

**অংশগ্রহণকারী**

- বাড়ির মালিক
- সমাজের লীডার
- তরুণ দল
- স্কুল
- স্থানীয় সরকার: মেয়র, স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি
- স্পনসর: বাগান কেন্দ্র, হোলসেলার
- অভিযানের প্রতিনিধি
- মিডিয়া
- UN সংস্থাসমূহ এবং NGO

**অংশগ্রহণকারী সংখ্যা**

- দুইজন বা তার বেশি

**4.** অনুষ্ঠান এবং বিজ্ঞাপনী উদ্যোগের মাধ্যমে বৃহত্তর পদক্ষেপ নিতে অনুপ্রাণিত করুন। যেমন, কোনও কোম্পানিকে স্থানীয় স্কুলে গাছ সরবরাহ করতে বলা; বা প্রথম 100 মিটার শান বাঁধানো পাথর, কনক্রিট টাইল বা পিচে ঢাকা জায়গা ভেঙে তার বদলে গাছপালা লাগানোর পর তার উৎসব করা।

**5.** এই প্রচারাভিযানের পরিনাম স্বরূপ তাপ এবং অতিরিক্ত বৃষ্টির জল হ্রাস এবং জীববৈচিত্র্য এবং বাতাসের গুণমানের উন্নতি নথিভুক্ত করে রাখার জন্যে বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে কাজ করুন। স্থানীয় লীডার, আন্তর্জাতিক NGO এবং ইউনাইটেড নেশন্স সংস্থাসমূহকে এই পরিসর(গুলি) দেখতে আমন্ত্রণ জানান।





# বর্ষাজলের বাগান

সম্পত্তির মালিকের জন্যে জল জমে যাওয়া সমস্যার কারণ হয়ে উঠতে পারে। জল নিকাশ ব্যবস্থায় অতিরিক্ত চাপ পড়ার ফলে শহরে বন্যা হয়ে যেতে পারে। বর্ষাজলের বাগান বৃষ্টির জল অনুপ্রবেশে সাহায্য করতে পারে, জল নিকাশ ব্যবস্থায় চাপ কম করতে পারে, আপনার বাগানের সৌন্দর্য বাড়াতে পারে এবং জৈব বিবিধতায় সহায়ক হতে পারে।

বর্ষাজলের বাগান বলতে দেশজ ঝোপ, ছোট গভীর মাটিতে চির সবুজ গাছ ও ফুলের বাগান বোঝায় যা সাধারণত প্রাকৃতিক ঢালু জায়গায় তৈরি করা হয়। গড়িয়ে পড়া বৃষ্টির জল সংগ্রহ, শোষণ ও পরিস্রাবণের জন্যে এই বর্ষাজলের বাগান তৈরি করা হয় এবং ঘরোয়া পরিবেশে বা বাণিজ্যিক/কারখানা ইউনিটে তৈরি করা যায়। বর্ষাজলের বাগানগুলি বন্যা এবং খরা প্রতিরোধে সাহায্য করে কারণ সেগুলি শহরের জল নিকাশী ব্যবস্থার ওপর চাপ কমায় এবং মাটির নীচের জলের স্তর বৃদ্ধি করে। এগুলি জীববৈচিত্র্যের জন্যে ক্ষুদ্র আবাসস্থল হয়ে উঠতে পারে এবং নির্মিত পরিবেশের শোভা বর্ধণ করে।

**সময়**
- দুই দিন

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- বাগান বা সবুজ জায়গা সমেত বাড়ি বা বাণিজ্যিক/কারখানার ইউনিট
- বেলচা
- হাত গাড়ি
- বর্ষার জলের পাইপ
- শিলা, পাথর, নুড়ি, কাঁকর,
- কমপোস্ট, বালি
- শক্ত কাঠের গাদা কুচি
- দেশজ চির সবুজ, ফুল ও ঝোপ ঝাড়

**অংশগ্রহণকারী**
- বাড়ি/ব্যবসার মালিক
- স্কুল
- বাগান সমেত সার্বজনীন বিল্ডিং
- সবুজ জায়গা সমেত বাণিজ্যিক/কারখানা ইউনিট
- হাসপাতাল

**অংশগ্রহণকারী সংখ্যা**
- তিন জন বা তার বেশি

## ধাপ

1. ভূসম্পত্তির সবচেয়ে নিচু জায়গায়, বিল্ডিং-এর ভিত থেকে; কম পক্ষে 2.5 মিটার দূরে এবং সব সার্বজনীন সুবিধাদির লাইন এড়িয়ে বর্ষাজলের বাগান তৈরি করা উচিত। যাতে প্রকৃতিজাত দেখতে লাগে, বর্ষাজলের বাগানগুলি সাধারণতঃ গোল বা বক্রাকৃতি হয় এবং এর মাপ অন্তত‌পক্ষে 2–3 মিটার$^2$। আদর্শগতভাবে, একটি বর্ষাজলের বাগান মোট এলাকার 20 শতাংশ জুড়ে থাকে যেটির মধ্যে সব জল গিয়ে জমা হয়।

2. যেকোন রাস্তা বাধানোর পাথর, কনক্রিটের টালি বা অ্যাস্ফল্টের পৃষ্ঠতল এবং আগাছা সরিয়ে দিন। এর পরে বর্ষাজলের বাগানের সারি ধরে মাটিতে 15–30 সেন্টিমিটার গর্ত খুঁড়ুন। এগুলি খুঁড়ে তোলা মাটি জড়ো করুন, যাতে ঢালু তৈরী হয় এবং প্রান্তগুলি গোলাকার হয়।

3. ভূসম্পত্তির নিম্নমুখী পাইপগুলি বর্ষাজলের বাগানের দিকে করে রাখবেন, লক্ষ্য রাখবেন বর্ষার জল উপচে পড়ার সম্ভাবনা থাকলে তা যেন মূল নালিতে গিয়ে পড়ে। যেখান দিয়ে বর্ষার জল বাগানে ঢুকছে স্রোত কম করতে সেখানে পাথর রাখবেন। অনুপ্রবেশ বাড়াতে যে গর্ত দিয়ে নিম্নমুখী পাইপ বর্ষাজলের বাগানে ঢুকছে সেখানে কমপোস্ট ও বালি ঢেলে রাখবেন। পরিস্রাবনের জন্যে নুড়ি পাথর,পাথর বা কাঁকরকে বর্ষাজলের বাগানের উপরিস্তর হিসেবে ব্যবহার করুন

**4.** বর্ষাজলের বাগানে স্থানীয় বহুবর্ষজীবী গাছ, ফুল এবং গুল্ম লাগান। এমন সব প্রজাতি নির্বাচন করুন যাতে পরাগ সংযোগকারীরা (মউমাছি, প্রজাপতি) এবং মশার শিকারীরা (ড্র্যাগনফ্লাই) আকৃষ্ট হয়। আপনার বর্ষাজলের বাগানে সঠিক ধরণের গাছগুলি চিনে নিতে কোন বিশেষজ্ঞের সঙ্গে আলোচনা করুন। পরিণত গাছ পালা ও সেসবের অবস্থান বিবেচনা করে নেবেন- যেমন জল সহ্য করতে পারে এমন গাছ মাঝখানে লাগাবেন। প্রথম বছরে নতুন গাছ দুর্বল হয়, তাই প্রথমে দিকে বাগানে জল স্তর কম রাখবেন।

**5.** বর্ষাজলের বাগানের নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে আগাছা বা জমা জল দূর করে দেবেন। যাতে জল শুষে না যায় ও আগাছা কম করা যায় সেইজন্য মাঝখানে নুড়ি, পাথর রাখবেন এবং 5–10 সেন্টিমিটারের শক্ত কাঠের গাদা কুচির পরত রাখবেন। প্রথম বছরে নতুন গাছ দুর্বল হয়, তাই প্রথমে দিকে বাগানে জল স্তর কম রাখবেন।





# পাড়ার ওয়াদিসমূহ

আপনার পাড়ায় ওয়াদি তৈরি করতে পারলে তা অব্যবহৃত সার্বজনীন এলাকার রূপান্তর ঘটাতে পারে; সমস্যাজনক স্থান (যেমন জল জমা হওয়া, আবর্জনা স্তূপাকার হওয়া, মশার উপদ্রব) বন্যা থেকে নিরাপত্তা, ভূগর্ভস্থ জল রিচার্জ ও সামাজিক ব্যবহারের সদুপায় হয়ে ওঠে।

ওয়াদি হল একটি মৌসুমি জলাভূমি যেগুলি বর্ষাকালে বা বৃষ্টির মরসুমে বৃষ্টির জলে ভরে যায়। ওয়াদির উৎস গ্রাম্য হলেও (মূলত আফ্রিকা এবং আরব দেশের মরুভূমিতে এই ওয়াদি দেখতে পাওয়া যেত) এখন এইগুলি শহরে প্রকৃতি-ভিত্তিক সমাধান হিসাবে গ্রহণ করে নেওয়া হয়েছে যাতে ঝড় জল ভিন্ন মুখী ও বিলম্বিত করে দেওয়া হয় ও শহরের জল নিকাশ ব্যবস্থায় ঢুকে তাতে চাপ বৃদ্ধি না করতে পারে। এইসব ছোট মাপের ইকোসিস্টেম বন্যা থেকে নিরাপত্তা দেয়, বিনোদন ব্যবস্থা হিসাবে কাজ করে (যেমন তাতে ছোটদের খেলার জায়গা, হাঁটা চলা, দৌড় বা সাইকেল চালানোর পথ, বসার বেঞ্চ ও নিরাপত্তার জন্য আলোকিত পথঘাট তৈরি করা যায়) এবং শহুরে কৃষি কাজে সাহায্য করে (যেমন ওয়াদিতে জমা করা বর্ষার জল দিয়ে ক্ষেতে জলসেচ করা যায়)।

## ধাপ

1. আপনার পাড়ার এমন একটা জায়গা বেছে নিন যেখানে প্রায়ই জল জমা হয়। জমির মালিকানা কার এবং স্থানীয় যোজনা সংক্রান্ত বিধি নিয়মগুলির ব্যাপারে জেনে নিন। আকস্মিক দুর্যোগের আশঙ্কা কম করার পরিকল্পনার অংশ স্বরূপ আপনার প্রকল্পের জন্যে স্থানীয়/জাতীয় স্তরের সরকারি অর্থ সংস্থান পাওয়ার সম্ভাবনা আছে কিনা খোঁজ করে দেখুন।

2. সমাজের সেই সব সদস্যদের চিহ্নিত করুন যারা ডিজাইন, জীববৈচিত্র্য এবং বিনোদন ক্ষেত্রে অভিজ্ঞ। দক্ষতা সংক্রান্ত কোন ঘাটতির ক্ষেত্রে সরকারী সংস্থাসমূহ বা কোম্পানি বিনা মূল্যে বা কম খরচে সাহায্য করতে পারে। ওয়াদির আকার, আকৃতি এবং ধারণক্ষমতা নির্ধারণ করতে পৌরনিগমের যোজনাকারীদের যুক্ত করুন। সব কাঠামো সহ ওয়াদিটি তৈরী করুন যার মধ্যে রয়েছে রাস্তা, বেঞ্চ, বিন এবং খেলাধূলার সরঞ্জাম।

3. ওয়াদি নির্মান করার জন্যে ফুটপাথ এবং মাটি খুঁড়তে সমাজের সাহায্য নিন। খুঁড়ে তোলা মাটি দিয়ে খেলার মাঠটি উঁচু করুন। মুখ্য নালাতে যাতে উপচে পড়া বৃষ্টির জল প্রবেশ করতে পারে তার জন্যে একটি নির্গমন পথের ব্যবস্থা করুন। জলের গতি হ্রাস করতে এবং গাছপালাগুলির ধুয়ে বেরিয়ে যাওয়া প্রতিরোধ করতে জলের প্রবেশ ও প্রস্থান পথে পাথরের চাঁই রাখুন। ওয়াদিতে বালি, নুড়ি, পাথর, পাথরকুচি ও শিলাখন্ডের মত অনুপ্রবেশের জিনিস ভরে রাখুন।

**সময়**
- কম পক্ষে দুই সপ্তাহ

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- স্থানীয় আবহাওয়া এবং জলবিজ্ঞান সম্বন্ধে তথ্য
- জমির মেয়াদ পরীক্ষা
- প্রয়োজন হলে, পারমিট
- মাটি কাটা/খোঁড়ার যন্ত্র
- হাত গাড়ি
- ওয়াদি ডিজাইনের স্কেচ
- খেলার মাঠের যন্ত্রপাতি
- টিউব
- হাঁটা চলা, দৌড়, সাইকেলে পথের জন্য শান বাঁধানো জায়গা
- বেঞ্চ
- রাস্তার আলো
- ড্রেনের ঢাকনা
- গাছ ও ঘাসের বীজ

**অংশগ্রহণকারী**
- সমাজের লীডার এবং সদস্য
- সুশীল সমাজ সংগঠনের কর্মী
- ইঞ্জিনিয়ার
- ল্যান্ডস্কেপ তৈরি করায় বিশেষজ্ঞ
- অন্য স্বেচ্ছাসেবী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- পাঁচজন বা তার বেশি

4. ওয়াদির চারপাশে বিভিন্ন ধরণের স্থানীয় জল-প্রতিরোধক এবং মজবুত শিকড়যুক্ত প্রজাতির গাছ লাগান। অন্যান্য সুবিধাগুলির ব্যবস্থাও করুন (যেমন রাস্তা, বেঞ্চ, বিন, খেলার মাঠ, সরঞ্জাম, সৌর-শক্তিচালিত রাস্তার আলো এবং একটি বোর্ড বা স্পনসরদের তালিকা উল্লিখিত ফলক।

5. সমাজের নেতৃস্থানীয় ব্যক্তি এবং স্থানীয় গণমাধ্যমকে আমন্ত্রণ জানিয়ে একটি উদ্বোধনী অনুষ্ঠান এর আয়োজন করুন। ওয়াদির রক্ষণাবেক্ষণের জন্যে কোন গোষ্ঠী বা সংস্থা দায়িত্ব গ্রহণ করবে সে ব্যাপারে সম্মত হন।





# নীল এবং সবুজ করিডোর

শহরে অনেক নীল ও সবুজ (সার্বজনীন) স্থান একে অপর থেকে বিচ্ছিন্ন থাকে। সেইগুলি পরস্পর যুক্ত করে তার মধ্যে করিডর তৈরি করা হলে মানুষ ও জৈব বিবিধতার জন্যে লাভদায়ক হবে এবং শহর আরও বাসযোগ্য হয়ে উঠবে।

নীল ও সবুজ করিডরে বিভিন্ন প্রকৃতি-ভিত্তিক সমাধান থাকে, যেমন বায়োস্বেল (জল নিকাশী ব্যবস্থায় গাছপালা), জল প্রবাহ, পার্ক, সারিবদ্ধ গাছ সহ রাস্তা এবং বর্ষাজলের বাগান ও নীল সবুজ দেওয়াল, ছাদ এবং ফুটপাথ। একসঙ্গে মিলিয়ে এই ব্যবস্থাগুলির জন্যে একটি নেটওয়ার্ক সৃষ্টি হয় যে কারণে অতিরিক্ত জল বয়ে যেতে পারে, জীববৈচিত্র সমৃদ্ধি লাভ করতে পারে এবং মানুষজন আরাম করতে পারেন হাঁটতে পারেন বা সাইকেল চালাতে পারেন। দেখা গিয়েছে এই প্রকারের নেটওয়ার্কের ফলে শহরের বাসযোগ্যতার পাশাপাশি জলবায়ু সহনশীলতা বাড়ে।

**সময়**
- 1+ সপ্তাহ

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- শহরের মানচিত্র
- শহরের বর্তমান জৈব বিবিধতার রিপোর্ট
- বেলচা, গাছের চারা, বীজ, কমপোস্ট/মাটি, গাছের গামলা/পাত্র (নির্বাচিত NbS পদ্ধতি(গুলি)র উপর সংস্থান নির্ভর করবে)
- স্থানীয় সরকারের অনুমতি

**অংশগ্রহণকারী**
- সমাজ ভিত্তিক সংগঠনের স্বেচ্ছাসেবী এবং প্রতিনিধি
- NGO/ সুশীল সমাজের সংগঠন
- স্থানীয় সরকার (পরিবেশ বা বাগান বিভাগ(গুলি), শহর পরিকল্পনা বিভাগ)
- পরিবেশ মন্ত্রণালয়
- বোটানিকাল গার্ডেন(গুলি)
- বাগান কেন্দ্র, হোলসেলার বা অন্য পৃষ্টপোষক

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 5 জন বা তার চেয়ে বেশি

## ধাপ

1. বর্তমান প্রকৃতি-ভিত্তিক সমাধান যেমন পার্ক, শহুরে জলাভূমি, সবুজ ছাদ ও গাছের সারিবদ্ধ রাস্তার অবস্থা মূল্যায়ন করুন। একটি মানচিত্রে ওগুলিকে চিহ্নিত করুন এবং গুরুত্বপূর্ণ প্রসঙ্গগুলি যোগ করুন যেমন বন্যা কবলিত অঞ্চল, শহুরে উত্তাপ এবং জীববৈচিত্র্য।

2. বাদ পড়ে যাওয়া সংযোগগুলি বিশ্লেষণ করতে মানচিত্রটির বিশ্লেষণ করুন যা অতিরিক্ত জল বয়ে যেতে দেবে, জীববৈচিত্র্য সমৃদ্ধ হবে এবং মানুষ আরাম করতে পারবে, হাঁটাহাটি করতে পারবে বা সাইকেল চালাতে পারবে। সংযোগগুলি প্রতিষ্ঠিত করতে যে পদক্ষেপগুলি গ্রহণের প্রয়োজন তা দেখতে এই স্থানগুলিতে মুখ্য অংশীদারদের সঙ্গে ভিজিট করুন।

3. একটি সু-সংযুক্ত নেটওয়ার্ক গঠন করুন। এরপরে প্রতিটি প্রকৃতি-ভিত্তিক সমাধানের জন্যে, ব্যক্তির অংশগ্রহণ নির্ধারণ করুন এবং সুবিধাগুলির ছক তৈরী করুন। অগ্রাধিকারের ভিত্তিতে প্রকল্পগুলি সাজান এবং প্রয়োজনীয় অনুমতি নিয়ে নিন।

4. কম ব্যয়-সাপেক্ষ পদক্ষেপগুলি দিয়ে শুরু করুন যা দ্রুত সংযোগ রচনা করতে পারে এবং যা সহজে রূপায়িত করা যায়, যেমন ঝুলন্ত গাছ দিয়ে দেওয়ালগুলিকে আবৃত করা; বাসস্টপ সবুজ শ্যামলিমা সমৃদ্ধ ছাদ স্থাপন করা।

5. স্থানীয় আবাসিকদের যুক্ত হতে এবং আরো বেশি উচ্চাভিলাষী প্রকল্পের দায়িত্ব নিতে উৎসাহিত করুন। সাফল্যের উল্লেখ করে আপনার পরিকল্পনা আপডেট করুন এবং সাহায্য, অনুমোদন এবং অনুমতি পাওয়ার জন্যে স্থানীয় কর্তৃপক্ষ, জাতীয় মন্ত্রণালয়, এবং আন্তর্জাতিক সংগঠনের সঙ্গে ভাগ করে নিন। প্রতিটি স্থানে একটি তথ্য উল্লেখ করা বোর্ড বা ফলক স্থাপনের কথা বিবেচনা করুন যাতে দর্শনার্থীরা করিডোর উদ্যোগটি নিয়ে আরো অনেক কিছু জানতে পারে।

## কেস স্টাডি



**সামনের বাগান 'পাথর-বিহিন' করায় ব্যস্ত বাসিন্দা**
ওয়েন্ডি বেকের

# অপারেটী স্টীনব্রীক, দ্য নেদারল্যান্ডস

নেদারল্যান্ডস এর শহরে স্থানগুলিকে 'সবুজ' করে তুলতে প্রচারাভিযানটির নাম অপারেটি স্টীনব্রীক। 150 এর বেশি অংশীদার এর মধ্যে যুক্ত রয়েছে যার মধ্যে অর্ন্তভুক্ত প্রদেশ, পৌরসভা, জল বোর্ড, আবাস নিগম, NGO এবং কোম্পানিসমূহ। ব্যক্তিগত এবং জনস্থানগুলিতে অপ্রয়োজনীয় ফুটপাথগুলি বদলে তার জায়গায় স্থানীয় আবাসিকবৃন্দ এবং ব্যবসাগুলির সঙ্গে সহযোগিতায় বৈচিত্রময় শ্যামলিমা নিয়ে আসা হল প্রচারাভিযানটির লক্ষ্য। এর ফলে শহরগুলি জলবায়ু পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিতে পারে, অতিরিক্ত গরম কম করা যায়, জৈব বিবিধতা বাড়ে এবং শহরবাসীদের জন্য স্বাস্থ্যকর হয়।

স্থানীয় বাসিন্দাদের বাগান/উঠোন থেকে শান বাঁধানো পাথর, কনক্রিট টাইল বা পিচে ঢাকা জায়গা ভেঙে সেসব অভেদ্য জায়গার বদলে ঘাস, ছোট বড় গাছ লাগাতে উৎসাহিত করা এই কর্ম প্রচেষ্টার উদ্দেশ্য যাতে জল নিকাশ সহজতর হয় ও জৈব বিবিধতা বাড়ে।

মোবাইল ফোন অ্যাপের মাধ্যমে, বাসিন্দাদের প্রতিবেশীদের সঙ্গে গাছপালা আদান প্রদানের সুযোগ ও পরামর্শ দেওয়া হয়। ফোকাস দলগুলি বাসিন্দাদের একে অপরের সঙ্গে মেলামেশা করার জন্যে একত্র করে এবং নাগরিক বিজ্ঞান স্বরূপ তাদের নতুন বাগান/সবুজ ক্ষেত্রের সাফল্য পরিমাপ করে। এই প্রকারের বিজ্ঞানকে এই কর্মপ্রচেষ্টা নাম দিয়েছে BIMBY (বায়োডায়ভার্সিটি ইন মাই ব্যাকইয়ার্ড), যা বিউমর অ্যান্ড মার্টেন্স **বায়োডায়ভার্সিটি ইন মাই (ব্যাক) ইয়ার্ড: টুওয়ার্ডস এ ফ্রেমওয়ার্ক ফর সিটিজেন এনগেজমেন্ট ইন এক্সপ্লোরিং বায়োডায়ভার্সিটি অ্যান্ড ইকোসিস্টেম সার্ভিসেস ইন রেসিডেন্সিয়াল গার্ডেন্স-এর অনুকরণে করা হয়েছে** https://pimmartens.info/wp-content/uploads/2011/01/Beumer-Martens-online-first-public-2014.pdf)।.

অপারেটী স্টীনব্রীক-এর সাফল্যের মূলে আছে স্বেচ্ছাসেবী, প্রতিনিধিদের মজবুত ও সুগঠিত নেটওয়ার্ক, সোশাল মিডিয়া পোস্টিং এবং স্থানীয় সরকারের সমর্থন। বাসিন্দাদের সঙ্গে জ্ঞান ভাগ করে নেওয়া এবং তাদের অংশগ্রহণে উৎসাহিত করার জন্য এই অভিযান 'NBS প্রতিনিধি' নিয়োগ করেছিল। অনেকগুলি পৌরসভা এই অভিযানে যোগ দিয়েছিল এবং স্থানীয় কাজে অর্থ সংস্থান করেছিল এবং তাতে বাসিন্দারা সমপরিমাণ অর্থ সংস্থান করেছে। যে পদ্ধতিগুলি শুরু করা হয়েছিল তার অধিকাংশ স্বল্প বাজেটের ছিল।

**আরও তথ্যের জন্যে দেখুন WWW.STEENBREEK.NL**

## কেস স্টাডি



**2016 থেকে এখন পর্যন্ত মেডেলিন সারা শহর ব্যাপী 30 টা পরস্পর যুক্ত সবুজ ক্ষেত্রের নেটওয়ার্ক 'করেদোরেস ভের্দেস' তৈরি করেছে, যা 2019-এ অ্যাশডেন অ্যাওয়ার্ড ফর কুলিং বাই নেচার পুরস্কার জিতেছে।**
ACI মেডেলিন।

# মেডেলিন, কলম্বিয়ায় সবুজ করিডর

2016 সালে – স্থাপিত মেডেলিনের 30 করেদোরেস ভের্দেস (সবুজ করিডর) – কলম্বিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর ব্যাপী শ্যামলিমার পরস্পর যুক্ত নেটওয়ার্ক। এই উচ্চাভিলাষী কর্ম প্রচেষ্টা শহরের সবুজ ক্ষেত্রগুলিকে যুক্ত করে, শহরে জৈব বিবিধতায় উন্নয়ন করে, শহরের কিছু কিছু স্থানে উত্তাপবৃদ্ধির প্রভাব কম করে, দূষণ শুষে নেয় এবং যথেষ্ট পরিমাণ কার্বন ডাইঅক্সাইড দূর করে। করেদোরেস ভের্দেস প্রকল্পে দেখানো হয়েছে একত্রিত, প্রকৃতি-ভিত্তিক সমাধান – যেমন শহর জুড়ে গাছ লাগানো – কিভাবে স্থানীয় ও আন্তর্জাতিক পরিবেশে সুদূরপ্রসারী প্রভাব ফেলতে পারে এবং শহরবাসীর জীবন ও সুস্থতায় গুরুত্বপূর্ণ উন্নতি করতে পারে।

50 বছর যাবৎ দ্রুত শহরের বিকাশের পর মেডেলিন শহরের কিছু কিছু স্থানে তীব্র উত্তাপবৃদ্ধি হতে শুরু করে। সংশোধনের জন্যে, শহরটি তিন বছরের 'আপনার জন্যে আরও সবুজ মেডেলিন' প্রোগ্রাম প্রণয়ন করে – যা শহরে ডিজাইনের প্রতি মানসিকতা অনেকটা বদলে দিয়েছে। 16.3 মিলিয়ন কলম্বিয়ান পেসো-র কর্মপ্রচেষ্টার অংশ হিসাবে শহরের অসুবিধাগ্রস্ত এলাকার বাসিন্দাদের শহরের মালি ও বিশেষজ্ঞ প্লান্টার হয়ে ওঠার জন্যে তাদের মেডেলিনের বোটানিকাল গার্ডেনের পক্ষ থেকে প্রশিক্ষণ দেওয়া হয়। তারপর এই স্বেচ্ছাসেবীরা 30 টা করিডরে 8,800 টা গাছ ও চারা রোপণে সাহায্য করেছিল যা 65 হেক্টের পর্যন্ত প্রসারিত। শহরের একটি অতি ব্যস্ত এলাকায়, 596 টা তাল গাছ ও অন্যান্য গাছ ছাড়াও 90,000-এর বেশি প্রজাতির অপেক্ষাকৃত ছোট গাছপালা লাগানো হয়।

করেদোরেস ভের্দেস মেডেলিনকে বিভিন্ন ইকোসিস্টেম পরিষেবা দিচ্ছে: যা শহরের গড় তাপমান 2°C কম করেছে; গাছপালা লাগানোর ফলে কার্বন শোষণ বেড়েছে; বাতাসের গুণমানে উন্নতি করতে পার্টিকুলেট ম্যাটার (PM2.5) সীমিত করা গিয়েছে; এবং আরও বন্যজীব-বান্ধব স্থানের মাধ্যমে শহরে জৈব বিবিধতা বেড়েছে। এই ফলাফলগুলি দেখে বোঝা যায় দীর্ঘস্থায়ী শহরে ডিজাইনে প্রকৃতি-ভিত্তিক সমাধান কেন দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে।

কলম্বিয়ার আইনে বলা হয়েছে যে প্রতিটি শহরের বাজেটের একাংশ গণতান্ত্রিক ভোটের মাধ্যমে জন সাধারণের বেছে নেওয়া প্রকল্পে বিনিয়োগ করা আবশ্যক। মেডেলিনের বাসিন্দারা করেদোরেস ভের্দেস-এর পক্ষে ভোট দিয়েছিল; 2019 সালে তা স্বনামধন্য অ্যাশডেন অ্যাওয়ার্ড ফর কুলিং বাই নেচার পুরস্কার জিতেছে।

**আরও তথ্যের জন্যে দেখুন** https://www.c40knowledgehub.org/s/article/Cities100-Medellin-s-interconnected-green-corridors?language=en_US



# বাসযোগ্য শহরসমূহ

**দ্রুত শহরীকরণের ফলে পরিবেশে চাপ সৃষ্টি হয় যার ফলে মানুষের স্বাস্থ্য ও সুস্থতায় প্রতিকূল প্রভাব পড়ে। লোকেদের জীবনের গুণমানে উন্নতি করার একটি গুরুত্বপূর্ণ উপায় হল শহরের বাসযোগ্যতা মূল্যায়ন এবং উন্নয়ন করা।**

শহরের পরিকল্পনা, বিকাশ এবং নীতি নির্ধারণে এই বাসযোগ্যতা এক গুরুত্বপূর্ণ উপাদান হয়ে উঠেছে। শহরের ব্যবস্থা এবং বিল্ডিংগুলির সঙ্গে বাসযোগ্যতার মূল ধারণা একত্র করে শহরবাসীদের স্বাস্থোন্নতি করার পাশাপাশি শহরের পরিবেশগত প্রভাব কম করা যায়। বাসযোগ্য শহর নির্মাণের জন্যে সঙ্গতিপূর্ণ এবং বহু-ভাগিদারীর পন্থা থাকা দরকার।

‘বাসযোগ্য’ শহরের একটা মাত্র সংজ্ঞা হতে পারে না। তবে, তার সাধারণ কয়েকটা নীতি আছে:

- পরিষ্কার বাতাস
- সবুজ ক্ষেত্র ও শহরের প্রকৃতির কাছে যাওয়ার সুযোগ সুবিধা
- যারা হাঁটে, সাইকেল চালায় বা জন পরিবহন ব্যবহার করে তাদের জন্য নিরাপদ
- সাশ্রয়কর বাসস্থান
- আবর্জনা-বিহিন সার্বজনীন স্থল
- যথেষ্ট সার্বজনীন স্থল এবং ছোটদের জন্যে খেলার জায়গা
- আরও ভালোভাবে অপরাধ প্রতিরোধ সমেত বাসিন্দাদের জন্যে নিরাপদ
- পাড়ায় সমাজ বোধ এবং পরস্পর সঙ্গতি
- সাশ্রয়কর ও সেরা মানের স্বাস্থ্য সেবা এবং শিক্ষা ব্যবস্থা
- সাংস্কৃতিক কাজকর্ম

বাসযোগ্য শহরের নীতি অনেকাংশে প্রসঙ্গ-নির্ভর হয়, শহরের লীডার ও বাসিন্দাদের জন্যে যা গুরুত্বপূর্ণ সেইমত শহর বিশেষে বাসযোগ্য শহরের বর্ণনায় প্রভেদ থাকে।

# গ্লোবাল লিঙ্ক

বাসযোগ্য শহরের মূল ধারণার সঙ্গে শহুরে বিকাশের বেশ কিছু আন্তর্জাতিক নীতির সরাসরি যোগসূত্র আছে, যেমন দীর্ঘস্থায়ী শহর, প্রসন্ন ও সুস্থ শহর এবং সহনশীল শহর। বাসযোগ্য শহরের কয়েকটি বিশেষ অংশের সঙ্গে বৃহত্তর আন্তর্জাতিক প্রণালীরও যোগাযোগ আছে। এই মডিউলের বেশ কয়েকটি কাজ জলবায়ু পরিবর্তনের উপযোগী ও প্রশমিত করায় সমর্থন করে, যেমন: গাড়ি বিহীন দিবস কার্বন ডাইঅক্সাইড ও অন্যান্য নিঃসরণ কম করে; পথচারী ও অন্য ব্যবহারকারীদের জন্যে অঙ্কিত সরণী হাঁটা ও মোটর-বিহিন পরিবহন ব্যবহারে উৎসাহ বর্ধন করে; বজায়গা নির্ধারণ পরিকল্পনা বর্জ্য পদার্থ আপসাইকেল করা এবং আবর্জনা দূর করা ও সংস্থানের অবিরাম ব্যবহারের উদ্দেশ্যে চক্রাকার অর্থব্যবস্থায় যোগদান করে।

এইসব পদ্ধতির নেপথ্যে কয়েকজন কাজ করে চলেছে এবং তার ফলে বাকিদের জীবনে উন্নতি হয়ে চলেছে। উদাহরণস্বরূপ বলা যায়, পাড়াভিত্তিক উৎসবগুলি বিভিন্ন গোষ্ঠীর মানুষদের বিনোদনমূলক কার্যকলাপ এবং সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে মিলিত করে, তাতে সুখী এবং স্বাস্থ্যকর সমাজটি তৈরী হয় – যা কিনা একটি বাসযোগ্য শহরের মুখ্য নির্ধারক।

বিশ্বব্যাপী স্তরে বাসযোগ্য শহরগুলি একাধিক পরস্পর সংযুক্ত বিষয়ের জন্যে প্রাসঙ্গিক যেমন নিউ আর্বান এজেন্ডা এবং দীর্ঘস্থায়ী বিকাশের লক্ষ্যসমূহ (SDGs)। যেমন, এই কার্যকলাপগুলি প্রত্যক্ষভাবে SDG 11– এ ম্যাপ করা যায়: "শহর এবং জন বসতিগুলিকে সর্বব্যাপী, নিরাপদ, স্থিতিস্থাপক এবং দীর্ঘস্থায়ী করে তোলা"। এগুলি বিশেষ করে লক্ষ্য 11.3 এর জন্যে প্রাসঙ্গিক: "সব দেশে সর্বব্যাপী এবং দীর্ঘস্থায়ী শহরায়ন এবং অংশগ্রহণমূলক,সমন্বিত এবং দীর্ঘস্থায়ী জন বসতি পরিকল্পনা এবং ব্যবস্থাপনা বৃদ্ধি করা"; লক্ষ্য 11.6: "বায়ুদূষণ এর প্রতি বিশেষ নজর দিয়ে শহরে মাথা পিছু পরিবেশগত প্রভাবের প্রতিকূলতা হ্রাস করা; এবং লক্ষ্য 11.7: "নিরাপদ এবং সর্বব্যাপী সবুজ এবং জন স্থানে যাতায়াত সম্ভব করা"। ওরা SDG 3-এও অবদান রাখে: "সুস্থ জীবন সুনিশ্চিত করা এবং সব বয়সের সকলের কল্যান বৃদ্ধি করা"; বিশেষ করে, লক্ষ্য 3.6: "পথ দুর্ঘটনা জনিত বিশ্বব্যাপী মৃত্যু এবং জখম অর্ধেক করা"। তাছাড়া, এই কার্যকলাপগুলি 2015 সালের প্যারিস চুক্তির প্রতি দেশের দায়বদ্ধতায় অবদান রাখে।






# মোটরগাড়ি-শূন্য দিন

ব্যবহারযোগ্য সার্বজনীন স্থলের আকার বাড়ানো, সমাজ বোধ গড়ে তোলা এবং স্বাস্থ্যকর জীবন যাপনের একটি সৃজনশীল উপায় হল মোটরগাড়ি-শূন্য দিন।

মোটরগাড়ি-শূন্য দিন অর্থাৎ শহরের নির্দিষ্ট কয়েকটা রাস্তা, যেমন প্রতি সপ্তাহে এক দিন করে বন্ধ করার অভ্যাস যাতে লোকেরা সেই রাস্তা সাইকেল চালানো, হাঁটা, বিশ্রাম করা ও সামাজিক মেলামেশা ইত্যাদির জন্যে ব্যবহার করতে পারে। মোটরগাড়ি-শূন্য দিন সুস্থ এবং সক্রিয় জীবনশৈলী অনুসরণে উৎসাহবর্ধন করে, বায়ু দূষণ কম করে এবং সামাজিক সঙ্গতি রাখতে পারে। শহর বিশেষে রাস্তা বন্ধ রাখার পরিধিতে প্রভেদ থাকে। যেমন বোগোটা, কলম্বিয়ায় প্রতি রবিবার ও সব সার্বজনীন ছুটির দিনে শহরের 120 কিলোমিটার রাস্তা বন্ধ রাখা হয়; আবার জাকার্তা, ইন্দোনেশিয়ায়, শহরের বেশ কিছু প্রধান রাস্তা রবিবার সকাল 6টা থেকে 11টা পর্যন্ত বন্ধ রেখে মোটরগাড়ি-শূন্য দিন পালন করা হয়।

## ধাপ

1. একটি মোটরগাড়ি-শূন্য দিন সম্ভব করতে প্রয়োজনীয় মুখ্য অংশীদারদের চিহ্নিত করুন, যার মধ্যে অর্ন্তভুক্ত স্থানীয় সরকারী আধিকারিকসমূহ যাদের শহরের রাস্তাগুলি বন্ধ রাখার ক্ষমতা রয়েছে।
2. স্থানীয় আবাসিকদের চলাচল মাথায় রেখে এবং আপৎকালীন পরিষেবার জন্যে প্রধান রুটগুলি খোলা রেখে রাস্তাগুলি নির্বাচন করুন।
3. এই সব দ্রুতগামী ব্যবহারকারীদের জন্যে গাড়ি মুক্ত দিনগুলিতে লম্বা যাতায়ায়ের পথগুলিতে বেষ্টনী দিয়ে সাইকেল-আরোহী, স্কেটার এবং দৌড়বিদদের জন্যে খুলে রাখার পরিকল্পনা নিন। অন্যান্য কার্যকলাপের জন্যে পৃথক অঞ্চল নির্দিষ্ট করুন যেমন বিনামূল্যের ফিটনেস ক্লাস, অস্থায়ী কাফে এবং শিশুদের খেলার জায়গা (যেমন স্যান্ডপিট বা প্যাডলিং পুল)।
4. স্থানীয় মিডিয়ার মাধ্যমে মোটরগাড়ি-শূন্য দিনটির প্রচার করুন যাতে শহর বাসীরা অংশগ্রহণ করার পরিকল্পনা করতে পারেন এবং মোটর চালকেরা বিকল্প রাস্তা ঠিক করে নিতে পারেন।
5. ঐ দিনে যথেষ্ট সাইনবোর্ড বা সঙ্কেত ব্যবস্থা রাখা সুনিশ্চিত করবেন যাতে পথচারীরা সাইকেল লেনে না চলে যায় বা উল্টোটা না হয়; লোকেদের পথ দেখাতে ও তাদের প্রশ্নের উত্তর দিতে স্বেচ্ছাসেবী রাখবেন; লোকেদের মোটরগাড়ি-শূন্য দিন উপভোগ করার ফোটো ও ভিডিও পরস্পর ভাগ করে নেবেন; ব্যবহারকারীর সন্তুষ্টি সার্ভে করবেন এবং ফলাফল অনুযায়ী শহরে এটা নিয়মিত করা উচিত কিনা তা স্থির করবেন।

**সময়**
- সাপ্তাহিক বা মাসিক

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- রাস্তা বন্ধ রাখার সঙ্কেত

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী
- শহর বাসী
- মিডিয়া
- মেয়র
- সুশীল সমাজের সংগঠন
- ব্যবসায় অংশীদার
- ফিটনেস ইন্সট্রাক্টর

**অংশগ্রহণকারী সংখ্যা**
- আকার অনুসারে, 10+ স্বেচ্ছাসেবী



# শহুরে স্থানে জায়গা নির্ধারণ (প্লেসমেকিং)

জায়গা নির্ধারণ পরিকল্পনা শহরের অবহেলিত স্থানকে আকর্ষণীয় সার্বজনীন স্থানে রূপান্তরিত করতে পারে – যা শহর দীর্ঘস্থায়ী করার জন্যে বিশেষ জরুরী এবং তার ফলে স্থানীয় বাসিন্দারা সুস্থ এবং খুশী থাকে।

“জায়গা নির্ধারণ পরিকল্পনা লোকেদের সমবেত হয়ে সার্বজনীন স্থলকে সমাজের কেন্দ্রবিন্দু হিসাবে অভিনব উপায়ে চিন্তা এবং আবিষ্কার করতে প্রণোদিত করে” [1]। জায়গা নির্ধারণ পরিকল্পনা দিয়ে, স্থানীয় বাসিন্দারা অব্যবহৃত শহুরে জায়গায় দেখা সাক্ষাৎ ও বিশ্রাম করতে পারে এবং বিনোদন ও সাংস্কৃতিক কাজে ব্যবহার করতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় একটি ব্যস্ত রাস্তায় একটি বেঞ্চ বসানোর মতন সাধারণ একটি কাজ থেকে একটি বড় ফাঁকা জায়গাকে শিশুদের খেলার মাঠে পরিনত করা। এছাড়া এটা সামাজিক সঙ্গতি বাড়াতে এবং এলাকার নান্দনিকতা বাড়াতেও সাহায্য করে। এই প্রণালী সর্বব্যাপী, অংশগ্রহণমূলক, সমাজ – পরিচালিত, সৃজনধর্মী, পরিবর্তনীয়, প্রাণবন্ত ও বহুবিভাগীয় হওয়া প্রয়োজন।

স্থানীয় স্তরে কম খরচে যেসব জিনিস পাওয়া যায় তা দিয়ে স্থানীয় দক্ষতা ও প্রযুক্তি কাজে লাগিয়ে জায়গার রূপান্তর করা যায়; যেমন বাড়তি কাঠ দিয়ে বেঞ্চ তৈরি করা।

**সময়**

- আকার অনুসারে, কয়েক সপ্তাহ থেকে কয়েক মাস।

**অসুবিধা**

- বেশি

**সংস্থান**

- স্থানীয় স্তরে উপস্থিত জিনিস; ভাগীদারদের যোগদান; এবং যে ডিজাইন কাজে লাগানো হচ্ছে সেসবের উপর নির্ভর করে।

**অংশগ্রহণকারী**

- শহরের উদ্যমী কর্মকর্তা
- বাসিন্দা – ছোট ছেলেমেয়ে, তরুণ দল, মা বাবা, মহিলা, বয়স্ক মানুষ
- স্বেচ্ছাসেবী
- সমাজের প্রতিনিধি/লীডার
- স্থানীয় ব্যবসা
- স্কুল
- সুশীল সমাজের সংগঠন
- স্থানীয় শিল্পী
- স্থানীয় প্রযুক্তিবিদ (রাজমিস্ত্রি, প্লাম্বার, ইলেক্ট্রিশিয়ান)
- ধর্ম নেতা
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**

- প্রায় 4–5 জন স্বেচ্ছাসেবী ও ভাগীদার (প্রকল্পের আকার অনুসারে)।

## ধাপ

1. স্থানটি নির্বাচন করুন – আপনার জায়গা নির্ধারণ পরিকল্পনার প্রকল্পের জন্যে পাড়ায় যেকোন অব্যবহৃত জনব্যবহার্য স্থান বা ফাঁকা বিল্ডিং বেছে নিন।
2. স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় প্রতিশ্রুতি এবং অনুমতি নিয়ে নিন। আপনার বার্তা স্পষ্টভাবে জানান, তাতে জায়গা নির্ধারণ পরিকল্পনার প্রকল্পের লক্ষ্য এবং নির্দিষ্ট ক্রম এবং যতটা সময়, সাহায্য ও সংস্থান দরকার তা জানান। এর ফলে স্থানীয় কর্তৃপক্ষ সাহায্য করতে রাজি হবে।
3. অন্যান্য গুরুত্বপূর্ণ অংশীদারদের চিহ্নিত করুন যেমন স্থানীয় ব্যবসা এবং বিল্ডিং এর মালিকদের; এবং আপনার প্রকল্পটিতে সংহত করুন উৎসাহিত করুন।
4. প্রকল্প দল হিসেবে স্থানটি পরিদর্শন করুন। প্রাথমিক ভাবনাচিন্তা এবং ডিজাইন বিকাশ করতে আপনি স্থানটিতে একটি কর্মশালারও আয়োজন করতে পারেন।
5. লভ্য সংস্থানের একটি ছক তৈরী করুন – কে সাহায্যের হাত বাড়াবে, ওরা কি অবদান রাখতে পারবে, কোথায় এবং কখন? যেমন, কয়েক জন ভাগীদার আপনাদের হয়ত জিনিস দিয়ে সাহায্য করবে, আবার কয়েকজন হয়ত অর্থ সাহায্য দিতে চাইবে। সেইমত ধারণায় সংশোধন করে কার্যত প্রয়োগের পরিকল্পনা তৈরি করে নেবেন।

[1] https://www.pps.org/category/placemaking

**6.** আপনার জায়গা নির্ধারণ পরিকল্পনা প্রকল্পটি শুরু করুন – সপ্তাহান্তে শুরু করলে ভাল হয় কারণ বেশি মানুষ পাওয়া যাবে।

**7.** 2–3 সপ্তাহ পরে আপনার অগ্রগতি আনুষ্ঠানিকভাবে মূল্যায়ন করুন; প্রয়োজনে রূপায়ন সংক্রান্ত পরিকল্পনাটি ঠিকঠাক করে নিন।

**8.** একবার সম্পূর্ণ হয়ে গেলে জায়গা নির্ধারণ পরিকল্পনা প্রকল্পটিকে চলতি কাজ এবং রক্ষণাবেক্ষণের জন্যে স্থানীয় কর্তৃপক্ষের হাতে তুলে দিন, অথবা দায়ভার গ্রহণ করার জন্যে একটি সমাজ-ভিত্তিক দল গঠন করুন।





# পাড়ায় উদযাপিত উৎসবসমূহ

উৎসব উপলক্ষ্যে স্থানীয় বাসিন্দারা একে অপরকে চিনতে ও তাদের মূল্য উপলব্ধি করতে শেখে, সামাজিক সঙ্গতি ও সৌহার্দ বাড়ে। তাতে বিনোদনমূলক কাজ, সাংস্কৃতিক বিনিময় এবং সব শেষে সমাজ বোধের ভাবনা গড়ে ওঠে।

একটি বাসযোগ্য শহরের অন্যতম মুখ্য নির্ধারক হল সুখী এবং স্বাস্থ্যকর সমাজসমূহ। এবং একটি সুখী এবং স্বাস্থ্যকর সমাজের অন্যতম মুখ্য উপাদান হল সামাজিক এবং সাংস্কৃতিক সংহতি।

স্থানীয় স্তরে যেসব সংস্থান পাওয়া যায় সেই মত উৎসবের আকার ও পরিধি স্থির করতে হবে। উৎসবে, উদাহরণস্বরূপ,

হাট বাজার, পারিবারিক ক্রিয়াকলাপ, লাইভ সঙ্গীতানুষ্ঠান এবং খাবার পানীয়ের স্টল থাকতে পারে। তাতে উৎসব আনন্দমুখর হয়ে উঠবে এবং দোকানদাররা রোজগারের সুযোগ পাবে। উৎসব স্থল স্থির করার সময়, বিভিন্ন সংস্কৃতি ও জাতি এবং

আর্থ-সামাজিক দল এবং প্রতিবন্ধী, সবার জন্যে যাতে সহজগম্য হয় তা নিশ্চিত করা প্রয়োজন।

**সময়**
- বছরে এক বার, সারা দিন

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- উৎসবের আকার ও পরিধিরও উপর নির্ভর করে।

**অংশগ্রহণকারী**
- শহরের উদ্যমী কর্মকর্তা
- বাসিন্দা – ছোট ছেলেমেয়ে, তরুণ দল, মা বাবা, মহিলা, বয়স্ক মানুষ
- স্বেচ্ছাসেবী
- সমাজের প্রতিনিধি/লীডার,
- সুশীল সমাজের সংগঠন
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 80-100 জনের উৎসবে অন্তত 10-15 জন স্বেচ্ছাসেবী (আকার ও পরিধির উপর নির্ভর করে)

## ধাপ

1. যেখানে উৎসবটি পালন করতে চান সেই পাড়া চিহ্নিত করুন। স্থানীয় সমাজের মধ্যে ভাবনাটি ছড়িয়ে দিন; প্রত্যেকের উৎসাহ এবং অংশগ্রহণকে উৎসাহিত করুন।

2. এক সঙ্গে মিলে, উৎসবের পরিকল্পনার নকশা তৈরি করে নিন যাতে সব সামাজিক দলের অংশগ্রহণ নিশ্চিত করা যায়; তাতে প্রধান বিষয় ও কোনও মূল বার্তা থাকবে কিনা স্থির করুন।

3. স্থানীয় কর্তৃপক্ষের কাছে পরিকল্পনাটির রূপরেখা জমা দিন এবং সেটির অনুমতি চান। তাছাড়াও কোন পাড়াভিত্তিক সংগঠনকে যুক্ত করুন।

4. একবার অনুমতি পেয়ে গেলে, একটি ব্যবস্থাপক কমিটি গঠন করুন এবং একটি বিস্তারিত কর্মসূচী নির্ধারণ করুন। উৎসব প্রচারের জন্যে বিভিন্ন কাজ ও মিডিয়ার মত অংশীদারদের একত্র করুন।

5. সংগঠক সমিতির সদস্যদের মধ্যে দায়িত্ব ভাগ করে দিন; প্রগতির রিপোর্ট করা এবং কাজের পরিকল্পনা আপডেট করার জন্যে নিয়মিত দেখা করুন; সম্ভাব্য স্টেকহোল্ডার এবং স্বেচ্ছাসেবীদের যোগাযোগ করতে শুরু করুন।

6. সামাজিক সম্প্রীতি এবং সংহতির ওপর উৎসবের বার্তা(গুলি) প্রস্তুত করুন। উৎসবটি সামাজিক/স্থানীয় মিডিয়ার মাধ্যমে উৎসবটির প্রচার করুন।

7. কোন সুপ্রশিদ্ধ স্থানীয় আবাসিকের স্বাগত ভাষণ দিয়ে উৎসবটি শুরু করুন।

8. অনুষ্ঠানের পর, সংগঠক সমিতি, স্থানীয় বাসিন্দা, স্টেকহোল্ডার এবং যারা উৎসব দেখতে এসেছিলেন তাদের কাছ থেকে প্রতিক্রিয়া জেনে ভবিষ্যত অনুষ্ঠানের বিষয়ে জানিয়ে রাখুন।





# পথচারী এবং অন্যান্য ব্যবহারকারীদের জন্যে পেইন্টিং লেন

পথচারী ও অন্যান্য ব্যবহারকারীদের জন্যে রং দিয়ে চিহ্নিত পথ থাকলে স্পষ্ট বিভাজন করা যায় তাই তারা নিরাপদে রাস্তা পারাপার করতে পারে এবং গাড়ি ও অন্য যান বাহন যে জায়গাগুলি অনধিকার দখল করে রাখে সেসব তারা ব্যবহার করতে পারে।

বহু শহরে পথচারী, সাইকেল আরোহী এবং অন্যান্য মোটরবিহীন পরিবহন ব্যবহারকারীদের ব্যস্ত রাস্তার সংযোগস্থলগুলি পার করতে দিন দিন অসুবিধে হচ্ছে। স্পষ্ট করে পথচারী ইত্যাদির জন্যে লেনগুলি চিহ্নিত করে দিলে প্রত্যেকে নিরাপদ থাকে এবং শহরের চারপাশের গতিশীলতাও উন্নত হয়। লেনের চিহ্নগুলি শহরের রাস্তাঘাট রঙীন করে তোলে এবং আকর্ষণ বৃদ্ধি করে।

## ধাপ

1. পথচারী/মোটর-বিহীন যানবাহন ব্যবহারকারীদের কাছ থেকে গাড়ি এবং অন্যান্য যানবাহনগুলি দূরে রেখে কোথায় রাস্তা তৈরী হলে তা নিরাপত্তা বৃদ্ধি করবে তা চিহ্নিত করুন।
2. স্থানীয় সামাজিক দল, শিল্পী, স্কুল ও অন্যদের এই কাজে জড়িত করার আগে প্রকল্পের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি চেয়ে নেবেন। কোন রাস্তাগুলি রং করা হবে সে বিষয়ে সামাজিক পরামর্শ করে নেবেন; ডিজাইনের আইডিয়া চেয়ে নেবেন।
3. প্রতিক্রিয়া অনুসারে, চূড়ান্ত ডিজাইন স্থির করে রং করায় সাহায্য করার জন্যে স্বেচ্ছাসেবী খুঁজে নেবেন।
4. লেনগুলি রঙ করার জন্যে সময় বের করুন। ব্যস্ততম রাস্তাগুলির জন্যে, অনেক রাতে বা ভোরে হয়তো কাজটা করতে হবে যখন যানবাহন কম থাকে। মোটরগাড়ি-শূন্য দিনে এই কাজটি করা যায় কিনা বিবেচনা করে নেবেন।
5. সব উপকরণ কিনে নেবেন এবং রং করার জন্যে দল বেঁধে নেবেন।
6. আপনি যেখানে রঙের কাজ করছেন সেটি বন্ধ করে দেওয়ার ব্যাপারে পুলিশ বা স্থানীয় সামাজিক দলের কাছ থেকে সাহায্য চান। আসন্ন ট্রাফিকের ওপর নজর রাখতে অন্তত একজন ব্যক্তি যেন থাকেন সেদিকে খেয়াল রাখুন।
7. ফুটপাথে ডিজাইনটির রূপরেখাটি তৈরী করতে এবং অন্যদেই কি করণীয় সে ব্যাপারে নির্দেশ দিতে একজন প্রধাণ শিল্পীকে নিয়োগ করুন। রঙের কাজটি শেষ করতে বহু দিন লেগে যেতে পারে।

**সময়**
- 3–5 দিন।

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- রঙের কৌটা
- রঙের তুলি
- পরিষ্কার করার কাপড়
- ঝাঁটা

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী
- সমাজের লীডার
- শিল্পী
- স্কুলের দল

**অংশগ্রহণকারী সংখ্যা**
- অন্তত 10 জন।

# কেস স্টাডি



**একটা প্রতিবন্ধকতা বান্ধব দল মক্রো প্লেস পার্কে অভিভাবকদের জন্যে বাইরে ব্যায়ামের ক্লাসের আয়োজন করে।**
(ফোটো: মক্রো ফাউন্ডেশন)

## আক্রা, ঘানায় মোক্রা প্লেস

মোক্রা প্লেস আক্রা, ঘানার জরউলু পাড়ার 1.5 একর জমি যা ছোট ও অল্প বয়সীদের খেলাধূলা ও শেখার জন্যে নিরাপদ স্থল করে তোলা হয়েছে। আকান ভাষায় মক্রো মানে "ছোট ছেলেমেয়ে"; এবং ঘানা-স্থিত NGO মক্রো ফাউন্ডেশন – এই কর্মপ্রচেষ্টায় নেতৃত্ব করছে, ছোটদের সাংস্কৃতিক এবং বাস্তব পরিবেশে সৃজনশীল সংযোগের মাধ্যমে ছোটদের জীবন সমৃদ্ধ করা এদের উদ্দেশ্য।

দ্রুত আক্রার শহরীকরণ হয়ে চলেছে এবং এখানে প্রচুর অল্প বয়সী আছে, অথচ সহজে প্রবেশযোগ্য ও নিরাপদ সার্বজনীন স্থান খুব কম। এটা উপলব্ধি করে, 2012-এ মক্রো ফাউন্ডেশন একটি অধিবেশনের আয়োজন করেছিল, যা স্থানীয় স্থপতি, ইঞ্জিনিয়ার, শিল্পী এবং শিক্ষক সম্প্রদায় ছাড়াও তরুণ এবং সমাজের লীডারদের আক্রার শিশু-বান্ধব শহরে পার্ক মূল্যায়ন ও পুনরায় সংস্কারসাধন করার বিষয়ে সতর্ক করে। সেই সময়কার মস্তিষ্ক প্রসূত ধারণা এই মক্রো প্লেস।

মক্রো ফাউন্ডেশন এবং স্থানীয় ভাগীদাররা এই পার্কে সবার প্রবেশাধিকার, স্থানীয় উপকরণ নতুনভাবে সদ্ব্যবহার এবং আরও 'লঘু, দ্রুত, সস্তা' পন্থার নীতি প্রয়োগ করেছে। ফাউন্ডেশন এই মক্রো প্লেসের নাম দিয়েছে 'সবুজ ল্যাব', এখানে জলবায়ু পরিবর্তন, WASH অনুশীলন, বাগান করা, ব্যায়াম ও আরও নানা কাজে ছোটদের জন্যে শিক্ষণীয় এবং আচরণগত পরিবর্তনের অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়া এখানে STEM (বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং এবং অঙ্ক) প্রদর্শনী এবং পরিবেশ সংক্রান্ত শিক্ষার প্রোগ্রামের আয়োজন করা হয় যাতে বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্যে বৃক্ষ রোপণ, বাতাসের তাপমান কম করা এবং মানসিক সুস্থতার প্রয়োজনীয়তার মত গুরুত্বপূর্ণ বার্তা জানানো হয়। সার্বজনীন সুস্থতায় ফোকাস একটি গুরুত্বপূর্ণ বিষয়, এই প্রক্রিয়ায় স্থানীয় বাসিন্দাদের অংশ নিতে উৎসাহিত করা হয়, যার ফলে যে জায়গা যথেষ্ট কাজে লাগানো হচ্ছিল না তা হয়ে উঠেছে এক প্রাণবন্ত ও আকর্ষণীয় সার্বজনীন স্থল।

এই পার্কে এখনও কাজ চলছে, এবং ইন্দ্রিয় সংক্রান্ত, সামাজিক ও বাস্তব খেলাধূলার মাধ্যমে শেখার এক অনুপম পরীক্ষাস্থল হয়ে উঠেছে। মক্রো প্লেসে ঘানার সাংস্কৃতিক ও সহজাত ঐতিহ্য তুলে ধরা হয়েছে এবং এটা শহরে সহনশীলতার প্রয়োগসাধ্য সমাধানের প্রতীক হয়ে উঠেছে। শহরের অন্যান্য সার্বজনীন স্থলে, যেমন বাজার, স্কুলের মাঠ ও পাড়ার পার্কে মক্রো প্লেসের অনুকরণ করা হচ্ছে।

আজকের দিনে মক্রো ফাউন্ডেশন এবং অন্যান্য অনুরূপ চিন্তাধারার সংগঠনের কাজ আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বিশ্বব্যাপী কোভিড-19 অতিমারী স্বাস্থ্যকর সামাজিক মেলামেশার জন্যে বিশেষ করে শহরে খোলা মেলা জায়গার প্রয়োজনীয়তা আরও স্পষ্ট করে তুলেছে। বেশ কয়েকটি সংগঠন মক্রো ফাউন্ডেশনে সমর্থন দিয়ে চলেছে, তার মধ্যে কয়েকটি হল, UN-হ্যাবিট্যাট; কানাডার বাসযোগ্য শহরের প্রোগ্রাম – হেল্থব্রিজ; প্রজেক্ট ফর পাব্লিক স্পেসেস – এটি নিউ ইয়র্ক-স্থিত একটি মুনাফাহীন প্রতিষ্ঠান; এবং বার্নার্ড ভ্যান লীর ফাউন্ডেশন – নেদারল্যান্ডস স্থিত শৈশবকালে বিকাশে বিশেষজ্ঞ।



# প্রাথমিক সতর্কতা প্রাথমিক পদক্ষেপ

**বিপদাশঙ্কার সম্ভাবনা ও তীব্রতা নির্ণয় করতে অগ্রিম সতর্কীকরণ-কে অগ্রিমে পদক্ষেপে রূপান্তরিত করা বিশেষ উপযোগী হতে পারে। অগ্রিম সতর্কীকরণের ফলে যথেষ্ট সময় হাতে পাওয়া যায় যার ফলে সমাজগোষ্ঠীর প্রাণ, সম্পত্তি এবং জীবিকা বাঁচানো যায়।**

বিপদগ্রস্ত সমাজ গোষ্ঠী যাতে আরও কার্যকর উপায়ে আবহাওয়ার তথ্য বুঝতে ও কাজে লাগাতে পারে সেইজন্য এই মডিউল নানা ক্রিয়াকলাপের পরামর্শ দেয়, যাতে তারা অগ্রিম পদক্ষেপ নিয়ে বিপদাশঙ্কা কম করতে এবং সুযোগ বাড়াতে পারে। একত্রে, এই ক্রিয়াকর্মগুলিকে প্রাথমিক সতর্কতা প্রাথমিক পদক্ষেপ পদ্ধতি বলা হয়ে থাকে।

'আবহাওয়া সম্পর্কিত তথ্যগুলি বোঝা' এই কাজটি হল মানুষকে তাদের সমাজের মধ্যে আবহাওয়া এবং সেটির প্রভাবগুলির ব্যাপারে বুঝতে এবং পূর্বাভাসগুলি জানতে ন্যাশনাল মেট্রোলজিকাল সার্ভিসের সঙ্গে সংযুক্ত হতে সাহায্য করা।

সমাজে যোগাযোগের ধারা ম্যাপ করার একটা সহজ উপায় হল 'সামাজিক যোগাযোগের নেটওয়ার্কের নকশা তৈরি করা', যা সামাজিক স্তরে উপযুক্ত যোগাযোগ ব্যবস্থার বিকাশে সাহায্য করতে পারে।

'যোগাযোগ ব্যবস্থার নকশা গড়ে তোলা' নামের কাজটি তথ্য প্রচারে ফোকাস করে। সমাজের মধ্যে অত্যাবশ্যক বার্তাগুলি দ্রুত ছড়িয়ে দিতে যোগাযোগ ব্যবস্থা(গুলি)-কে রূপায়িত করার ব্যাপারে এটি ধাপে-ধাপে নির্দেশ দিয়ে থাকে।

প্রচন্ড গরমে সমাজের সদস্যদের সাহায্য করার জন্যে সহজে পাওয়া যায় এমন যন্ত্রপাতি কিভাবে কাজে লাগানো যায় 'কূলিং সেন্টার' -এর কাজটি তার নির্দেশ দেয়।

# গ্লোবাল লিঙ্ক

এই মডিউলের অর্ন্তগত কার্যকলাপগুলি সমাজ এবং বিপন্ন গোষ্ঠীগুলিকে আবহাওয়া সম্পর্কিত তথ্যগুলি লাভ করতে, বুঝতে এবং পদক্ষেপ গ্রহণ করতে সহায়তা করে এটিকে সহজবোধ্য এবং স্থানীয় ভাবে আরো প্রাসঙ্গিক করে তোলার মাধ্যমে। সমাজে ইতিমধ্যে যেসব পন্থা ও কার্য কর্তা আছে সেসব ব্যবহার করে বাসিন্দাদের কাছে গুরুত্বপূর্ণ তথ্য জানানোর উপায়ে উন্নতি করার জন্যে এই মডিউলে কয়েকটা কার্যক্রমের উল্লেখ আছে। সামগ্রিকভাবে এই কাজগুলি দীর্ঘস্থায়ী উন্নয়ণের লক্ষ্যের সঙ্গে সম্পর্কিত 13: "জলবায়ুগত পরিবর্তন এবং তার প্রভাবসমূহের বিরুদ্ধে লড়তে জরুরী পদক্ষেপ গ্রহণ করা" এবং বিশেষ করে লক্ষ্য 13.1: "সব দেশে জলবায়ু-সম্পর্কিত ঝুঁকি এবং প্রাকৃতিক দুর্যোগের মুখে স্থিতিস্থাপকতা এবং অভিযোজনের ক্ষমতা বৃদ্ধি করা" লক্ষ্য 13.3-এর পাশাপাশি: জলবায়ুগত পরিবর্তন প্রশমন, অভিযোজন, প্রভাব হ্রাস এবং প্রাথমিক সতর্কতার ওপর শিক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানব ও প্রাতিষ্ঠানিক ক্ষমতার উন্নতিকরণ"।

আবহাওয়া সংক্রান্ত তথ্যগুলি সহজলভ্য করে তুলতে, বুঝতে এবং ব্যবহার করতে, এই কর্মক্রিয়াগুলি প্রত্যক্ষভাবেও সেন্ডাই ফ্রেমওয়ার্ক ফর ডিসাস্টার রিস্ক রিডাকশন এর লক্ষ্য G-5-কে সমর্থণ করে যেটির লক্ষ্য হল "সেই সব দেশের সংখ্যা বৃদ্ধি করা যাদের জাতীয় এবং স্থানীয় স্তরে মানুষের জন্যে সহজলভ্য, সহজবোধ্য, ব্যবহার যোগ্য এবং প্রাসঙ্গিক দুর্যোগের ঝুঁকি সংক্রান্ত তথ্য এবং মূল্যায়ন রয়েছে"।





# কূলিং সেন্টার

শীতলতা কেন্দ্রগুলি হল সেই সব স্থান যেখানে মানুষ অত্যধিক গরমের সময়ে বিশ্রাম নিতে পারেন এবং ঠান্ডা হতে পারেন। এখানে লোকেরা গরমের বিপদাশঙ্কার বিষয়ে জানতে পারে এবং নিজেদের ও অন্যদের মধ্যে উত্তাপজনিত চাপের লক্ষণ ও উপসর্গ চিনতে পারবে। যেসব সমাজকে তাপপ্রবাহের সম্মুখীন হতে হয় তাদের জীবনরক্ষার উপায় এই কূলিং সেন্টার।

গরম বিপজ্জনক হতে পারে ও যে কেউ প্রভাবিত হতে পারে। গরম থেকে রেহাই পাওয়ার ভালো উপায় এই কূলিং সেন্টার এবং নিত্যযাত্রী, বাইরের কর্মী এবং বয়স্ক লোক – যারা অতিরিক্ত তাপমানের সংস্রবে থাকে ও উত্তাপজনিত চাপে বিপন্ন – তারা সকলেই এইগুলি ব্যবহার করতে পারে। প্রাথমিক পদক্ষেপ হিসেবে,শীতলকারী কেন্দ্রগুলি সহজ রূপায়নযোগ্য এবং কম বাজেট সম্পন্ন।

## ধাপ

1. আবহাওয়ার পূর্বাভাস এবং বিশেষ করে অন্য কোন আবহাওয়া সংক্রান্ত সতর্কতাগুলি নিয়মিত পরীক্ষা করুন অতিরিক্ত গরমের সময়গুলিতে নিজেদের প্রস্তুত রাখতে।
2. একটি উপযুক্ত স্থান চিহ্নিত করুন যেটি সমাজের সদস্যদের পক্ষে যাতায়াতসাধ্য এবং সুবিধাজনক যারা তাপ জনিত চাপের সম্মুখীন যেমন রেড ক্রস অফিস, গণ বিল্ডিং বা বে-সরকারী ক্ষেত্রের দেওয়া কোন স্থান। আরো বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছনোর জন্যে আপনি শীতলকারী বাস বা তাঁবু সহ সক্রিয় থাকার কথাও ভাবতে পারেন। স্থানীয় সরকার এবং অন্যান্য সহযোগীদের সঙ্গে কাজ করে কূলিং সেন্টারের খরচ কম করা যায়।
3. কেন্দ্রটিতে শীতলকরণের উপকরণ যেমন শেড, পাখা, ঠান্ডা জল, স্প্রে বা এয়ার কন্ডিশনিং ইউনিটের ব্যবস্থা রাখুন। মনে রাখবেন বায়ু চলাচলের যেন সু ব্যবস্থা থাকে।
4. অতিথিদের জন্যে জল খাবারের ব্যবস্থা করুন – উদাহরণস্বরূপ ঠাণ্ডা জল, ভেষজ চা বা ফলের রস। ভেজা তোয়ালেও গরম এর হাত থেকে কিছুটা নিষ্কৃতি পাওয়ার একটি সদুপায়।
5. গরমের বিপদগুলির ওপর সাইন বা ফ্লায়ার তৈরী করুন। বার্তাটি যাতে সকলের কাছে পৌঁছতে পারে এবং বোধগম্য হয় তাই গ্রাফিক্স এর ব্যবহার করুন। আগন্তুকদের বিপদগুলির ব্যাপারে বুঝিয়ে দিন।
6. স্বেচ্ছাসেবক এবং শীতলতা কেন্দ্রগুলিতে আসা সমাজের সদস্যদের সঙ্গে আপনার অভিজ্ঞতা ভাগ করে নিন যাতে অত্যধিক গরম আবহাওয়ার পূর্বাভাসের ক্ষেত্রে পরের বার আপনার গঠন করা শীতলতা কেন্দ্রে অদলবদল/উন্নতিকরণ সম্ভবপর হয়।

**সময়**
- 5 ঘন্টা

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- অনুষ্ঠান স্থল – বিল্ডিং, বাস, তাঁবু এমনকি ছায়া শীতল গাছ
- বড় কাগজের টুকরো ও পেন – পোস্টার তৈরি করার জন্যে
- জলখাবার – জল, ভেষজ চা, ফলের রস
- ছোট তোয়ালে
- পাখা, জলসেচন ব্যবস্থা বা এয়ার কন্ডিশনার, যদি পাওয়া যায়

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী
- সমাজের সদস্য
- স্কুলের ছাত্রছাত্রী



# আবহাওয়া সম্পর্কিত তথ্য বোঝা

মানুষ কিভাবে আবহাওয়া এবং সেটির প্রভাবগুলি অনুভব করে তা বুঝতে পারলে সমাজের প্রতিদিনের জীবনে আবহাওয়ার প্রভাবগুলির ব্যাপারে সচেতনতা এবং তার জন্যে প্রস্তুতিকরণ আরো উন্নত হয়।

যাদের বেশি দুর্যোগের আবহাওয়ায় – যেমন অত্যধিক বৃষ্টি, ক্রান্তীয় ঝড় বা খরা – বিপদগ্রস্ত হওয়ার আশঙ্কা বেশি তাদের জেনে রাখা দরকার সেসব কখন ঘটবে এবং তারা কিতাবে প্রভাবিত হবে। পরিস্থিতির পূর্বানুমানের ফলে, বিশেষ করে বার বার যেসব আবহাওয়া দেখা যায় তার ফলে যে কোনও ক্ষতি, বাধা বিঘ্ন বা অন্য প্রভাবের অনুপাত স্থানীয় জনসাধারণ বোঝাতে পারে। পূর্বানুমান একে অপরকে জানালে সমাজের সদস্যরা উপযুক্ত পদক্ষেপ নিতে পারে।

**সময়**
- প্রায় 6 ঘন্টা

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- অনুষ্ঠান স্থল
- অনলাইনে প্রতি দিন বা প্রতি সপ্তাহের আবহাওয়ার পূর্বাভাস জানার জন্যে স্মার্টফোন, ল্যাপটপ, রেডিও, টেলিভিশন বা অন্য কোনও যন্ত্র
- আলোচনা রেকর্ড করার জন্যে কাগজ ও পেন/পেনসিল বা অডিও/অডিওভিজুয়াল রেকর্ডিং ডিভাইস (যদি পাওয়া যায় এবং অংশগ্রহণকারীদের সম্মতি থাকে)
- ক্রেয়ন, চক বা রঙিন পেন/পেনসিল

**অংশগ্রহণকারী**
- সমাজের লীডার
- স্থানীয় বাসিন্দা
- সমাজের অন্যান্য সদস্য
- স্থানীয় সরকারি কর্তৃপক্ষের প্রতিনিধি
- জাতীয় আবহাওয়া পরিষেবার প্রতিনিধি

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10–30

## ধাপ

1. স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তি এবং আবাসিকদের কাছ থেকে জানতে চান কোন ধরণের আবহাওয়া ওদের সমাজকে সবচেয়ে গুরুতরভাবে প্রভাবিত করে। আবহাওয়া কিভাবে ওদের জীবিকার ওপর প্রভাব ফেলে তা জানতে কায়েমী স্বার্থ রয়েছে এমন একদল মানুষকে নিযুক্ত করুন (যেমন কৃষক, জেলে, ব্যবসায়ী লোক ইত্যাদি)

2. দল বেঁধে, সমাজকে বিপর্যস্ত করতে পারে এমন আবহাওয়ার আশঙ্কা, যেমন অতিরিক্ত বৃষ্টি, অত্যধিক তাপমান, প্রবল হাওয়া সনাক্ত করুন। সর্বাধিক প্রভাব বিস্তারকারী ঝুঁকির ব্যাপারে অংশগ্রহণকারীদের ভোট দিতে বলার আগে সাম্প্রতিক এবং অতীতের প্রভাব বিস্তারকারী আবহাওয়া সংক্রান্ত আলোচনা দিয়ে শুরু করুন। (ন্যুনতম 30 মিনিট)

3. তার পরে এইসব আশঙ্কার যা প্রভাব পড়েছে তার তালিকা তৈরি করুন, পরিস্থিতি বিশেষে এইগুলিতে প্রভেদ থাকতে পারে যেমন প্রবল বৃষ্টির ফলে এক বার হয়ত সামান্য বন্যার মত পরিস্থিতি হল; তবে পরের বার এমন বন্যা হল যে পোষ্য জীবজন্তু এমনকি বাড়ি ঘর ভাসিয়ে নিয়ে গেল। প্রভাবগুলির ক্রমটিকে 'মুখ্য' থেকে 'গৌণ' অনুযায়ী সাজান।

4. কোন দৈনিক বা সাপ্তাহিক অনলাইন পূর্বাভাস বের করুন যা থেকে স্থানীয় আবহাওয়া সংক্রান্ত তথ্য পাওয়া যাবে যার মধ্যে আপনার সমাজও অর্ন্তভুক্ত। এটি ন্যাশনাল মেট্রোলজিকাল সার্ভিস বা বে-সরকারী আবহাওয়া কোম্পানি প্রকাশ করতে পারে। (ন্যুনতম 1 ঘন্টা)

5. বিভিন্ন ধরণের পূর্বাভাসের জন্যে সমাজের সদস্যরা কি পদক্ষেপ নিতে পারেন তা নিয়ে আলোচনা করুন। যেমন, যদি শুষ্ক আবহাওয়ার পূর্বাভাস থাকে তাহলে তা ফসল ফলানো বা গৃহ নির্মানের ক্ষেত্রে সুসময় হতে পারে।

6. নিয়মিতভাবে পূর্বাভাসগুলির ওপর নজর রাখুন এবং সম্ভাব্য উষ্ণ-প্রভাব সম্পন্ন আবহাওয়ার ব্যাপারে সতর্ক থাকুন যা সমাজকে প্রভাবিত করতে পারে। সমাজের সদস্যদের আবহাওয়া সংক্রান্ত তথ্যটি জানিয়ে দিন যাতে প্রত্যেকে তাদের চাহিদা পূরণের জন্যে সময় মতন সিদ্ধান্ত নিতে পারেন।





# সামাজিক যোগাযোগের নেটওয়ার্কের নকশা তৈরি অর্থাৎ ম্যাপ করা

একটা সমাজে যে ধারায় তথ্য ছড়ায় তা বোঝা ভবিষ্যতে গুরুত্বপূর্ণ তথ্য প্রচারের পরিকল্পনা করার জন্যে বিশেষ জরুরী। তবে, যোগাযোগের পথ, প্রধান প্রভাবশালী এবং বাধা দায়কের বিষয়ে সবিস্তারে খোঁজখবর খুব কমই করা হয়।

তথ্য প্রবাহটিকে ছকে ফেললে একটি শহরের বাস্তুতন্ত্রের বৃহত্তর তথ্যগুলি বোঝার একটি ভিত্তি পাওয়া যায়। বিভিন্ন চ্যানেল এবং পদ্ধতি প্রকরণের মাধ্যমে কিভাবে সমাজের সদস্যদের মধ্যে তথ্য বাহিত হয় এর থেকে তা জানা যায়। যা এই তথ্যের ধারায় বাধা দেয় সেসবও এই অনুশীলন সনাক্ত করতে পারে; এইগুলিতে সংশোধন করা হলে স্থানীয় স্তরে জলবায়ু সহনশীলতা বাড়ানো যাবে। তাছাড়া সমাজের জন্যে গুরুত্বপূর্ণ তথ্য আরও সহজসাধ্য করতে, একটা সমাজে যেসব মানুষ বা দল খুব প্রভাবশালী এবং যারা যোগাযোগের সেতু হতে পারে তাদের সনাক্ত করার ব্যাপারেও এটা সহায়ক হতে পারে।

**সময়**
- 10-15 দিন

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- অনুষ্ঠান স্থল
- আলোচনা রেকর্ড করার জন্যে কাগজ ও পেন/পেনসিল বা অডিও/অডিওভিজুয়াল রেকর্ডিং ডিভাইস (যদি পাওয়া যায় এবং অংশগ্রহণকারীদের সম্মতি থাকে)
- কার্য কর্তা এবং যোগসূত্র আঁকার জন্য বড় কাগজের টুকরো
- বিভিন্ন কার্য কর্তাদের রং দিয়ে চিহ্নিত করতে রঙিন পেন এবং/ বা কাগজ
- সার্ভে সাধনী

**অংশগ্রহণকারী**
- সমাজের লীডার
- বাসিন্দা
- সমাজের অন্যান্য সদস্য
- যেসব অন্তর্বর্তী মাধ্যম যেমন অ-সরকারি সংগঠন ও সমাজ-ভিত্তিক সংগঠন সমাজকে সাহায্য করছে
- শহর ব্যাপী ও স্থানীয় মিডিয়া
- শহরের সিদ্ধান্ত গ্রহণকারী যেমন সিটি হল
- সমাজের সেবা প্রদানকারী যেমন জল ও পরিচ্ছন্ন বিভাগ(সমূহ)
- তথ্য সেবা প্রদানকারী

## ধাপ

1. সমাজের সদস্যরা যে ভাবে সাধারণ ও আবহাওয়া সম্পর্কিত তথ্য পায় সেসব জানার জন্যে এবং তাদের পছন্দসই মিডিয়া, ফর্ম্যাট ও তথ্য পেতে যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয় সেসব বিষয়ে আলোচনা করার জন্যে তাদের নিয়ে দল গঠন করুন তাছাড়াও, তথ্য সংগৃহীত হওয়ার পর কোন ধরণের পদক্ষেপ(সমূহ) গ্রহণ করা হয় এবং একেকটি পদক্ষেপ রূপায়িত করতে কত সময় লাগে তাই নিয়েও আলোচনা করুন।

2. যোগাযোগের পরিকাঠামোটি চিহ্নিত করতে স্থানীয় অঞ্চলটি লক্ষ্য করুন (যেমন সামাজিক রেডিও) এবং স্থানীয় পরিষেবাগুলি বা গণ ব্যবহার্য বিল্ডিংগুলি তথ্য বিস্তারের ক্ষেত্রে কি ভূমিকা পালন করে তা বুঝুন।

3. ওদের তথ্য চাহিদা এবং অগ্রাধিকারগুলির বিষয়ে গভীরে জানতে স্থানীয় গণ মাধ্যম, সিদ্ধান্তগ্রহণকারী এবং ডেটা প্রদানকারীদের সঙ্গে অনানুষ্ঠানিকভাবে কথাবার্তা বলুন। এর থেকে জানা যাবে কিভাবে তথ্য সম্প্রচারিত হয় এবং কিভাবে এবং কখন তা প্রচারিত হয়, পাশাপাশি কোন কোন পদ্ধতি ব্যবহৃত হয় এবং মূল চ্যালেঞ্জগুলির ব্যাপারে ওঁদের অনুভূতি কি।

**অংশগ্রহণকারী সংখ্যা**

- সমাজকে ভালোমত চেনে এমন 3 জনকে নিয়ে গঠিত মূল দল যারা কাজে নেতৃত্ব করবে
- 70–100 টা পরিবারের সার্ভে করার জন্যে 3–5 জন হিসাব রক্ষক
- আলোচনার জন্যে 10 জন পর্যন্ত লোকের দল

**4.** সবকটি সংগৃহীত তথ্য ব্যবহার করে, স্থানীয় তথ্য বাস্তুতন্ত্রটি ছকে ফেলুন। বিশেষ করে আবহাওয়া সংক্রান্ত তথ্যের কুশীলব এবং মাধ্যমগুলিকে চিহ্নিত করুন। বিভিন্ন ধরণের কুশীলবদের রঙ দ্বারা চিহ্নিত করলে সুবিধে হতে পারে (যেমন তথ্য প্রদানকারী, মধ্যস্থতাকারী এবং তথ্য গ্রহণকারীসমূহ)। নেটওয়ার্কটি তৈরী করার সময়ে, সবচেয়ে জনপ্রিয় এবং কার্যকরী মাধ্যমগুলির ওপর জোর দেওয়ার উপায়গুলি ভেবে দেখবেন এবং যেসব কুশীলবেরা তাদের প্রচারিত তথ্যে মূল্য যোগ করছেন তাদের চিহ্নিত করার উপায় নির্ধারণ করবেন।





# একটি যোগাযোগ ব্যবস্থার ডিজাইন তৈরী করা

যোগাযোগের কার্যকর ব্যবস্থা এমন পন্থা এবং সাধনী ব্যবহার করে যা সমাজে দ্রুত জরুরী তথ্য প্রসার সহজতর করে। সামান্য খরচে, আগে থেকে উপস্থিত সংস্থান দিয়ে এই সব ব্যবস্থা কার্যত প্রয়োগ করা যায়।

গুরুত্বপূর্ণ বার্তাগুলি দ্রুত ভাগ করে নেওয়ার ব্যাপারে সমাজগুলিকে সাহায্য করতে একটি বিবিধ-মাধ্যম ভিত্তিক যোগাযোগ ব্যবস্থা ডিজাইন করুন। স্থানীয় বাসিন্দারা যেভাবে সবসময়ে সমাজের মধ্যে তথ্য ভাগ করে নেয়, এটি সেই ভিত্তিতে করতে হবে। এই পদ্ধতিগুলির মধ্যে রয়েছে কাস্কেডিং (প্রসারণ) – যেখানে এক দল গ্রহীতা আরেকটি দলকে বার্তাটি পাঠিয়ে দেবে; প্রশিক্ষণ – যেখানে মুখ্য ব্যক্তিরা জানতে পাড়বেন কিভাবে নির্বাচিত মাধ্যমগুলি ব্যবহার করে বার্তাগুলি সম্প্রচারিত করতে হবে; এবং মতামত (ফিডব্যাক) – যেখানে যোগাযোগ ব্যবস্থার সব ব্যবহারকারীরা জানাবেন কোনটি সঠিক কাজ করছে এবং কোথায় আরো উন্নতির প্রয়োজন।

**সময়**
- 2 সপ্তাহ

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- অনুষ্ঠান স্থল
- আলোচনা রেকর্ড করার জন্যে কাগজ ও পেন/পেনসিল বা অডিও/অডিওভিজুয়াল রেকর্ডিং ডিভাইস (যদি পাওয়া যায় এবং অংশগ্রহণকারীদের সম্মতি থাকে)

**অংশগ্রহণকারী**
- সমাজের লীডার
- যোগাযোগের পন্থার প্রহরী – সোশাল মিডিয়া, স্থানীয় রেডিও, প্রধান শিক্ষক ইত্যাদি
- অন্যান্য ভাগীদার – যারা বার্তা পায়, বা বার্তা ছড়ায়, বা তথ্য ব্যবহার করে

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 30

## ধাপ

**1.** যোগাযোগের জন্যে সবচেয়ে কার্যকরী মাধ্যমগুলি চিহ্নিত করুন। কিভাবে মানুষ নির্ভরযোগ্য তথ্য ভাগ করে নেন এবং বর্তমানে ওরা যে যোগাযোগের মাধ্যমগুলি ব্যবহার করেন সে ব্যাপারে মতামত নেন (ইতিবাচক এবং নেতিবাচক) তা জানতে স্থানীয় প্রতিনিধিদের নিয়ে একটি বৈঠকের আয়োজন করুন। কোন কোন মাধ্যম জনসংখ্যার কিছু নির্দিষ্ট শ্রেণীর কাছে অন্যদের তুলনায় বেশি কার্যকরী উপায়ে পৌঁছতে পারে অর্থাৎ বয়স্করা SMS ব্যবহার করতে পারেন; অল্প বয়সীদের সামাজিক মাধ্যম সংক্রান্ত অ্যাপগুলি বেশি পছন্দসই হতে পারে যেমন হোয়াটসঅ্যাপ।

**2.** একেকটি মাধ্যমের মধ্যস্থতাকারীদের (গেটকিপার) চিহ্নিত করুন। আপনি যদি ছোটদের এবং তাদের বাবা মায়েদের সঙ্গে যোগাযোগ করার জন্যে স্কুলগুলি ব্যবহার করার কথা ভেবে থাকেন,তাহলে আপনাকে প্রধান শিক্ষকদের সহযোগিতায় তা করতে হবে। যেমন আপনি যদি স্কুলের ফেসবুক পৃষ্ঠা বা হোয়াটসঅ্যাপ দলের মাধ্যমে বার্তা ছড়াতে চান তাহলে আপনাকে প্রশাসকের সঙ্গেও যোগাযোগ করতে হবে।

**3.** স্থানীয় যোগাযোগ ব্যবস্থার মাধ্যমগুলির অন্যান্য মধ্যস্থতাকারীদের সহযোগিতায় করুন। আপনি কি অর্জন করতে চান তা ব্যাখ্যা করুন। আবহাওয়া সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যগুলি ওদের পাঠাতে বলুন এবং গ্রহণকারীদের মতামতগুলি জানিয়ে দিন।

**4.** পরীক্ষা এবং পর্যালোচনা। যোগাযোগ ব্যবস্থা কত ফলপ্রসূ তা যাচাই করতে একটা পরীক্ষামূলক বার্তা পাঠান। যেকোন প্রয়োজনীয় অদলবদল করে নিন।

**5.** গ্রহীতা এবং মধ্যস্থতাকারীদের কাছ থেকে পাওয়া মতামতগুলির ওপর নজর রাখুন যাতে আপনার বার্তা অদলবদল করা যায় এবং উন্নত করা যায়। সক্রিয় হয়ে বার্তার সব কটি বিষয়ে, যেমন বিষয়বস্তু, ফর্ম্যাট, ভাষা, সময়মত ইত্যাদির বিষয়ে প্রতিক্রিয়া জেনে নিন। স্থানীয় লীডার/সমাজ প্রতিনিধি, তথ্য প্রদানকারী ও পন্থা প্রহরীদের সঙ্গে প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করুন এবং কোনও নেতিবাচক প্রতিক্রিয়া পেলে তার সমাধান করতে স্পষ্ট পদক্ষেপ স্থির করে নিন।



## কেস স্টাডি



**কিগোগো অপরিকল্পিত কলোনিতে স্থানীয় ভাগীদারদের সঙ্গে কর্মশালার আয়োজন করা হয়েছিল।**
সেন্টার ফর কমিউনিটি ইনিসিয়েটিভস (CCI)

# দার এস সলাম, তাঞ্জানিয়ায় স্থানীয় স্তরে প্রাসঙ্গিক আবহাওয়ার প্রভাবের বিবৃতি এবং প্রয়োগ যোগ্য পরামর্শের বিকাশ

যাদের বেশি দুর্যোগের আবহাওয়ায় - যেমন অত্যধিক বৃষ্টি, ক্রান্তীয় ঝড় বা খরা-বিপদগ্রস্ত হওয়ার আশঙ্কা বেশি। তবে প্রায়ই পূর্বানুমানকারীরা যেসব টেকনিকাল শব্দ ব্যবহার করেন তা দুর্বোধ্য মনে হয়। ফলে, প্রতিরোধমূলক পদক্ষেপ(গুলি) নেওয়ার জন্যে লোকেরা পূর্বাভাস কাজে লাগাতে পারে না। তাছাড়া, লোকেরা জানতে চায় বিশেষ করে তাদের এলাকায় আবহাওয়ার কি প্রভাব পড়বে, যাতে তারা তাদের স্থান বিশেষের প্রাসঙ্গিক কার্যকর পদক্ষেপ নিতে পারে।

এর সমাধানের একটা উপায় হল স্থানীয় স্তরে আবহাওয়ার পূর্বাভাস আরও প্রাসঙ্গিক করা – শব্দ প্রয়োগে, ভাষায় এবং স্থানীয় প্রভাবের বর্ণনায়।

দার এস সলাম, তাঞ্জানিয়ার কিগোগো অপরিকল্পিত কলোনিতে স্থানীয় ভাগীদারদের সঙ্গে কর্মশালার আয়োজন করা হয়েছিল, যাতে রেফারেন্স গাইডের আকারে স্থানীয় বাসিন্দাদের জন্যে আবহাওয়ার প্রভাবের বিবৃতি ও পরামর্শমূলক বার্তার ক্রম তৈরি করা যায়। তাঞ্জানিয়া মেটেরোলজিকাল অথরিটি তাদের পূর্বাভাসে যেসব আবহাওয়ার অবস্থা ব্যবহার করে সেসব এবং প্রতিটি আবহাওয়ার অবস্থার স্থানীয় স্তরে প্রাসঙ্গিক বর্ণনা সোয়াহিলি – ভাষায় লেখা এই গাইডে – জানানো হয়েছে।

আবহাওয়ার প্রভাবের বিবৃতিতে ‘আবহাওয়া কেমন হবে’ -কে ‘আবহাওয়া কি করবে’ বিষয়ে স্থানবিশেষের প্রাসঙ্গিক তথ্যে পরিণত করা হয়। অবস্থার পূর্বাভাসের ফলে যেসব ক্ষতি, বাধা বিপত্তি ও অন্য প্রভাব পড়ার সম্ভাবনা সেসবের বর্ণনা তাতে জানানো হয়। আবহাওয়ার প্রভাবের বিবৃতির ভিত্তিতে তৈরি করা পরামর্শমূলক বার্তার – সাহায্যে লোকেরা স্থানীয় আবহাওয়ার অবস্থায় আরও কার্যকর উপায়ে সাড়া দিতে পারে।

সমাজের লীডার এবং অন্যরা যে আবহাওয়ার পূর্বাভাস পায় তা বুঝতে গাইড ব্যবহার করে জানতে পারে তাদের এলাকায় আবহাওয়ার কি প্রভাব পড়বে এবং এলাকার ভৌগোলিক অবস্থানের কারণে কেমন প্রতিরোধমূলক পদক্ষেপ নেওয়া উচিত। যেমন, নদীর ধারে যে বাড়িঘর আছে সেখানকার আবহাওয়া এক রকম হবে আবার পাহাড় ঘেষা বাড়ি ঘরের আবহাওয়া থেকে আলাদা হবে। সমাজে সর্বত্র এই আবহাওয়ার পূর্বাভাস জানানোর সময় আবহাওয়ার প্রভাবের বাড়তি বিবৃতি ও পরামর্শের ফলে কিগোগোর বাসিন্দারা বুঝতে পারে কিভাবে তারা ঐ আবহাওয়ায় প্রভাবিত হতে পারে এবং তাদের কি করণীয়।

## কেস স্টাডি




**লীডার নিয়োগের মিটিং**
কুয়েনকুয়ে ডিজাইন ইনিসিয়েটিভ (KDI)

# DARAJA [যৌথ প্রয়াসের মাধ্যমে ঝুঁকি সচেতনতার বিকাশ করা (Developing Risk Awareness through Joint Action)], নাইরোবি, কিনিয়া-এ একটা সামাজিক আবহাওয়া সম্প্রচার ব্যবস্থা গড়ে তোলা

নাইরোবি, কেনিয়ায় একটি সমাজের জন্যে আবহাওয়া সম্প্রচারের কার্যকর প্রণালী গঠন করতে গিয়ে সর্ব প্রথম বর্তমান তথ্য ব্যবস্থার একটা পুঙ্খানুপুঙ্খ নকশা তৈরি করা হয়। যোগাযোগের বিভিন্ন প্রয়োজন পূরণ করতে, বিশেষ করে আবহাওয়ার তথ্য জানাতে বর্তমানে বাসিন্দারা কোন পন্থাগুলি কাজে লাগায় তা এই নকশায় দেখানো হয়।

তার পরে – কেনিয়া মেটেরোলজিকাল ডিপার্টমেন্ট এবং স্থানীয় বাসিন্দা সমেত – স্থানীয় ভাগীদাররা এক সঙ্গে একটা স্থানীয় স্তরের প্রাসঙ্গিক আবহাওয়া সম্প্রচার প্রণালী গড়ে তোলে। স্থানীয় স্তরের প্রাসঙ্গিক আবহাওয়ার পূর্বাভাস জানাতে সম্পূর্ণ নতুন প্রচার মাধ্যম ব্যবহারের বদলে, বর্তমানে যেগুলি ব্যবহার করা হচ্ছিল – যেমন সমাজের রেডিও; স্থানীয় সমাজের ফেসবুক পৃষ্ঠা; বিভিন্ন স্থানীয় ভাগীদারদের হোয়াটসঅ্যাপ গ্রুপ; এবং SMS ব্যবহার করে ফোন ট্রি সিস্টেম – সম্প্রচার প্রণালী হয়ে উঠেছে। তাতে সুবিধা এই যে এইসব টেকনলজির বিষয়ে লোকেরা আগে থেকে জানত ও স্বচ্ছন্দ্যে ব্যবহার করছিল, তাই আবহাওয়ার তথ্য সহজে জানতে পারছে; এবং তার ফলে সর্বব্যাপী এমন একটা সামাজিক সম্প্রচার প্রণালী তৈরি করা হল যা প্রায় 500,000 বাসিন্দার কাছে পৌঁছে গেল।

গুরুত্বপূর্ণ বিষয়টি হল, এই সম্প্রচার প্রণালী দ্বি-মুখী: বাসিন্দাদের তথ্য জানানো হয় এবং বাসিন্দাদের প্রতিক্রিয়া কেনিয়া মেটেরোলজিকাল ডিপার্টমেন্টের কাছে জানানো হয়। কেনিয়া মেটেরোলজিকাল ডিপার্টমেন্ট থেকে তথ্য স্থানীয় প্রভাবের বিবৃতির সঙ্গে প্রাসঙ্গিক করে নেওয়া হয়, যার ফলে তার মূল্য বাড়ে এবং সেই পূর্বাভাস স্থানীয় স্তরে প্রাসঙ্গিক ও প্রয়োগসাধ্য হয়ে ওঠে।

যেমন, ফোন ট্রি সিস্টেম SMS-এর মাধ্যমে দ্রুত ও সহজে সমাজের মধ্যে আবহাওয়ার তথ্য প্রচার করে। প্রথমে এক দল প্রশিক্ষণ পাওয়া প্রাপকের কাছে এটা পাঠানো হয় এবং তার পরে তারা আরেকটা দলের কাছে ঐ বার্তা পৌঁছে দেয় ইত্যাদি। বার্তা বোঝা, তার অর্থ উপলব্ধি করা এবং যেসব পন্থা ব্যবহার করা হয় সেসবের মাধ্যমে তা প্রচার করার জন্যে প্রধান কয়েকজনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।



# সৃজনশীল যোগাযোগ

শহরে পরিবেশে, যেখানে লোকেরা প্রায়ই বিজ্ঞাপন অভিযানের মত যোগাযোগের পেশাদার কৌশলের সংস্রবে থাকে সেখানে সৃজনশীল উপায়ে যোগাযোগের মাধ্যম আপনার বার্তা সবার কাছে পৌঁছে দিতে পারে। এই প্রকারের পরিবেশে, যোগাযোগের সৃজনশীল বা অপ্রত্যাশিত পদ্ধতি আপনার বার্তাটিকে অনন্যসাধারণ করে তুলতে পারে।

এই মডিউলটিতে কিছু সৃজনশীল যোগাযোগ পদ্ধতির কথা বলা হয়েছে যা আপনি শহরের সমস্যাগুলির ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্যে ব্যবহার করতে পারবেন। শহরে স্থানগুলি সৃজনশীল প্রেরণার দ্বারা পরিপূর্ণ; এখানে আমরা এমন কিছু সৃজনশীল ভাবনাচিন্তার কথা আলোচনা করব যাতে এই স্থানগুলির ক্ষেত্রে কাজে লাগানো যায়।

সৃজনশীল যোগাযোগ বলতে শুধুমাত্র বৃহত্তর দর্শকের কাছে গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দেওয়াই নয়। এটি শহরের কাজে নিযুক্ত আপনার স্বেচ্ছাসেবক এবং অংশীদারদের দলের মধ্যে একাত্ম বোধ এবং সম্মিলিত উদ্দেশ্যসাধণ এর স্পৃহা জাগরিত করে। তাছাড়া, বিভিন্ন সমাজ গোষ্ঠীর নানা দক্ষতা এক্ষেত্রে ব্যবহার করা যায়; এবং শহুরে বার্তা প্রসারে স্থানীয় লোকেদের জন্যে সক্রিয় ভূমিকা নেওয়া ও অংশগ্রহণ করার প্রবেশ পথ তৈরি করে দেয়।

এই মডিউলে যোগাযোগের চারটি সৃজনশীল উপায় জানানো হয়: শহুরে শিল্প কলা এবং ফ্ল্যাশমব – জরুরী বার্তা প্রসারের জন্য; সুকৌশলে পরিকল্পিত নগরতন্ত্রবাদ – যা সম্ভব সেসব দেখানোর জন্যে; এবং কার্টুন-এ-থন – গুরুত্বপূর্ণ বিষয় সবিস্তারে বোঝার জন্য।

## গ্লোবাল লিঙ্ক

আন্তর্জাতিক নীতি প্রণালীর সঙ্গে যুক্ত হওয়া ও তাতে প্রভাব ফেলার এক অসাধারণ সাধনী এই সৃজনশীল উপায়ে যোগাযোগ পদ্ধতি। ভিডিও, ফোটোগ্রাফি এবং কেস স্টাডি দিয়ে কার্যকর উপায়ে যদি স্থানীয় পদক্ষেপগুলি দলিলবদ্ধ করা যায়, সেসব শহুরে সক্রিয়তার শক্তিশালী ও আকর্ষক উদাহরণ হয়ে সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোল, নিউ আর্বান অ্যাজেন্ডা বা প্যারিস চুক্তি 2015 এগিয়ে নিয়ে যেতে পারে। আপনার দেশের নানা শহর জুড়ে, বা দেশের সীমা ছাড়িয়ে সমন্বিত পদক্ষেপ নেওয়া গেলে সুবিশাল ও সম্ভবত আন্তর্জাতিক দর্শকদের আকৃষ্ট করবে ও তাতে আরও বেশি প্রভাব পড়তে পারে।



# শহুরে শিল্প

মূল বার্তা জানানো এবং/বা সমাজের একটি স্থানকে পুনরুজ্জীবিত করার এক সৃজনশীল ও প্রেরণাদায়ক পদ্ধতি হল শহুরে শিল্প কলা।

শহুরে শিল্প মানুষকে প্রতিস্থাপন এর কাজে মিলিত করে যেমন প্রাচীর চিত্র, মোজাইক এবং ভাস্কর্যসমূহ। কোন শিল্পকর্মের অলঙ্করণ এবং কারুকাজ করার মাধ্যমে মানুষ শহরের নতুন দর্শনগুলি একে অপরের সঙ্গে ভাগ করে নিতে পারে, শহরের বিভিন্ন স্থানগুলিকে প্রাণবন্ত রঙের ছোঁওয়ায় পুনর্নির্মান করতে পারে এবং সংস্কৃতি, স্বাস্থ্য বা এমন কি জলবায়ুগত পরিবর্তন বা প্রাকৃতিক দুর্যোগের মতন বিষয়গুলি নিয়ে গুরুত্বপূর্ণ বার্তা ছড়িয়ে দিতে পারে। শহুরে শিল্প মানুষকে প্রেরণা যোগাতে পারে, নাগরিকের জীবন উজ্জ্বল করে তুলতে পারে এবং সমতা ও অন্তর্ভুক্তি বৃদ্ধি করতে পারে।

আপনার সমাজে শহুরে শিল্প কলা প্রকল্পের আয়োজন করার প্রধান ধাপগুলির রূপরেখা এই কাজে জানানো হয়েছে।

## ধাপ

**1.** স্থাপন করার আইডিয়া পেতে এবং স্বেচ্ছাসেবী ও উপকরণ সমেত সংস্থানের খোঁজ করতে স্থানীয় কর্তৃপক্ষ, সামাজিক দল, পাড়ার সঙ্ঘ, স্কুল এবং শিল্পীরা সাহায্য করতে পারে। খরচগুলি ন্যুনতম রাখতে, স্থানীয় সরবরাহকারীদের সঙ্গে কথা বলে দেখতে পারেন যদি ওঁরা উপকরণগুলি কোন কিছুর বিনিময়ে দিতে পারেন।

**2.** শহরের যেসব জায়গা যথেষ্ট ব্যবহার করা হচ্ছে না অথচ প্রায়ই চোখে পড়ে তেমন জায়গাগুলি বিবেচনা করে দেখুন। সরকারী বিল্ডিং এর মতন নিশ্চল স্থান এবং শহুরে বাসের মতন সচল স্থানের কথা বিবেচনা করতে পারেন। স্থান(গুলি) চিহ্নিত করুন, প্রয়োজনীয় অনুমতি নিন এবং বিষয় বা বার্তাটির ব্যাপারে সহমত হন। যে শিল্পকার্যটি প্রতিস্থাপিত হবে সেটির ডিজাইনের একটি স্কেচ করে নিন এবং দেখিয়ে দিন সেটি কিভাবে স্থানটিকে রূপান্তরিত করবে। সব অংশগ্রহণকারীদের সঙ্গে ডিজাইন এবং ভাবনাটি নিয়ে আলোচনা করুন।
নান্দনিকতা, কার্যকারিতা কিংবা হয়ত অপরাধ প্রবণতার কারণে কম ব্যবহৃত জায়গায় রূপবদল করে দিতে পারে সার্বজনীন শিল্প কলা। আপনারা এই পথ বেছে নিলে, আপনাদের শহুরে শিল্প কলা প্রকল্পের পাশাপাশি জায়গা নির্ধারণ পরিকল্পনার কাজটি করতে পারেন, পৃষ্ঠা 58 দেখুন।

**সময়**
- 1–2 সপ্তাহ

**অসুবিধা**
- কম-মাঝারি

**সংস্থান**
- স্বেচ্ছাসেবী
- রং
- রঙের তুলি

**অংশগ্রহণকারী**
- শিল্পী
- স্বেচ্ছাসেবী
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 5–15

3. স্বেচ্ছাসেবী নিয়োগ করুন এবং শিল্প সৃষ্টি কিভাবে করা যায় তার পরিকল্পনা করে নিন – প্রকল্পের আকার, আবহাওয়া এবং যত জন সেই কাজে জড়িত সেইমত কাজটা শেষ করতে কয়েক দিন বা কয়েক সপ্তাহ লাগতে পারে।

4. সৃজনশীল হয়ে উঠুন! স্বেচ্ছাসেবকের নিরাপত্তার বিষয়টি মাথায় রাখবেন যদি তারা বাইরে, উচ্চতায়, ধারালো যন্ত্রপাতির সাহায্যে বা শহরের কোন অসুরক্ষিত/ অন্ধকার এলাকায় কাজ করেন। সামাজিক মাধ্যমে কাজের অগ্রগতিটি পোস্ট করুন এবং স্থানীয় গণমাধ্যমকে যুক্ত করুন।

   আপনাদের কাছে বেশি বাজেট থাকলে আপনারা সার্বজনীন পরিবহনের পথে (যেমন প্রধান রাস্তার মোড়ে বা কেন্দ্রীয় ট্রেন স্টেশনে) বিজ্ঞাপনের হোর্ডিং-এ এই শহুরে শিল্পসৃষ্টির মুদ্রিত সংস্করণ টাঙানোর ব্যবস্থা করতে পারেন।





# ফ্ল্যাশমব

তাপপ্রবাহে সাবধানে থাকা বা নিয়মিত হাত ধোয়ার প্রয়োজনীয়তার মত বিষয়গুলিতে সচেতনতা বাড়ানোর সাধনী হিসাবে ফ্ল্যাশমব কাজে লাগানো যায়।

ফ্ল্যাশমব হল একটি সার্বজনীন স্থানে আপাতদৃষ্টিতে এলোমেলোভাবে আসা একটি বড় দলের মানুষের সমন্বিত ক্রিয়া, যেখানে তারা খুব স্বল্প সময়ের জন্যে বিনোদনমূলক কিছু করে দেখায় এবং তারপরে ছড়িয়ে যায়। ফ্ল্যাশমবের উদ্দেশ্য হল বিনোদনের মাধ্যমে জনগণের দৃষ্টি আকর্ষণ করা এবং কোন বার্তা প্রেরণ করা যেমন তাপের মধ্যে কিভাবে নিজেদের সুরক্ষিত রাখতে হবে।

**সময়**
- 2–3 দিন

**অসুবিধা**
- মাঝারি

**সংস্থান**
- ফ্ল্যাশমবের স্থানে পৌঁছানোর জন্য পরিবহন
- ফ্ল্যাশমব পরিবেশন করায় ব্যবহৃত উপকরণ
- ফোটো এবং ভিডিও নিতে ক্যামেরা/মোবাইল ফোন

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী
- স্কুলের দল
- সামাজিক দল

**অংশগ্রহণকারী সংখ্যা**
- অন্তত 15 জন।

## ধাপ

1. স্থানীয় অভিনয় স্কুল, স্কুল বা সামাজিক দল থেকে স্বেচ্ছাসেবী দল গড়ে নিন। আপনার বার্তাটি কাদের জন্যে প্রয়োজন এবং সাধারণতঃ কোথায় এই সব মানুষদের পাওয়া যাবে তার ওপর ভিত্তি করে কোথায় ফ্ল্যাশমবটি প্রদর্শন করবে তা ঠিক করে নিন। যেমন, যদি রাস্তার দোকানদারদের অতিরিক্ত গরমে বিপদগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকে আপনারা ব্যস্ত বাজারের এলাকায় আপনাদের ফ্ল্যাশমব করতে পারেন। সময় ও যথেষ্ট স্বেচ্ছাসেবী থাকলে একাধিক জায়গায় এটা করার সিদ্ধান্ত নিতে পারেন।

2. তিনটি মুখ্য বার্তা যা আপনি প্রচার করতে চান তাই নিয়ে আলোচনা করুন। যেমন, এইগুলি তাপপ্রবাহের গুরুত্বপূর্ণ পয়েন্ট হতে পারে: বিপদাশঙ্কা (যেমন তাপপ্রবাহ মারাত্মক); আত্মরক্ষার উপায় (যেমন দিনের সবচেয়ে গরম সময়টায় বাড়ির ভিতরে থাকুন); এবং জন সাধারণকে আসন্ন বিপদের বিষয়ে জানিয়ে রাখা (যেমন শনিবার থেকে তাপপ্রবাহ শুরু হবে)।

3. দলের সৃজনশীল ক্ষমতাগুলি ব্যবহার করুন যাতে এই বার্তাগুলি প্রেরণ করার উপায় বের করা যায় এবং স্থানীয় শ্রোতাদের সঙ্গে সংযুক্ত হওয়া যায়। যেমন, কোনও স্বেচ্ছাসেবী কি নৃত্য পরিকল্পনায় নিপুণ? দলের কেউ কি গুণী গায়িকা? বা কেউ কি ভালো কবিতা লিখতে পারে? অন্যান্য আইডিয়ায় আছে জনপ্রিয় গানের সুরে আপনার মূল বার্তায় সেই সুরারোপণ; বা কোনও নাচের তালে কয়েকটা শব্দ জুড়ে দেওয়া। সৃজনশীল হোন! আপনার এই অনুষ্ঠান পরিবেশন করার জন্যে যে জিনিস বা উপকরণ দরকার সেসব সংগ্রহ করুন।

4. ক্রমাগত, অনুশীলন, করুন!

5. পরিবেশন করার অন্তত 15 মিনিট আগে যথাস্থানে পৌঁছে যান এবং পরে কিভাবে সাবধানে অদৃশ্য হয়ে যাবেন তা স্থির করে নিন। স্বেচ্ছাসেবীদের নিরাপত্তা নিশ্চিত করতে নিজেদের সঙ্গে জল, টুপি ও অন্য জরুরী জিনিস মনে করে নিয়ে আসবেন।

6. অভিনয় মঞ্চস্থ করুন! নিজের প্রতিভা দেখানোর এই সুযোগ। একটি সফল ফ্ল্যাশমব একটি বড় জনতাকে আকৃষ্ট করবে এবং সামাজিক/স্থানীয় গণমাধ্যমে জায়গা করে নেবে।

7. অভিজ্ঞতা নিয়ে ভেবে দেখুন। ভবিষ্যতে যে ফ্ল্যাশমব পরিবেশন করবেন তাতে উন্নতি বা আকার বৃদ্ধি করার উপায় ভেবে দেখুন।





# কার্টুন-এ-থন (কার্টুন প্রতিযোগিতা)-র আয়োজন করুন

জটিল বিষয় নিয়ে ভাবনা চিন্তা করা, তাতে নিহিত বাস্তব ও সংবেদনশীলতা প্রকাশ করার হাল্কা হাসির উপাদান কার্টুন-এ-থন।

এই কাজটিতে আমরা শিখব কার্টুন-এ-থনের মাধ্যমে কিভাবে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গভীরভাবে চিন্তা ভাবনা করা যায়। কার্টুন-এ-থনে প্রকৃত সময়ের মধ্যে কার্টুন শিল্পীর সাহায্যে কার্টুনগুলি বিকাশ করতে হবে এবং পরিমার্জন করতে হবে এবং ভাবনা এবং অর্ন্তদৃষ্টি লাভের জন্যে দর্শকদের প্রতিক্রিয়াগুলিকে কাজে লাগাতে হবে। সরল ও নজর কাড়া উপায়ে কার্টুন বিষয়ের মূলে পৌঁছাতে পারে।

**সময়**
- 90 মিনিট

**অসুবিধা**
- বেশি

**সংস্থান**
- (ভার্চুয়াল হলে) ভিডিও কনফারেন্সিং সফ্টওয়্যার
- কার্টুনিস্ট(দের) আনুষ্ঠানিক স্বীকৃতি/পারিতোষিক দেওয়া
- কাগজ
- মার্কার
- স্টিকি নোট
- পেন

**অংশগ্রহণকারী**
- কার্টুনিস্ট
- এই বিষয়ে আগ্রহী সমাজের সদস্য
- কর্মী

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10-30 জন বাঞ্ছনীয়

## ধাপ

1. আপনার শহরের সমাজের জন্যে গুরুত্বপূর্ণ একটা বিষয় বেছে নিন। সেটা যে কোনও শহুরে বিষয় হতে পারে, যেমন স্বাস্থ্যকর ও বাসযোগ্য শহর গঠন বা সুরক্ষিত শহরে বসবাস করা।
2. একজন স্থানীয় কার্টুন শিল্পীকে যুক্ত হওয়ার প্রস্তাব দিন। কার্টুন শিল্পীকে বলুন বিষয়টির সমস্যা এবং সুযোগগুলির ওপর আলোকপাত করে প্রাথমিক একটি খসড়া তৈরী করে নিতে।
3. অনুষ্ঠানের স্থানটি খুঁজে বুক করে নিন; কার্টুন-এ-থন এ সীমিত সংখ্যক মানুষদের অংশগ্রহণ করার জন্যে আমন্ত্রণ জানান; অনুষ্ঠানটিতে প্রয়োজনীয় উপকরণগুলির ব্যবস্থা রাখবেন।
4. বিষয়টির সম্পর্কিত একটি ভূমিকার সাহায্যে কার্টুন-এ-থন শুরু করুন এবং মানুষকে ভাবার অবকাশ দিন। অনুষ্ঠানটি সঞ্চালনা করুন হয় বক্তাদের বিষয়টি সম্পর্কিত অভিজ্ঞতা ভাগ করে নিতে তাদের আমন্ত্রণ জানানোর মাধ্যমে এবং/অথবা দর্শকদের মধ্যে প্রত্যেককে তাদের কোন একটি ভাবনা নিয়ে এগিয়ে আসার জন্যে।
5. অংশগ্রহণকারীদের কার্টুনের প্রাথমিক খসড়াগুলি দেখতে উৎসাহিত করার আগে সেগুলি প্রদর্শিত রাখুন এবং অন্যদের সঙ্গে কার্টুন সম্পর্কিত ওঁদের অভিজ্ঞতা এবং আকস্মিক উপলব্ধিগুলিকে ভাগ করে নিন।
6. এরপরে অংশগ্রহণকারীদের পূর্ণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানান এবং কার্টুনগুলির বিষয়ে ওদের ভাবনাচিন্তাগুলি নিয়ে আলোচনা করুন। পাশাপাশি, দর্শকদের প্রতিক্রিয়া অনুসারে কার্টুনিস্টকে বাস্তব সময়ে প্রারম্ভিক খসড়ায় সংশোধন করতে বলুন।

7. দর্শকের সামনে চূড়ান্ত কার্টুনগুলি তুলে ধরুন। মানুষ কি শিখল সে ব্যাপারে সংক্ষেপে ভাবনা চিন্তা করতে তাঁদের আমন্ত্রণ জানান। অনুষ্ঠান শেষ করার আগে কার্টুন শিল্পী এবং অংশগ্রহণকারীদের আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করুন।

8. সার্বজনীন এলাকায়, যেমন সরকারি বিল্ডিং বা সমাজ কেন্দ্রের রিসেপশন/হলে সেই কার্টুন টাঙিয়ে দিন এবং লোকেদের মতামত জানাতে বলুন।





# সুকৌশলী শহরীকরণ

রাস্তায় নিরাপত্তা, সার্বজনীন স্থল ব্যবহার এবং আরও নানা দীর্ঘ মেয়াদী লক্ষ্য সাধনের জন্য সারা পৃথিবীর শহরে বাসিন্দারা স্বল্প-কালীন, সাশ্রয়কর প্রকল্প ব্যবহার করছে।

'সুকৌশলে পরিকল্পিত নগরতন্ত্রবাদ' মানে সক্রিয় হয়ে কাজ করা। এই দীর্ঘকালীন পরিবর্তন ত্বরান্বিত করতে স্বল্প-মেয়াদী, অল্প-ব্যয় সাপেক্ষ এবং বিস্তারযোগ্য উদ্যোগগুলিকে কাজে লাগানোর মাধ্যমে নির্মিত পরিবেশের চ্যালেঞ্জের প্রতি শহর, সংগঠন – এবং/অথবা নাগরিক পরিচালিত দৃষ্টিকোণটিকে বোঝানো হয়েছে। সাময়িকভাবে পরিত্যক্তি পার্কিং স্থল ক্যাফেতে রূপান্তরিত করা; বেশি যান চলাচলের জায়গায় পথচারীর হাঁটার পথ রং করা; ফুটপাথের 'সবুজায়ন' করতে গাছপালার গামলা রাখা; এবং যেসব জায়গায় সুবিধাদি কম সেখানে পপ-আপ দোকান বসানো – ও আরও অনেক কিছু এর উদাহরণ হতে পারে।

## ধাপ

1. আপনার শহরের নির্মিত পরিবেশের সমস্যাগুলির খোঁজ করুন এবং যেগুলি তুলে ধরতে চান তার একটি সংক্ষিপ্ত তালিকা তৈরী করুন। একটি বেছে নিন এবং কিছু সৃজনশীল চিন্তাভাবনা মনে করে দেখুন যাতে অস্থায়ী কোন পরিবর্তনের দ্বারা সমস্যাগুলি মেটানো যায়। যেমন যে পাড়ায় অর্থনৈতিক পুনর্জাগরণের জন্য প্রয়োজনীয় অস্থায়ী দোকান ও ক্যাফে খুলে সজীবতা দেখাতে পছন্দ করতে পারে, বা কম ব্যবহৃত পার্ককে দাবা, চেকার/ড্রাফ্ট বা জেঙ্গার মত পূর্ণায়ত গেমে রূপান্তরিত করা যায় যাতে পরিবারের লোকজন খেলতে পারে। বিকল্পের শেষ নেই।

2. যথাযথ অংশীদার নিযুক্ত করুন যিনি আপনার এই সক্রিয়তাকে সমর্থন করবেন। যেমন স্থানীয় কর্তৃপক্ষ, সুশীল সমাজ সংস্থা এবং/অথবা সামাজিক দলসমূহ। খরচ কম করতে যেসব সহযোগী জিনিস দিয়ে যোগদান করতে পারে তাদের বিবেচনা করে দেখা সর্বদাই সমীচীন হবে।

3. অংশীদারদের সঙ্গে কর্মসূচীটির পরিকল্পনা করে নিন। একটি শহরের ব্লক, চত্বর, পার্কিং এর স্থান, ফুটপাথ বা অন্যান্য স্থান যেখানে অস্থায়ী পরিবর্তনগুলি করা সম্ভব। প্রয়োজনীয় অনুমতি নিন। এই বদলগুলি কতদিন থাকবে তা ঠিক করে নিন (সাধারণতঃ1–7 দিন থাকে); যে কাজগুলি সম্পূর্ণ করতে হবে তা তালিকাভুক্ত করুন এবং দলটিকে ধার্য করুন।

4. পদক্ষেপ নিন এবং অগ্রগতি নথিভুক্ত করুন। নতুন – চেহারায় সেজে ওঠা স্থানটিতে মানুষের মেলামেশার ছবি এবং ভিডিও পোস্ট করুন। স্থানীয় আধিকারিকদের নিজেদের চোখে দেখার জন্যে আমন্ত্রণ জানান।

5. ফলাফল নিয়ে অংশীদারদের সঙ্গে একত্রে চিন্তা করুন। পরিবর্তনগুলি আরো স্থায়ী করে তুলতে কিভাবে সমাজ এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে কাজ করতে হবে যাতে আপনার চিহ্নিত সমস্যাগুলি মেটানো যেতে পারে তা ভেবে দেখুন।

**সময়**
- প্রভেদ থাকে

**অসুবিধা**
- কম থেকে মাঝারি

**সংস্থান**
- কাজের উপর নির্ভর করে।

**অংশগ্রহণকারী**
- স্বেচ্ছাসেবী
- আর এইগুলিও থাকতে পারে:
- ব্যবসায় অংশীদার
- সুশীল সমাজের সংগঠন
- মিডিয়া

**অংশগ্রহণকারী সংখ্যা**
- 10–30

# কেস স্টাডি



**পপ-আপ কূলিং সেন্টারে সমবেত লুসাকা, জাম্বিয়ায় সমাজের সদস্য**
বেট্টিনা কোয়েলে

## লুসাকা, জাম্বিয়ায় তাপপ্রবাহে (heatwave) সুকৌশলে পরিকল্পিত শহুরেতন্ত্রবাদ

লুসাকা, জাম্বিয়ায় বেশ কয়েকজন সহযোগী নিয়ে একটি সুকৌশলে পরিকল্পিত শহুরেতন্ত্রবাদের প্রকল্প এবং কার্যত প্রয়োগ করা হয়: পীপল্স প্রসেস ফর হাউজিং অ্যান্ড পভার্টি ইন জাম্বিয়া; জাম্বিয়া বিশ্ববিদ্যালয়; FRACTAL – দক্ষিণ আফ্রিকার শহরগুলির জলবায়ু সহনশীলতা বাড়াতে একটি আন্তর্জাতিক গবেষণার প্রোগ্রাম; জাম্বিয়া রেড ক্রস সোসাইটি; জাম্বিয়া ইউথ ফেডারেশন; এবং লুসাকা সিটি কাউন্সিল।

রেড ক্রস রেড ক্রেসেন্ট ক্লাইমেট সেন্টার এবং সহযোগীদের দ্বারা তৈরি করা শহরের জন্যে তাপপ্রবাহের গাইড **হিটওয়েভ গাইড ফর সিটিজ** এবং অভিযানের উপাদান ব্যবহার করে এই সুকৌশলে পরিকল্পিত নগরতন্ত্রবাদের উদ্দেশ্য ছিল লুসাকায় মাত্রাধিক গরম সম্বন্ধে এবং মানুষের স্বাস্থ্যে তার প্রভাব কম করার জন্য যে জরুরী পদক্ষেপ নেওয়া প্রয়োজন সে বিষয়ে সচেতনতা বাড়ানো।

সুকৌশলে পরিকল্পিত নগরতন্ত্রবাদে এইগুলি ছিল: পথিকদের জন্যে চেয়ার, ছাতা এবং শীতল ফুট বাথ রাখা এবং তাপপ্রবাহের বিষয়ে এবং অতিরিক্ত গরমে কিভাবে সুরক্ষিত থাকা যায় সে বিষয়ে পরামর্শ দেওয়া; ভিড় একত্র করা এবং উৎসব মুখর পরিবেশ তৈরি করার জন্যে প্রথাগত ড্রাম ও নৃত্য পরিবেশন করা; শহরে তাপপ্রবাহের আশঙ্কা এবং এই রকম পরিস্থিতিতে প্রস্তুত থাকা ও যথাযথ পদক্ষেপ নেওয়া কেন জরুরী তা বোঝাতে মুক্তাঙ্গন থিয়েটার উপস্থাপনা; জাম্বিয়া ইউথ ফেডারেশনের স্ল্যাম পোয়েট্রি যাতে **হিটওয়েভ গাইড ফর সিটিজ**-এর মূল বার্তায় আলোকপাত করা হয়েছিল; এবং যারা অংশ নিচ্ছিলেন তারা সব সময় যেন সুরক্ষিত থাকে তা নিশ্চিত করার জন্যে নিরাপত্তা ব্যবস্থা।

## কাজ

কাজটি করা হয় 28 নভেম্বর 2019-এ লুসাকার একটি অপরিকল্পিত কলোনি-জর্জ কমপাউন্ডের বাজারে। জাম্বিয়া ইউথ ফেডারেশনের প্রথাগত ড্রাম ও নৃত্য পরিবেশনে প্রচুর লোক সমাগম হয়েছিল; এবং মুক্তাঙ্গন থিয়েটার ও স্ল্যাম পোয়েট্রি পরিবেশনেরও সবিশেষ প্রশংসা করা হয়েছিল। চেয়ার ও ফুট বাথ ঘিরে লোক প্রচুর হয়েছিল এবং শহরে তাপপ্রবাহ হলে কি করণীয় সেসব স্বেচ্ছাসেবীরা বুঝিয়ে দিয়েছিল।

**ভিডিওর জন্যে এই লিঙ্ক দেখুন :** https://vimeo.com/386715673

# কেস স্টাডি




© Norma Mardi




© Irene Coletto

## জটিল শহুরে সমস্যা এবং পরিবর্তনের অনুসন্ধান করতে কার্টুন-এ-থন

কার্টুন হাস্যকর হয়, আবার সুগভীর চিন্তা করার কারণও হতে পারে। তাই জটিল বিষয় সহজে বোঝাতে এবং চ্যালেঞ্জকে সামনে নিয়ে আসতে এইগুলি সাহায্য করতে পারে।

পরিবর্তনশীল অভিযোজন এবং সহনশীলতায় ফোকাস করে একটি প্রকল্প দল নিম্নোক্ত প্রশ্ন নিয়ে ভাবনা চিন্তা করতে জুলাই 2020-এ একটা কার্টুন-এ-থনের আয়োজন করেছিল:

- সিস্টেম-ব্যাপী হস্তক্ষেপ কাকে বলে?
- আমাদের জলবায়ুর প্রতি সহনশীলতার প্রয়াসে কিভাবে সমাজগুলিকে একত্র করা যায়?
- স্বল্প মেয়াদী চিন্তা ও মানসিকতা থেকে মত বদলাতে আমরা কিভাবে সাহায্য করতে পারি?

স্পেনের আন্দালুসিয়া অঞ্চল, ফ্রান্সের নুভেল-অ্যাকুইটেন অঞ্চল, ইটালিয়ান দোলোমাইট এবং স্কটল্যান্ডের গ্লাসগো অঞ্চল থেকে আঞ্চলিক প্রতিনিধি দলকে অংশ নিতে আমন্ত্রণ জানানো হয়েছিল।

সিস্টেমের সীমা কোথায় টানা দরকার, 'পরিবর্তনীয়'-এর মত অস্পষ্ট বিষয়ে কিভাবে কাজ করা যায়; এবং স্বল্পকালীন, নির্বাচন চক্রের নীতি ও পরিকল্পনার সীমাবদ্ধতা সত্ত্বেও দীর্ঘ মেয়াদী টেকসই পরিবর্তন কিভাবে করা যায়, আলোচনায় এইসব প্রশ্ন তোলা হয়েছিল।

তিনজন কার্টুনিস্ট অংশ নিয়েছিলেন, তারা নিজেদের কার্টুনে আলোচনার মূল বক্তব্য জানানো ছাড়াও অংশগ্রহণকারীদের কাছে যুক্তির প্রধান তথ্যগুলি তুলে ধরে তা নিয়ে চিন্তা করতে বলেছিলেন। তার পরে অংশগ্রহণকারীরা পরিবর্তনের পরামর্শ দেওয়ার সুযোগ পেয়েছিলেন এবং সেইমত কার্টুনিস্টরা নিজেদের আঁকা বদলেছিলেন। তার পরে সমষ্টিগত ভাবে তারা মূল চ্যালেঞ্জগুলি জানালেন যা এখন রেফারেন্স হিসাবে ব্যবহার করা যায়, ভাগ করে নেওয়া যায় এবং অর্থপূর্ণ পরিবর্তনের জন্যে আমূল পরিবর্তনের পাথেয় হতে পারে।

# স্বীকৃতি

ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট সোসাইটিজ, রেড ক্রস রেড ক্রেসেন্ট ক্লাইমেট সেন্টার, গ্লোবাল ডিসাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার, ওয়েটল্যান্ডস ইন্টারন্যাশনাল, এবং রিসার্জেন্স এবং জার্মান রেড ক্রস-এর একটি দল এই আর্বান অ্যাক্সন কিট প্রস্তুত করেছে।
**সম্পাদক:** রুপ সিং[1], জুলি অরিগি1,[2]

**মডিউল অনুসারে লেখক এই প্রকার:**
**শহুরে সমস্যা:** আয়নূর কাদিহাসানোলু[2,3], জুলি অরিগি[1,2], রুপ সিং[1]
**শহুরে কৃষি:** এলেন এঞ্জেলেস[3]
**শহুরে জল, পরিচ্ছন্নতা এবং সুস্বাস্থ্যবিধি:** রমীজ খান[1]
**প্রকৃতি-ভিত্তিক সমাধান:** স্যান্ড্রার কার্পেজ[4], এডি জেম্বে[1]
**বাসযোগ্য শহর:** রমীজ খান[1], জুলি অরিগি1,[2], রুপ সিং[1]
**অগ্রিম সতর্কীকরণ অগ্রিম পদক্ষেপ:** জেনিফার জয় চুয়া[5], বেকি ভেন্টন[5], রবার্ট পাওয়েল[5], সুনয়না সেন[5], থমাস স্মার্জিক[6]
**সৃজনশীল উপায়ে যোগাযোগ:** বেট্রিনা কোয়েলে[1], রুপ সিং[1], জুলি অরিগি[1,2], হানা সাইজলাভ[1]

[1]রেড ক্রস রেড ক্রেসেন্ট ক্লাইমেট সেন্টার
[2]গ্লোবাল ডিসাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার
[3]ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট সোসাইটিজ
[4]ওয়েটল্যান্ডস ইন্টারন্যাশনাল
[5]রিসার্জেন্স
[6]জার্মান রেড ক্রস

এই গাইডের দিশা নির্দেশ দেওয়া এবং/বা এর বিষয়বস্তু পুনর্বিচার করায় সহৃদয় সময় দানের জন্যে লেখকরা (বর্ণানুক্রমে) নিম্নোক্ত ব্যক্তিদের প্রতি কৃতজ্ঞ:

ওমার আবু সামরা, গ্লোবাল ডিসাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার; জেনিফার অকুমু, উগান্ডা রেড ক্রস সোসাইটি; ফার্নেল ক্যামফর, সাউথ আফ্রিকান রেড ক্রস সোসাইটি; ন্যান্সি ক্ল্যাক্সটন, ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট সোসাইটিজ; রাইমন্ড ডুয়্যেজসেন্স, দ্য নেদারল্যান্ডস রেড ক্রস সোসাইটি; কলিন ফার্নান্ডেজ, আমেরিকান রেড ক্রস; ব্রেন্ডা অভিলা ফ্লোরেস, মেক্সিকান রেড ক্রস; উল্ফগ্যাং ফ্রেডরিক, জার্মান রেড ক্রস; বনি হাস্কেল, গ্লোবাল ডিসাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার; ন্যামবিরি কিমাচা, ওয়ার্ল্ড ব্যাঙ্ক; ইরিন লুই, হং কং রেড ক্রস; গ্রেস মওয়ালা, তাঞ্জানিয়া রেড ক্রস সোসাইটি; দুষ্যন্ত মোহিল, SEEDS ইন্ডিয়া; ইয়ান ও'ডোনেল, ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস অ্যান্ড রেড ক্রেসেন্ট সোসাইটিজ; সিরাক তেমেসজেন, দ্য নেদারল্যান্ডস রেড ক্রস; আয়ুব স্বাহা, উগান্ডা রেড ক্রস সোসাইটি; গাভিন হোয়াইট, আমেরিকান রেড ক্রস; এমি উলক্স, রিসার্জেন্স।

অ্যালেক্সা উইন্টারের সহযোগিতায় সারাহ টেমপেস্ট এই গাইড কপিএডিট করেছেন।
এসটার সারোদি এর নকশা তৈরি করেছেন।
অ্যানি উইলকিনসন চিত্রণ করেছেন।
আমেরিকান ল্যাঙ্গোয়েজ সার্ভিসেস অনুবাদ পরিষেবা দিয়েছে।
ক্লাইমেট -KIC এই গাইডের বিকাশে অর্থ সংস্থান করেছে এবং EU ফ্রেমওয়ার্ক প্রোগ্রাম ফর রিসার্চ অ্যান্ড ইনোভেশনের, হরাইজন 2020-এর অধীন ইয়োরোপিয়ান ইউনিয়নের সংগঠন ইয়োরোপিয়ান ইন্সটিটিউট অফ ইনোভেশন অ্যান্ড টেকনলজির কাছ থেকে অর্থ সংস্থান পেয়েছে।
অর্থ এবং দ্রব্য সহায়তা দিয়ে এই গাইডে দ্য নেদারল্যান্ডস রেড ক্রস, জার্মান রেড ক্রস, গ্লোবাল ডিসাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার এবং পার্টনার্স ফর রেসিলিয়েন্স অতিরিক্ত সহায়তা করেছে।



কন্টেন্ট নির্মান করেছেন:

Climate Centre
Global Disaster Preparedness Center
IFRC
RESURGENCE
Wetlands International

ব্যয়ভার গ্রহণ করেছেন:

Climate-KIC
The Netherlands Red Cross
german humanitarian assistance
German Red Cross
PARTNERS FOR RESILIENCE